


Vol. 44 | No. 1 | 2000

Check for updates

# সাহিত্য পত্রিকা

journal.bangla.du.ac.bd

## বাংলা ভাষায় আরবি-ফারসি-তুর্কি-হিন্দি (উর্দু) শব্দের অভিধান (দ্বিতীয়াংশ)

| | |
|---|---|
| Volume | 44 |
| Issue | 1 |
| Year | 2000 |
| ISSN | 0558-1583 |
| eISSN | 3006-886X |
| Author(s) | কাজী রফিকুল ইসলাম |
| Published online | October 1, 2000 |
| DOI | 10.62328/sp.v44i1.7 |
| Link to article | https://doi.org/10.62328/sp.v44i1.7 |
| Pages | 103-172 |
| Publisher | University of Dhaka |
| Copyright | সাহিত্য পত্রিকা |
| Designed and Developed by | Zobayer Abdullah |

Check for updates

# বাংলা ভাষায় আরবি-ফারসি-তুর্কি-হিন্দি (উর্দু) শব্দের অভিধান

কাজী রফিকুল হক*

[গত সংখ্যার পর]

**খাতির, খাতের**—১বি. কারণ, নিমিত্ত, জন্য (দুধ নাহি খায় লাড়কা কিসের খাতির—হামজা; সত্যের খাতিরে এ কথাও স্বীকার করতে হয়—প্রেমেন্দ্র)। ২বি. সমাদর, কদর, যত্ন (নজ্‌দিকে বসায় তারে খাতির করিয়া— হামজা)। ৩ক্রি-বিণ. সম্মানার্থ, সম্মানহেতু (আপনার খাতিরে তাকে মাফ করলাম)। ৪বি. সৌহার্দ্য, প্রীতিপূর্ণ সম্পর্ক (আমার সঙ্গে খাতির জমেছে কলকাতা থেকেই— মনোজ)। ৫বি. অন্তঃকরণ, মন। ৬বি. প্রতি, নিকট, কাছে (পুছিতে লাগিল বাত দোহার খাতের—হামজা)। ৭বি. প্রভাব, দৌলত (টাকার খাতিরেই অনেক ফেরফোর হয়—টেকচাঁদ)। [খাতির خاطر আ.]। **খাতির-দারি, খাতেরদারী**—বি. সমাদর, আপ্যায়ন (খেলাত দিয়া খাতিরদারিতে সে দিবস বাসায় বিদায় করিল—রামরাম; করিল খাতেরদারি তাহা সবাকার—হামজা)। **খাতির তোয়াজ, খাতির তোয়ায**—১বি. সম্প্রীতি ও শিষ্টতা। [খাতির তওয়াযূ' خاطر تواضع আ.]। **খাতির নদারৎ, খাতির নাদারদ**—১বি. যে কাউকে খাতির করে চলে না (বিবিজানের সঙ্গে একত্রে বসেই চলেছেন খাতির নদারৎ— টেকচাঁদ)। ২বি. স্পষ্ট বক্তা, নিরপেক্ষ সমালোচক। [—নদারদ্ ندارد ফা.]।

**খাতুন**—১বি. মহিলা (কোন্ খাতুনের মুখ-সরোজ তোর হিয়ার সরসীতে—নজরুল)। ২বি. গৃহিণী। ৩বি. মুসলিম মহিলাদের নামের শেষে ব্যবহৃত উপাধি। [খাতুন خاتون তু.]। **খাতুনে জান্নাৎ**—বি. বেহেশ্‌তের রানী, হযরত ফাতিমা (রাঃ)। (খাতুনে-জান্নাৎ ফাতেমা-জননী—নজরুল)। [—জান্নাত جنت আ.]।

**খাতিমা, খাতেমা**—১বি. সমাপ্তি। ২বি. পরিণাম, মৃত্যু। [খাতিমঃ خاتمه আ.]। **খাতিমা-বিল্-খয়র**—শুভ সমাপ্তি, শুভ পরিণাম। [ خاتمه بالخير আ.]।

**খাদা**—বি. পাথর বা কাঠ নির্মিত গামলা জাতীয় পাত্রবিশেষ। [কুদ্‌হ্ قدح আ.]।

**খাদি**—দ্র. **খদ্দর**।

* অবসরপ্রাপ্ত অধ্যক্ষ, সরকারি বি. এল. কলেজ, খুলনা।

**খাদিম**—দ্র. **খাদেম**।

**খাদেম, খাদিম**—১বি. যে খেদমত করে, সেবক, ভৃত্য (খাদেম গেরদ্‌য় ঠেশ দিয়া দোকানে বসিল—নজিবর)। ২বি. সেবাইত (দরগার খাদেম)। চিঠিপত্রের শেষে অনেক সময় বিনয় প্রকাশার্থ নামের পূর্বে খাদেম লেখা হয়। [খাদিম্ خادم আ.]। **খাদেমদার, খাদিমদার** — বি. খাদ্য পরিবেশক। **খাদেমদারী, খাদিমদারী** —বি. পরিবেশন। **খাদেমা, খাদিমা** —১বি. সেবিকা, পরিচারিকা। ২বি. উপপত্নী।

**খান১, খাঁ১**—বি. পাঠানদের উপাধি, মুসলিমদের সম্মানসূচক উপাধিবিশেষ। [খান্ خان ফা., ক্বাআন قاآن তু.]। **খাঁসাহেব, খান সাহেব, খাঁবাহাদুর, খানবাহাদুর**—বি. ইংরেজ আমলের সরকার কর্তৃক প্রদত্ত সম্মানসূচক উপাধি।

**খান২, খাঁ২**—বি. অভিজ্ঞ, জ্ঞানী, পাঠক,-বিদ। [খাঁ خوان ফা.]।

**খানকা১, খান্‌কাহ্**—১বি. বৈঠকখানা (পুরানো সেই খান্‌কা এখন মলিন মুখে কাটায় দিন—মোস্তফা)। ২বি. পীরের আস্তানা (পরীবাগের খানকাশরীফ)। [খানকাহ্ خانقاه আ. খানগাহ্ خانگاه ফা.]।

**খানকা২, খানোকা, খানাকা, খান্‌খা, খানোখা, খানাখা**—দ্র. **খাম্‌খা**।

**খানকাহ্**—দ্র. **খানকা১**।

**খানকী**—বি. বারাঙ্গনা, বেশ্যা। [খান্‌গী خانگی ফা.]। **খানকীবাজ**—বি. বেশ্যা-সক্ত। [— باز ফা.]। **খানকীবাজী**—বি. বেশ্যাসক্তি, লাম্পট্য, বেশ্যাগামিতা। [—বাযী بازی ফা.]।

**খানখানান**—১বি. উচ্চ উপাধিবিশেষ। ২বিণ. মহাসম্মানিত, সম্মানিতদের ভিতরে শ্রেষ্ঠ (সিপাহ্‌সালার খান খানান মহব্বত জং—পরশু)। [খান-ই-খানান্ خان خانان ফা.]।

**খান্‌চা**—দ্র. **খাঞ্চা**।

**খানদান, খান্দান**— ১বি. বংশ (তাইমুর খান্দানের এ-অবমাননা একেবারেই অসহ্য—শিরাজী; আমাদের খান্‌দানে ধরগে তোমার কেউ কোনকালে চাকরী কল্লেনা—ইমদাদ)। ২বি. উচ্চ বংশ। ৩বি. বংশধর (হাতেম তাইয়ের হে খান্দান—সত্যেন্দ্র)। ৪বি. তরিকা, সাধনপথ (হানাফী মোয্‌হাব ধরে চিস্তি খান্দান— দৌলত)। [খান্‌দান্ خاندان ফা.]। **খানদানি, খানদানী, খান্দানী**—১বিণ. বংশমর্যাদাযুক্ত, বংশ-গৌরববিশিষ্ট (আরবের যত খান্দানী ঘরে — নজরুল)। ২বিণ. অভিজাত, উচ্চ বংশীয় (তিনি খানদানী মনিষ্যি—পরশু)। ৩বিণ., বি. বংশজ, বংশধর (বাবরশাহের খান্দানীরা আজকে শুনি রেঙ্গুনে দপ্তরী—সত্যেন্দ্র)।

**খানবাহাদুর**—দ্র. **খান১**।

**খানম, খানুম**—১বি. স্ত্রী. খানের স্ত্রী, খানপত্নী। ২বি. স্ত্রী, মহিলা। ৩বি. উচ্চ পদ- মর্যাদাসম্পন্ন মহিলা (বিবি খানমের মূর্তিটি বিশ্ব প্রহ্লাদিনী ঊষার ন্যায় মনোহারিণী—শিরাজী)। ৪বি. মুসলিম মহিলাদের নামের শেষে ব্যবহারের পদবী। [খানুম, খানম خانم তু.]।

**খানসামা**—বি. আহার পরিবেশনকারী ভৃত্য, পরিচারকবিশেষ (তার পূর্বে আমার খানসামা একবাটি ঘন দুধের চা নিয়ে এলে ভাল হয়—অবনীন্দ্র; হাকিম সাহেবের প্রিয় খানসামা রাম হরি … হাজির হইল—মশাররফ)। [খান خان + সামান سامان ফা.]। **খানসামাগিরি**—বি. খানসামার পদ বা কার্য।

**খানসাহেব**—দ্র. **খান১**।

**খানা-খন্দ**—বি. খাদ, নীচুভূমি, গর্ত। [খানা cana পো.+ কন্দাহ্ کنده ফা.]।

**খানা১**—বি. গৃহ, স্থান, কক্ষ, গরীবখানা (পড়ব মগ্‌রেবের নামাজ কবে খানায়ে-কাবায়—নজরুল)। [খানহ্ خانه ফা.]। **খানাতল্লাস, খানাতল্লাসী**— বি. গৃহে অনুসন্ধান, search। **খানাবাড়ি**—বি. জমিদারের বসতবাড়ির সংলগ্ন বাড়ি ও জমি। **খানাশুমারি**—১বি. বাড়ি-গণনা। ২বি. আদমশুমারি, census। [খানহ্ خانه + শুমারী شماری ফা.]।

**খানা২**—বি. খাদ্য, আহার্য (আজ কিরূপ খানা প্রস্তুত করিতে হইবে?—রবীন্দ্র)। ২বি. মুসলমানি বা বিলাতি ধরনের খাদ্য (সাহেবের মেজের সজ্জা এবং খানা ও টিফিন খাওয়া দেখিয়া…—ভবানী)। ৩বি. বৃহৎ ভোজ (হাজার লোকের খানা করা হইয়াছিল— ইমদাদ)। [খানা کھانا উ.হি.]। **খানাদানা, খানাপিনা**— বি. পান- ভোজন, খাওয়াদাওয়া (খানাদানা না হলে বাড়ী সরগরম হয়না—ওয়ালি; সাত রোজ মোর ঘরে খানাপিনা নাই—ভারত)। [দানাহ্ دانه ফা., পীনা پینا হি.]।

**খানাজাদ**—দ্র. **খানেজাদ**।

**খানুম**—দ্র. **খানম**।

**খানেকাবা**—বি. কাবাগৃহ (মুক্তি এনেছি খানে কাবার—মোস্তফা)। [খানহ্ خانه ফা. -ই+কা'বা کعبه আ.]।

**খানে খারাব, খানে খারাপ**—১বিণ. ধ্বংস, নিপাত, উৎসন্ন। ২বিণ. একশেষ, নাকাল, হয়রান (খানার পোশাকের কায়দাকানুন কস্ত করতে নাস্তানাবুদ খানেখারাপ হতে হয়—প্রমথ)। [খানহ خانه ফা. খরাব্ خراب ফা.]। বি. **খানেখারাবি, খানে খারাপি, খানেখারাবে, খানে খারাপে**— বিণ. সর্বনেশে।

**খানেজাদ, খানাজাদ, খনেজাদ**—১বিণ. গৃহে জাত, বাড়িতে জন্মেছে এরূপ (আমি আপনার খানেজাদ গোলাম—মশাররফ)। ২বিণ. ঘরোয়া। ৩বি. বান্দা, ভৃত্য, চাকর-নফর; বান্দীর বাচ্চা (আলাওল মল্ল ঢালী চেলা খনেজাদ—ভারত) [খানহ্ خانه ফা. + যাদ زاد ফা.]।

**খান্দান, খান্দানী**—দ্র. **খান্‌দান্**।

**খান্নাস, খন্নাস**—১বি. শয়তান (খান্নাসের অশুভ মন্ত্র দিয়ে বনী-আদমেরে ফেলে মৃত্যুর ফাঁদে— তালিম)। ২বিণ. ধূর্ত, দুষ্ট। ৩বিণ. কুপ্ররোচনাদানকারী [খন্‌নাস خنّاس আ.]।

**খাপসুরৎ** —দ্র. **খুবসুরৎ**।

**খাপা, খাপ্পা, খপ্পা, খফা**—বিণ. ক্রুদ্ধ, ক্ষিপ্ত (ক্রুদ্ধ মূর্তি দেখিয়া শৈলেন অত্যন্ত খাপা হইয়া উঠিল—রবীন্দ্র; তিনি বিনা কারণে যখন তখন খাপ্পা হইয়া উঠিতেন....—সুকুমার; বাকিটুকু না শুনলে খাপ্পা হবে ধরমরাজ—অবনীন্দ্র)। [ خفا আ.]।

**খাব**—দ্র. **খোয়াব**।

**খাবসুরত**—দ্র. **খুবসুরৎ**।

**খাবিন্দ, খামেন্দ, খাওন্দ**—১বি. প্রভু, মালিক (দীনের খাবিন্দ সেরা হজরত রসুল—হামজা)। ২বি. স্বামী (বেগর খামেন্দ নারী নেক যদি থাকে আল্লার আলম তবু বদ কহে তাকে—হামজা)। [খাবিন্দ্ خاوند ফা.]।

**খাম১**—বি. চিঠিপত্রাদির আবরণ, আচ্ছাদন, লেফাফা। [খাম خام ফা.]।

**খাম২**—বি. (ঘরের) বাঁশের বা কাঠের খুঁটি স্তম্ভ, থাম (গোয়ালঘরের খাম থুয়ে তার চাল সে নিল টানি— জসীম)। [খম্‌বা کھمبا হি., উ.]।

**খাম৩**— ১বিণ. কাঁচা, অপক্ব। ২বিণ. অপরিণত, অপূর্ণ (খামখেয়াল)। ৩বিণ. বৃথা, বেকার। ৪বিণ. নষ্ট, বিকল। [খাম্ خام ফা.]।

**খাম্‌কা, খামখা, খাহ্‌মখাহ্ খামাখা, খামোকা, খামোখা, খান্‌কা, খানোকা, খানাকা, খানখা, খানোখা, খানাখা**—১ক্রি-বিণ. হঠাৎ, আকস্মাৎ (খামকা আজ একটা বিপদ ঘটত— রবীন্দ্র)। ২ক্রি.বিণ. অযথা, অনর্থক, অকারণে (একথা অস্বীকার করে খামোখা মিথ্যেবাদী হতে যাব কেন?—মুজতবা; খামখা কাজী, শুষ্ক তোমার শাস্ত্র ঘেঁটে— নজরুল; সবাইকে খামকা বেকায়দা তঙ্গ করবে? —মুজতবা; খান্‌কা নাচবে কেন গো—বঙ্কিম)। [খাহ্‌মখাহ্ خواه مخواه ফা.]।

**খামখেয়াল, খামখিয়াল**— ১বি. চঞ্চল, তিক্ততা, অস্থির মতি, অপরিণত বা কাঁচা খেয়াল। ২বি. অদ্ভুত বা উদ্ভট বা অস্বাভাবিক খেয়াল বা ইচ্ছা, আজগুবি খেয়াল। ৩বি. মর্জি, খেয়াল-খুশি। ৪বি. অকারণ বা অযৌক্তিক ইচ্ছা বা কল্পনা, কল্পনাবিলাস। ৫বিণ. অস্থিরচিত্ত, কল্পনা-বিলাসী। [খাম্ خام ফা.+খিয়াল خيال আ.]। **খামখেয়ালি, খাম-খেয়ালী, খাম খিয়ালী**—১বি. অস্থির মতিত্ব (ত্যাগ করো এই খামখেয়ালী—নজরুল)। ২বিণ. অকারণ বা অযৌক্তিক খেয়ালখুশি মতো চলা যার স্বভাব। বি. **খামখেয়ালীপনা**।

**খামছ**—বিণ. পাঁচ, পঞ্চ (খামছ পাঁচেরে বলে আরবের লোকে—আলাওল)। [খম্‌স্ خمس আ.]

**খামাখা**—দ্র. **খাম্‌কা**।

**খামার**—১বি. মাঠ হতে শস্য এনে রাখবার ও ঝাড়াই মাড়াই করবার স্থান, গোলাবাড়ি, শস্য মাড়াইয়ের স্থান, শস্যাঙ্গন (এক কুক্কুট স্বীয় শাবকদিগের নিমিত্ত খামারে

আহারের অন্বেষণ করিতেছিল—বিদ্যা)। ২বি. চাষের উপযোগী জমি (চায় তারা ফসলের ক্ষেত দীঘি ও খামার—বিষ্ণু)। [তুল. খির্‌মন خرمن ফা.]। **খাস খামার**—বি. জমিদারের খাস দখলীভূত জমি, প্রজাদের মধ্যে যে-জমি বিলি করা হয়নি। [খাস خاص আ.+ خرمن ফা]।

**খামির, খমির, খমীর, খামি, খামিরা খাম্বিরা, খাম্বীরা**—১বি. জিলাপি, অমৃতি প্রভৃতি মিঠাই প্রস্তুত করার উপকরণ, গাঁজ। ২বি. গাঁজ্‌লা। ৩বি. মসলাযুক্ত সুগন্ধি তামাকবিশেষ (বুড়ি বউ সাজা খামিরা তামাক টেনেছেন খুব কষে—বন্দে)। [খমীরহ্ خميره আ.]।

**খামিরা**—দ্র. **খামির**।

**খামুশ**—দ্র. **খামোশ**।

**খামেন্দ**—দ্র. **খাবিন্দ**।

**খামোকা, খামোখা**—দ্র. **খাম্‌কা**।

**খামোশ, খামুশ**—১অব্য. চুপ থাকিবার নির্দেশ, স্তব্ধ হও, চুপ থাক। ২বিণ. নীরব, নিঃশব্দ (খামোশ রোদন...—নজরুল)। বি. **খামোশী**। [খামূশ خاموش ফা.]।

**খাম্বা, খম্বা**—বি. স্তম্ভ, থাম, মোটা খুঁটি (গগন মন্দির শুন্যে কৈল স্থির বিনা রুয়া তীর খাম্বা—হেয়াত)। [খম্‌বা کھمبا উ.]।

**খাম্বিরা, খাম্বীরা**—দ্র. **খামির**।

**খায্‌না**—দ্র. **খাজনা**।

**খায়রাত**—দ্র. **খয়রাত**।

**খায়েশ, খায়েস, খাইশ, খাহেশ, খাহেস, খাহিশ**—১বি. ইচ্ছা, আকাঙ্ক্ষা (তখ্‌ত্‌ তাউস কোহিনূর করো নাই খায়েশ—নজরুল; মুসাফির হয়ে খাহেশ জানাই রাত্রিযাপন লাগি—আহসান)। ২বি. বাসনা, কামনা, অভিলাষ (বহুত খায়েস রাখি ফের দেখিবার—হামজা)। ৩বি. শখ, সাধ। [খ্বাহিশ خواهش ফা.]।

**খারাও**—দ্র. **খড়ম**।

**খারাপ, খারাব**—১বিণ. মন্দ, বদ, নষ্ট, দুষ্ট (মুই তোমাকে খারাব করলাম—টেকচাঁদ)। ২বিণ. অশুভ, মন্দ (বদ-নসীবের বরাত খারাপ)। ৩বিণ. অশ্লীল, অভদ্র, গর্হিত (খারাপ ছেলে)। ৪বিণ. অকেজো, অব্যবহার্য। ৫বিণ. পয়মাল, বরবাদ (অনেক শরাব খারাব হল অনেক সাকীর ভাঙলো বুক—নজরুল)। ৬বিণ. বিকৃত, বিনষ্ট (তরকারিটা খারাপ হয়ে গেছে)। ৭বিণ. রুক্ষ, উগ্র (খারাপ মিযাজ)। ৮বিণ. দুশ্চিকিৎস্য ও সংক্রামক, কঠিন (খারাপ রোগ)। ৯বিণ. বিমর্ষ, নিরুৎসাহ, দুঃখিত (মন খারাপ)। ১০বিণ. অনুদার, সংকীর্ণ, (খারাপ মন)। ১১বিণ. অপরিষ্কার, নোংরা। ১২বিণ. অসুস্থ (শরীরটা আজ খারাপ)। ১৩বিণ. বিকারগ্রস্ত, অপ্রকৃতিস্থ (মাথা খারাপ)। ১৪বিণ. ভেজালমিশ্রিত, অবিশুদ্ধ (খারাপ ঘি)। ১৫বিণ. অসৎ, সমাজের অননুমোদিত বা নিষিদ্ধ (খারাপ পথ)। ১৬বি. কু, মন্দত্ব, অসারল্য, কুটিলতা (মনের মধ্যেই খারাপ)। [খরাব خراب আ.]। **খারাপ নজর**—১বি. কোন কোন লোকের মতে ভূত-প্রেত জ্বিন-পরীর দৃষ্টি—যার ফলে জ্বিন-পরীর প্রভাব বা ভূত প্রেতের ভর বা অধিষ্ঠান হয় (ছেলেটার উপর খারাপ নজর পড়েছে)। ২বি. লোভী, বিদ্বেষী বা দুষ্ট লোকের কুদৃষ্টি (দুষ্ট লোকের খারাপ নজর লেগে তার

অমন সুন্দর স্বাস্থ্যবান শরীর দিন দিন শুকিয়ে যাচ্ছে) [—নযর نظر আ.]।

**খারাবি, খারাবী, খারাপি**—১বি. অনিষ্ট, ক্ষতি, অহিত (হত লাখো খারাবী তার শারাব নিয়ে নিরবধি— নজরুল)। ২বি. অপচয় (আর কিছু না, জিনিসের খারাবি)। ৩বি. সর্বনাশ, চরম দুর্দশা বা দুরবস্থা। ৪বি. বদমায়েশি। [খরাবী خرابی আ.]। **খুনখারাবি, খুনখারাব, খুনখারাপি**—বি. হত্যাকাণ্ড সংঘটিত হওয়ার মত মারামারি, হানাহানি, দাংগা-হাংগামা।

**খারি, খারী**—১বি. শস্য মাপার পাত্রবিশেষ। ২বি. শস্য. হৈমন্তিক শস্য, শারদীয় শস্য। [খরীফ خریف আ.= শরৎকাল, শারদীয় শস্য]।

**খারিজ**—১বিণ. বাতিল, অগ্রাহ্য। ২বিণ. পরিত্যক্ত। ৩বিণ. পরিবর্তিত। ৪বি. বর্জন (নাবালক পক্ষে যে অছি আছেন সে অছিঅতি হইতেও খারিজের দরখাস্ত করিবে—মশাররফ)। ৫বি. অগ্রাহ্যকরণ। ৬বি. পরিবর্তন। ৭বিণ. বর্জিত, বাদ (অন্ততঃ পর্দার ভিতরেও একটু নড়ে চড়ে বেড়াবার দখল হতে খারিজ হয়ে যাইনি—নজরুল)। [খারিজ خارج আ.]। **খারিজ দাখিল**—বি. ক্রয়-বিক্রয় মঞ্জুর করে ক্রেতাকে প্রজা স্বীকার করা ( কেহ বলে আমার জমির খারিজ দাখিল হয় নাই আমি তার সেলামী দিতে পারিবনা—টেকচাঁদ)। **খারিজা**—বিণ. যা খারিজ করা হয়েছে। **খারিজা-তালুক**—বি. যে-তালুকের রাজস্ব সোজাসুজি কাল্‌েকটারিতে দাখিল করতে হয়। [—তা'আল্লুক্ব تعلق আ.]।

**খারিজি, খারিজী**—বি. হযরত আলী-র বিরোধী সম্প্রদায় বিশেষ (মারিব তোমার বৈরী রণের মাঝার, খারিজী সহিত আজি কর মহামার— হেয়াত)। [খারিজী خارجی আ.]।

**খারিফ**—বি. হৈমন্তিক ফসল। [খরীফ خریف আ.]।

**খারিজীন, খারেজীন, খারেজিন**—বি. সমাজ বা ধর্ম হতে বহিষ্কৃত ব্যক্তিবৃন্দ (রোয়ে 'ওয়্যা হোবল্' ইবলিস খারেজিন—নজরুল)। [খারিজীন خارجین আ. এক. خارجی (খারিজী)]।

**খারেজী**—বিণ. সরকারি শিক্ষাব্যবস্থার বহির্ভূত দেওবন্দের নেছাব বা পাঠ্য তালিকা অনুসারে পরিচালিত (একটি খারেজী মাদ্রাসা চলিয়া আসিতেছিল—মনসুর)। [খারিজী خارجی আ.]।

**খারে দযযাল**—দ্র. **খর-দর্‌জাল**।

**খালকাত**—বি. সৃষ্টি, জনতা [খিল্‌ক্বত خلقة আ.]।

**খালসা$_১$**—১বি. গুরুগোবিন্দের অনুসারী শিখ সম্প্রদায়। ২বিণ. অকৃত্রিম. বিশুদ্ধ, খাঁটি, পবিত্র। [খালিসহ্ خالصة আ.]।

**খালসা$_২$, খালিসা**—১বি. সরকারি রাজস্ব বিভাগের দফ্‌তর (হুকুম হইলে কর্জদান করিয়া গোলাম এ টাকা খালিসা দাখিল করে—রামরাম)। ২বি. খাস মহল। ৩বি. প্রধান রাজস্ব আদালত। [খালিসহ্ خالصة আ.]।

**খালা**—বি. স্ত্রী. মায়ের বোন, মাসী। [খালহ্ خاله আ.]।

**খালাস, খলাস**—১বি. মুক্তি, ছাড় (কাল সন্ধ্যা বেলা জেল হইতে খালাস পাইয়াছি—রবীন্দ্র)। ২বিণ. মুক্ত, উদ্ধার (আপনাকে কয়েদ হইতে খালাস করিব—মশাররফ)। ৩বিণ. দায়মুক্ত (মা তো ব'লে খালাস—পরশু; তুমি তো আমার ঘাড়ে চাপিয়েই খালাস হলে—মশাররফ)। ৪বিণ. ভারমুক্ত (আমি সরল ভাষায় সকল কথা বলিয়া খালাস—বিদ্যা)। ৫বি. কারামুক্তি, বন্ধনমোচন (খালাসের চেষ্টা করিতে প্রবর্ত্ত হইল—রামরাম)। ৬বি. রেহাই, নিষ্কৃতি, অব্যাহতি (শ্যামলাল একটু ধমক খাইয়াই খালাস পাইল—সুকুমার)। ৭বি. প্রসব। ৮বিণ. বিযুক্ত, বিরত (ধন হন্তে মন যদি করিল খালাস—আলাওল)। ৯বিণ. খালি, শূন্য (গুদাম খালাস করা)। ১০বি. ছাড়ান (ভি.পি. খালাস)। ১১ বিণ. শেষ, খতম। [খলাস خلاص আ.] **খালাসপত্র**—বি. ছাড়পত্র মুক্তিপত্র, মুক্তিনির্দেশক পত্র। [—আ. +পত্র]।

**খালাসি, খালাসী**—১বি. জাহাজাদিতে মাল খালাসের জন্য নিযুক্ত শ্রমিক (ঠেলা জাহাজের খালাসী বলিয়া আমরা তাহাদিগকে আমলে আনি নাই—মাহবুব)। ২বিণ. মুক্তি সূচক (খালাসী পরওয়ানা)। [খলসী خلاصی আ]।

**খালি, খালী**—১বিণ. শূন্য, রিক্ত, শুধু (খালি পেট)। ২বিণ. অনাবৃত, আবরণহীন (খালি মাথা, খালি পা)। ৩বিণ. ফাঁকা (খালিঘর, খালিমাঠ)। ৪ক্রি.-বিণ. শুধু, কেবল (খালি পানি খাবো)। ৫ক্রি-বিণ. ক্রমাগত, অনবরত (খালি বক্‌বক্ করছে কেন সে?) **খালিখালি**—১ক্রি-বিণ. অনর্থক, অকারণ, শুধু (খালিখালি কথা শুনলাম)। ২বিণ. শূন্যপ্রায়, প্রায় ফাঁকা, যেন ফাঁকা এরূপ (বাড়িটা খালি খালি মনে হচ্ছে)। [খালী خالی আ.]।

**খালিস**—দ্র. **খালেস**।

**খালিসা**—দ্র. **খালসা২**।

**খালী**—দ্র. **খালি**।

**খালু**—বি. খালার স্বামী। [খালু خالو আ.]।

**খালেস, খালিস**—বিণ. বিশুদ্ধ, খাঁটি, নির্ভেজাল (খালেস দিলের তওবা আইজো আল্লাহ্ কবুল করে—মনসুর)। [খালিস خالص আ.]।

**খাস**—১বিণ. আসল, খাঁটি, বিশুদ্ধ (যদি আমি খাস হিন্দীতে বাৎ চালাইতে পারিতাম—রবীন্দ্র)। ২বিণ. বিশেষ (বসরার খাস খাস কোন্ জিনিস কিনিতে পাওয়া যায়—নাহার)। ৩বিণ. স্বকীয়, নিজস্ব (খাস কামরা)। ৪বিণ. সরকারের অধিকারভুক্ত (খাসমহল)। [খাস خاص আ.]। **খাস-কামরা**—১বি. নিজস্ব ঘর। ২বি. আদালতের বিচারকদের বিশ্রামাগার। [—আ.+ Camara পো.] **খাসদখল**—১বি. ভূস্বামীর নিজস্ব অধিকার। ২বি. প্রজার দখল উপেক্ষা করে জমিদারের নিজস্ব অধিকার স্থাপন। [—আ.+দখল دخل আ.] **খাসমহল, খাস মহাল**—১বি. যে মহাল বা মৌজা প্রজাকে বিলি না ক'রে জমিদার বা রাজসরকার সরাসরি নিজ তত্ত্বাবধানে রাখে। ২বি. নিজস্ব আবাস (চল আমার খাস্‌মহলে মহল-আলো অপ্সরী—সত্যেন্দ্র)। [—আ.+ মহল محل আ.]।

**খাসদান**—পানের খিলি রাখার সুদৃশ্য পাত্র বিশেষ (পানের খাসদান ছিল—মশাররফ)। [খাস خاص আ. + দান دان ফা.]।

**খাসনবিশ, খাস নবীশ, খাস নবীস**—বি. শাসনকর্তা বা তার সমপর্যায়ের কর্মচারীর ব্যক্তিগত কার্য পরিচালক, Private secretary। [খাস خاص আ.+ নবীস نویس ফা.]।

**খাস বরদার**—বিণ. বি. যে-বিশিষ্ট সৈন্য বন্দুক নিয়ে আগে চলে, আসা-সোঁটাধারী লাল পোষ খাস দরবার—ভারত। [খাস আ.+ বরদার بردار ফা.]।

**খাসলত**—বি. স্বভাব, আচরণ, অভ্যাসাদি, habit। [খস্‌লত خصلت আ.]।

**খাসা**—১বিণ. উৎকৃষ্ট (খাসা মখ্‌মলী পাদুকা পাত্র— মানিক)। ২বিণ. চমৎকার, উত্তম (খাসা মেয়ে—কেদার)। ৩বিণ. উপাদেয়। ৪ক্রি-বিণ. বেশ, দিব্যি। [খাসহ্‌ خاصه আ.]।

**খাসি, খাসী**—১বি. অণ্ডহীন ছাগ, ছিন্নমুষ্ক ছাগল (খাসির মাংসেত বিষ আনিয়া মাখিল—সুলতান)। ২বিণ. অণ্ডহীন, ছিন্ন মুষ্ক (খাসি ভেড়া, খাসি মোরগ)। [খস্‌সী خصی আ.]।

**খাসিয়ত**—১বি. গুণ। ২বি. স্বভাব, প্রবণতা। ৩বি. বিশেষত্ব। [খাসিয়ত্‌ خاصية আ.]। **খোখাসিয়ত**—বি. স্বভাব চরিত্র। [খূ خو ফা.—]

**খাসী১**—দ্র. **খাসি**।

**খাসী২**—বিণ. অতি উত্তম, চমৎকার (পাঠান মাথা নাড়িয়া বলিয়া উঠিল, 'বাহ্‌বা ! খাসী! —রবীন্দ্র)। [খাসহ্‌ خاصه আ.+ঈ বাং]।

**খাস্তগীর**— ১বি. প্রার্থী, আবেদনকারী। ২বি. উপাধি বিশেষ। [খাস্তগার خواستگار ফা.]।

**খাস্তা**—১বিণ. উৎকৃষ্ট, উত্তম। ২বিণ. প্রচুর ঘিয়ের ময়ান দেয়ার ফলে মচমচে, যা অল্প চাপে ভাঙে (খাস্তা কচুরি)। [খাস্তহ خاسته ফা.]।

**খাহ্‌মখাহ্‌**—দ্র. **খামাখা**।

**খাহেশ, খাহেস, খাহিশ**—দ্র. **খায়েশ**।

**খিজমত**—দ্র. **খেজমত**।

**খিজলান, খিজলানো**—ক্রি. বিরক্ত করা, বারবার অপ্রিয় কথা ব'লে উত্ত্যক্ত করা। [খিজালত خجالت আ.]।

**খিজির, খিযির, খেজ্বের**—বি. জনৈক ওলী বা নবীর নাম। **খাজা খিজির, খোয়াজ খিজির**— বি. হযরত খিযির (আ.) (ঊর্ধ্বে জাগিয়া রহিলেন ঈসা অমর মর্ত্যের খাজা খিজির—নজরুল)। [খিয্‌র خضر আ.]।

**খিঞ্জির, খিঞ্জীর**—১বি. শূকর। ২বি. (আল) নিকৃষ্ট শ্রেণীর জীব (আনোয়ার! জিঞ্জির পরা মোরা খিঞ্জীর ?—নজরুল)। [খিন্‌যীর خنزير আ.]।

**খিড়কি, খিড়কী**—১বি. জানালা, বাতায়ন, ঝরোকা। ২বি. বাড়ির পেছনদিক (ধায় বেনে খিড়কির পথে—কঙ্কণ)। [খিড়কী كهڑكى হি.]।

**খিতাব**—দ্র. **খেতাব**।

**খিদমত**—দ্র. **খেদমত**।

**খিমা, খীমা**— বি. তাঁবু, শিবির (কেহ লুকাইল খিমাতলে—হামজা)। [খীমহ্‌ خيمه আ.]।

**খিয্‌র**—দ্র. **খেজের২**।

**খিযাব**—দ্র. **খেজাব**।

**খিযির**—দ্র. **খিজির**।

**খিয়ানত, খিয়ানৎ**—দ্র. **খেয়ানত**।

**খিয়াল**—দ্র. **খেয়াল**।

**খিরকা, খির্কা**—দ্র. **খেলকা**।

**খিরা**—বি. শসা, এক রকম তরকারির ফল। [খিয়ার خیار আ.]।

**খিরাজ**—দ্র. খেরাজ।

**খিলআত**—দ্র. খিলাত।

**খিলকা**—দ্র. খেলকা।

**খিলজি, খিলজী, খলজি**—বি. দিল্লীর মুসলিম রাজবংশ বিশেষ। [খলজী— خلجی তু.]। **খিলজাই**— ১বিণ. খিলজি সুলভ। ২বিণ. খিলজিগণ কর্তৃক প্রবর্তিত বা প্রণীত। (খিলজাই সাজ এসেছে ছাড়িয়া— সত্যেন্দ্র)।

**খিলাত, খিলাৎ, খিলআত, খেলাত, খেলাৎ, খেল্‌ওয়াত, খেলোয়াৎ**— বি. সম্মানসূচক রাজদত্ত পোশাক (তাঁহার আমিরী খেলাত কাড়িয়া লন—গিরিশ; সেখান হইতে খেল্‌ওয়াত আসিবে— বঙ্কিম; বহুবিধ সম্মান করিয়া সকলকে খেলোয়াৎ দিয়া বিদায় করিবেন—বঙ্কিম)। [খিল্‌'আত خلعت আ.]।

**খিলাফ**—দ্র. খেলাপ।

**খিলাফত, খিলাফৎ**—দ্র. খেলাফত।

**খিলাল, খেলাল**—১বি. যে কাঠি দিয়ে দাঁতের ফাঁক পরিষ্কার করা হয়, দাঁত কাঠি, খড়কে, •tooth pick (উচিত সে রক্ষিবারে ধুইয়া খিলাল—আলাওল)। ২বি. কাঠি দিয়ে দাঁত পরিষ্কার করা (ভক্ষাৎ শেষে খিলাল করিতে যুক্ত আছে— আলাওল)। ৩বি. হাতের আঙুল দিয়ে দাড়ি-গোঁফ আঁচড়ানো বা পানি দিয়ে পরিষ্কার করা (ওজু সঙ্গে গোঁফদাড়ি করিবা খিলাল— আলাওল)। [খিলাল خلال আ.]।

**খিসারত**—দ্র. **খেসারত**।

**খীমা**—দ্র. **খিমা**।

**খুচরা/খুচরো**—১বি. ক্ষুদ্র, ছোটখাট, ছোটছোট (খুচরা কাজ, খুচরা খরচ)। ২বিণ. ভাংগানি (খুচরা টাকা)। ৩বি. টাকার ভাঙানি, রেজকি। [খুর্‌দহ্ خورده ফা.]।

**খুজলি**—বি. চুলকানি, খোস, পাঁচড়া [খুজলী کهجلی হি.]।

**খুঞ্চা, খুঞ্চি**—দ্র. **খাঞ্চা**।

**খুতবা, খুৎবা**—দ্র. **খোতবা**।

**খুদ**—দ্র. **খোদ**।

**খুদা**—দ্র. **খোদা**।

**খুদী, খূদী**—বি. সত্তা, স্বকীয়তা (তাওহীদের তেজোদৃপ্ত খুদীর দাওয়াত—তালিম)। [খূদী خودی ফা.]।

**খুন**— ১বি. রক্ত, লহু (ছেঁড়া কলিজার খুন-মাখা সেই ঠোঁটের গোলাপ কুঁড়ি—মোহিত)। ২বি. হত্যা, বধ (খস্রুকে খুন সেই করায়েছে—তারি. কাজ নিশ্চয়— মোহিত)। ৩বিণ. আকুল, ব্যতিব্যস্ত, নাজেহাল (শুনিয়া গোবু ভাবিয়া হল খুন— রবীন্দ্র)। ৪বিণ. নিহত। ৫বিণ. মৃতপ্রায়, আধমরা (মেরে খুন করা)। ৬বিণ. হয়রান, অতিশয় ক্লান্ত, অত্যন্ত পরিশ্রান্ত (পেটের ধান্দায় সারাদিন ঘুরে বাছা আমার খুন হয়ে এসেছে— রবীন্দ্র)। [খূন خون ফা.]। **খুন-আলুদা**—বিণ. রক্তাক্ত, রক্ত-রাঙা, রক্ত-রঞ্জিত, রক্তাপ্লুত (শিমুল

গাছটার দিকে চেয়ে মনে হল যেন তার ডালে ডালে নিরাশ প্রেমিকের 'খুনআলুদা' হৃৎপিণ্ডগুলো টাঙানো রয়েছে—নজরুল)। [—ফা.+আলুদাঃ آلوده ফা.] **খুন-খারাব**—বি. খুনাখুনি, রক্তারক্তি, হত্যাকাণ্ড (রক্ত সোঁদাল খুন-খারাব ... —নজরুল)। [—ফা.+খরাব خراب আ.] **খুন খারাবি, খুন খারাবী**—১বি. হত্যাকাণ্ড, রক্তারক্তি, রক্তপাত (ডরতা নেই আজ খুন-খারাবিতে রক্ত-লুব্ধ মন—নজরুল)। ২বি. দাংগাহাংগামা। ৩বি. অত্যুজ্জ্বল লাল রং বিশেষ। **খুন-খুবি, খুন-খূবী**—১বি. রক্তোন্মত্ততা (রণদুন্দুভি শুনি খুনখুবী ... —নজরুল)। ২বি. উদ্দীপনার সৌন্দর্য। [—খূবী خوبی ফা.] **খুন-জোশি, খুনজোশী**—বি. রক্ত উত্তেজনা, রক্তোন্মাদনা (পশ্চিমে নীলা লোহিতের খুনজোশীতেরে লাগে আগ—নজরুল)। [—জোশ جوش ফা.+ঈ] **খুন-রেজ**—বিণ. রক্তপিপাসু (তিনি তাঁহার খুনরেজ নামক তরবারি কোমর হইতে মুক্ত করিয়া হস্তে ধারণ করিলেন—শিরাজী)। [—রেয্ ریز ফা.]।

**খুনশী, খুনসী**—বিণ. ক্রুদ্ধ, মারমুখো (বখশী আমার পতি সবাই খুনশী—ভারত)। ২বি. কলহের ছল, কৃত্রিম কলহ, খুনসুড়ি (মোরে পরিচয় দেহ, ছাড়হ খুনসী—ভারত)। [খূন خون + সী سی ]।

**খুনিয়ারা /খুনেরা**—বিণ. হত্যাকারী, ঘাতক (জয়নালে পরালো এ খুনিয়ারা বেশ কে—নজরুল; এল খুন-মাখা তূণ নিয়ে খুনেরা ফাগুন—নজরুল)। [খূন خون ফা.+য়ারা یارا ফা.]।

**খুনি, খুনী, খুনীয়া,খুনিয়া/খুনে**—১বিণ. হত্যাকারী, ঘাতক (আম্মা, লা'ল তেরি খুনকিয়া খুনিয়া—নজরুল, আনোয়ার! আনোয়ার! দুনিয়াটা খুনিয়ার—নজরুল), ২বিণ. দাংগাবাজ, বিবাদপ্রিয়। ৩বিণ. চরম নিষ্ঠুর, ঘাতকের ন্যায় নিষ্ঠুর (স্বার্থে-ভরা হায় দুনিয়া। মানুষ এমন হয় খুনিয়া —মোস্তফা )। [—ফা.+ইয়া প্রত্যয়]।

**খুপসুরৎ**—দ্র. **খুবসুরৎ**।

**খুব**—১বিণ; বিণ. অত্যন্ত, অতিশয় (খুব সুন্দর)। ২ক্রি-বিণ. বেশ, ভালো, উত্তম, চমৎকার, যথেষ্ট (খুব কিয়া ভাই খুব কিয়া।'—নজরুল)। ৩ ক্রি-বিণ. নিশ্চয়, অবশ্য, নিঃসন্দেহে (খুব পারবে)। ৪অব্য. প্রশংসাসূচক উক্তি বা ধ্বনি, অতি উত্তম (খুব বহুত খুব)। ৫বিণ. ক্রি-বিণ. যথোচিত, যথোপযুক্ত (খুব সময়ে এসে পড়েছ যা হোক; মেরেছে—খুব করেছে)। ৬ক্রি-বিণ. অত্যন্ত বেশি (খুব খায়)। ৭ক্রি-বিণ. আচ্ছা রকম, বেশ, ভালোমত (কাগজওয়ালারা খুব ঠুকেছে)। [খূব خوب ফা.] **খুবসে, খুব্‌সে**—ক্রি-বিণ. ভালোরূপে, উত্তমরূপে, আচ্ছামতো, বেশ করে, (সুর বেঁধে বীণ সারেঙ্গীতে খুব্‌সে শিরীন শরাব পিও—নজরুল)। [—ফা.+সে سے হি.]।

**খুবরু**—বি. অসামান্য রূপ, সুন্দর চেহারা (মুসা বেহুঁশ হলো হেরি যে খুবরু—নজরুল)। [খূব خوب ফা.+ রু رو ফা.]।

**খুবসুরৎ, খূবসূরৎ, খুবসুরৎ, খাপসুরৎ খোপসুরৎ, খুপসুরৎ, খাবসুরত**—১বিণ.

সুন্দর, সুরূপ, সুদর্শন (অমন খুবসুরৎ মেয়ে দুনিয়ায় কম জন্মায়—শওকত; কি খুবসুরৎ বাঃরে বা!—নজরুল)। ২বিণ. সুশ্রী (কিন্তু এ কর্মে একটুখানি খাবসুরত হতে হয়—মুজতবা)। [খূবসূরত خوبصورت ফা.+আ.]। **খুবসুরতি, খোপসুরতি, খুপসুরতি**—বি. সৌন্দর্য, রূপশ্রী (খোপসুরতি দেখে বেটার ধর্মজ্ঞান লোপ পেয়েছে—প্রমথ)। [খূবসূরত خوبصورت ফা.+আ.+ই প্রত্যয়]।

**খুবানি, খোবানি, খোবানী**—বি. ফলবিশেষ, apricot (বাদাম খুবানি বনে কেটেছে তোমার দিন—ফররুখ)। [খূবানী خوبانی ফা.]।

**খুবি, খুবী**—১বি. মঙ্গল, কল্যাণ, ভালাই (হানিফা বলেন যদি মেরা খুবি চাও—হামজা)। [খূবী خوبی ফা.]।

**খুবী**—দ্র. **খুবি**।

**খুমার, খোমার, খুমারি, খুমারী**—১বি. আবেশ, ঘোর, আচ্ছন্নতা (বেহুশে থাকিবে তারা নিন্দের খোমারে—হামজা)। ২বি. নেশার পরবর্তী অবসাদ, খোঁয়ারি। ৩বি. ভর্ৎসনা (সেবি স্বামী অন্ধ সদা করে দ্বন্দ্ব ভোজন কালে খুমারি—ঘন)। [খুমার خمار আ.]।

**খুয়ার**—দ্র. **খোয়ার**।

**খুরমা**—দ্র. **খোরমা**।

**খুরাক**—দ্র. **খোরাক**।

**খুর্মা, খোরমা**—দ্র. **খোরমা**।

**খুলাসা**—দ্র. **খোলসা**।

**খুশ**—দ্র. **খোশ**।

**খুশ্‌ক, খুষ্ক**—১বিণ. শুষ্ক, রসহীন। (চুল উস্কখুশ্‌ক)। ২বিণ. রুক্ষ। [খুশ্‌ক خشك ফা.]।

**খুশ্‌কা বা খোষ্কা পোলাও**—১বি. অল্প ঘি দিয়ে রান্না করা পোলাও। ২বি. ঘৃতহীন ভাত, সাদাভাত। [খুশ্‌কহ্—خشكه ফা.]।

**খুশকি, খুস্‌কি, খুস্কি, খুষ্কি**—১বি. মরামাস, মাথার শুষ্ক চামড়া, dandruff। ৩বি. শুষ্ক স্থান, শুকনা জায়গা। [খুশ্‌কী خشكی ফা.]।

**খুশ্‌হাল**—দ্র. **খোশ**।

**খুশি, খুশী, খুসি, খুসী**—১বি. আনন্দ, সন্তোষ (তুমি আছো আমি আছি এইত খুশী মোর—নজরুল)। ২বি. আমোদ, আহলাদ। ৩বি. ইচ্ছা, মর্জি, খেয়াল(তোমার খুসীর মতন সাজ—সত্যেন্দ্র)। ৪বিণ. আনন্দিত, সন্তুষ্ট, প্রীত, তৃপ্ত (যাদের পূজায় দেবতা খুসী—সত্যেন্দ্র)। [খূশী خوشی ফা.] **খুশীতে বাগবাগ**—বিণ. আনন্দে উৎফুল্ল (... বুদ্ধির কথায় খুশীতে বাগ বাগ হয়ে খুব খানিকটা মিষ্টি হাসি হাসলো—জয়েন)। [— باغ ফা.]। **খুশীর মউজ**—বি. আনন্দের ঢেউ (রণের জোশে সাগর মাঝে উঠলো খুশীর মউজ—ইজদানী)। [মউজ موج আ.]।

**খুস**—দ্র. **খোশ**।

**খুসামোদ**—দ্র. **খোশামোদ**।

**খেজমত, খিজমত**—বি. খেদমত, সেবা, পরিচর্যা (খেজমত করে বেড়ায়—মনোজ)। [খিদমত خدمت আ.]। **খেজমৎগার, খেদমৎগার**—বিণ. বি.

সেবক, পরিচর্যাকারী (তৎপরে ভৃত্যগণের নিরূপণ, খানসামা খেজমৎগার ফরাস...—ভবানী) [—গার گار ফা.]।

**খেজাব, খেযাব, খিযাব**—বি. কলপ, রং বিশেষ, সাদা চুল কালো করবার রং (বাবু দেন মেখে দাড়িতে 'খেজাব'—নজরুল)। [খিযাব خضاب আ.]।

**খেজালত, খেজালৎ**—বি. জ্বালাযন্ত্রণা, ঝঞ্ঝাট, দিগদারি (অত খেজালত আর না টানায় প্রাণে—মৈ. গী.)। [খিজালৎ خجالت আ.]।

**খেজের**—দ্র. **খিজির**।

**খেতাব, খিতাব**—বি. সম্মান-সূচক উপাধি (সামান্য একটা পদক বা খেতাব দিয়ে নয়, দস্তুর মতো মোটা মাশুলে—অচিন্ত্য)। [খিতাব خطاب আ.]। **খেতাবি, খেতাবী, খিতাবী**—বিণ. সম্মানসূচক উপাধিধারী (যদিচ খেতাবী প্রতাপী তথাপি বেশক্ই পোশাকী— রাজা ভড়ং— সত্যেন্দ্র)। [ خطاب আ.+ই, ঈ]।

**খেদমত, খিদমত**—১বি: সেবাযত্ন, পরিচর্যা (স্বয়ং কর্ত্রী মন দিয়া মান্যের সহিত খেদমত করিবেন...মশাররফ; গনেশ মামা খিদমত করছেন—পরশু)। ২বি. চাকরি (...ধন্যরে কোটালি খেদমত—ভারত)। ৩বি. দাসত্ব। [খিদমত خدمت আ.]। **খেদমতদগার, খিদমতগার**—বি. সেবক, ভৃত্য, পরিচারক (তাহার খেদমতগার আমরা তামাম ... হামজা)। [—আ.+গার گار ফা.]। **খেদমত গারি, খিদমতগারি**—বি. সেবকত্ব, দাসত্ব, গোলামি (আমরা ইউরোপীয় সভ্যতার খিদ্মতগারির পুরস্কার স্বরূপ হ্যাট-নামক কিম্ভূত্ত কিমাকার এক চিজ শিরোপা লাভ করেছি—প্রমথ)।

**খেযাব**—দ্র. **খেজাব**।

**খেয়ানত, খিয়ানত, খেয়ানৎ, খিয়ানৎ**—১বি. ক্ষতি, বিশ্বাসঘাতকতা, নাশ (করেনি সে খেয়ানত—ফররুখ)। ২বি. গচ্ছিত দ্রব্য আত্মসাৎ। ৩বি. তহবিল তসরূপ। ৪বি. বিশ্বাস ভঙ্গ। ৫বি. অসাধুতা। [খিয়ানত خيانت আ.]।

**খেয়াল, খিয়াল**—১বি. স্বপ্ন, কল্পনা (মিছা, সব কল্পনা, খেয়াল—অবনীন্দ্র)। ২বি. জ্ঞান, চেতনা, হুঁশ (তাহার খেয়ালই থাকেনা—বিভূতি)। ৩বি. লীলা, খেলা (হঠাৎ হেসে দৌড়ে এসে খেয়ালের ঝোঁকে—সত্যেন্দ্র)। ৪বি. সখ, সাধ, বাসনা। ৫বি. মর্জি, ইচ্ছা, (আমরা তাঁরই খেয়াল...—রবীন্দ্র)। ৬বি. খুশি (খেয়াল মাফিক)। ৭বি. নিয়মছাড়া ব্যাপার, অনিয়ম (প্রকৃতির খেয়াল)। ৮বি. স্মরণ (সে কথা খেয়াল আছে?)। ৯বি. বিশেষ লক্ষ্য, মনোযোগ। ১০বি. অনুমান, আন্দাজ (অতোদূর খেয়াল করতে পারি নি)। ১১বি. চিন্তা। ১২বি. ঝোঁক, প্রবৃত্তি। ১৩বি. মতলব। ১৪বি. উচ্চাঙ্গের সংগীত বিশেষ। [খয়াল خيال আ.]। **খেয়াল-মাফিক**—ক্রি. বিণ. খুশিমত, মর্জিমাফিক (খেয়াল-মাফিক সওদা করতে—নজরুল)। [—আ.+মুওয়াফিক্ব موافق আ.]। **খেয়ালি, খেয়ালী**—১বিণ. কল্পনাবিলাসী, আত্মভোলা। ২বিণ. যার মর্জির ঠিক নেই, স্বেচ্ছাচারী, অব্যবস্থিত চিত্ত (আমি খেয়ালী

বিধির বক্ষ করিব ভিন্ন—নজরুল)। ৩বি. খেয়ালগায়ক (খেয়ালী যতই কার্দানি করুন না কেন, তালচ্যুত কিংবা রাগভ্রষ্ট হবার অধিকার তাঁর নেই ...—প্রমথ)। **খেয়ালী পোলাও**—বি. অবাস্তব কল্পনা।

**খেরাজ, খিরাজ, খরাজ**—বি. খাজনা, ভূমিকর, রাজস্ব (এমরানের ঠাঁই আর না পাবে খেরাজ— হামজা)। [খিরাজ خراج আ.]। **খেরাজি, খেরাজী**—বিণ. যে জমির জন্য নির্দিষ্ট খাজনা দিতে হয় (খেরাজি জমি)। বিপ. **লাখেরাজ**।

**খেলওয়াত**—দ্র. **খিলাত**।

**খেলকা, খিলকা, খিরকা, খির্কা**—বি. ফকীর দরবেশদের দীর্ঘ অঙ্গাবরণ বিশেষ (গায়ে গেরুয়া বস্ত্রের খেলকা স্কন্ধ হইতে পা পর্যন্ত ঢাকা—মশাররফ; শারাব মাখা খির্কাখানি—মু.শ.)। [খিরক্বহ্ خرقه আ.]।

**খেলনা, খেলানা, খেলেনা**—বি. খেলার জিনিস, ক্রীড়নক, পুতুল (একটি ভালো খেলানা দিই—বিদ্যা; দু'হাতে ও আশেপাশে ছড়ানো খেলেনা—বিষ্ণু)। [খিলোনা کھلونا হি.]।

**খেলাত**—দ্র. খিলাত।

**খেলানা**—দ্র. **খেলনা**।

**খেলাপ, খেলাফ, খিলাফ**—১বি. অন্যথা আচরণ, বৈপরীত্য (শরীফের আজ খেলাফ করে...—নজরুল)। ২বি. নড়চড়, ব্যতিক্রম, ব্যত্যয়, অন্যথা (সে-সব ওয়াদা খেলাপ করিবি জানিলেরে পয়মাল—আজহার)। ৩বিণ. বিপরীত, প্রতিকূল (আপনের খেলাফে আমার সাক্ষী দেওয়া লাগবে—মনসুর)। ৪বিণ. মিথ্যা, false। (খেলাফ এজাহার)। [খিলাফ خلاف আ.]।

**খেলাফত, খেলাফৎ, খিলাফৎ, খিলাফত**—১বি. প্রতিনিধিত্ব, খলীফার পদ বা মর্যাদা। ২বি. রাজত্ব বা খিলাফতের আমল (ক্রুর জুলমতে সে খোঁজে কোথায় উমরের খিলাফত— ফররুখ)। [খিলাফত خلافت আ.]।

**খেলাল**—দ্র. **খিলাল**।

**খেলেনা**—দ্র. **খেলনা**।

**খেলোয়াড়**—১বি. যে খেলে। ২বি. ক্রীড়াপটু, যে ভালো খেলতে পারে। ৩বি. চালক, কৌশলী, ফন্দীবাজ। ৪বি. ধূর্ত, কূটকৌশলী, প্রবঞ্চক, চক্রান্তকারী। [খিলাড়ী کھلاڑی হি.]।

**খেলোয়াৎ**—দ্র. খিলাত।

**খেশ, খেস**—বিণ. আপন, আত্মীয় (আর তার ভাইবন্ধু যত ছিল খেস—হামজা)। [খে'শ্ خویش ফা.]। **খেশী**—১বি. কুটুম্বিতা, আত্মীয়তা। ২বিণ. আত্মীয়, কুটুম্ব (খেশী কুটুম্বদের খাওয়ান হবে—মোজাম্মেল)। [—ফা.+ ঈ প্রত্যয়]।

**খেসারত, খেসারৎ, খিসারত**—বি. ক্ষতিপূরণ, damage (ঘাড় ধরে খেসারত আদায় করে আমাকে পাইয়ে দেবেন—শরৎ)। [খসারহ্ خساره আ.]। **খেসারতি**—১বি. ক্ষতিপূরণের অর্থাদি (কিন্তু চলাফেরা করলে আমাকে খেসারতি দিতে হবে অনেক অনেক বেশি—মুজতবা)। ২বি. ক্ষতিপূরণের মোকদ্দমা।

**খেসালা**—বি. আত্মীয়তা, কুটুম্বিতা (খেসালা করিতে তার মনে অইল টান—মৈ.গী) [খে'শ خویش + ওয়ালা والا উ.]।

**খৈনি, খৈনী**—বি. দোক্তা, তামাক পাতা ও চুনের একপ্রকার মিশাল (দেউড়ীতে দারোয়ানেরা বসিয়া খৈনী খাইতেছে ... বিভূতি)। [খয়্নী کھینی হি.]।

**খো**—বি. স্বভাব, অভ্যাস, প্রকৃতি। [খূ خو ফা.]।

**খোত্তারি**—১বি. বিপদ। ২বি. অনিষ্ট, ক্ষতি (...না জানি নিদানে মোর কি হয় খোত্তারি— হেয়াত)। [ খত্রহ্ خطره আ.]।

**খোওয়াব**—দ্র. **খোয়াব**।

**খোঁয়ারি, খোয়ারি, খোঁয়াড়ি**—১বি. মদের নেশা কেটে যাবার পর অবসাদ। ২বি. অবসাদ প্রযুক্ত ঘোর বা আচ্ছন্নতা বা আবেশ (আপনাকে এই বিশ্ব জোড়া বিলুপ্তির মধ্যে নামাইয়া দিবার জন্যে দুর্দমনীয় খোঁয়ারি আসিয়াছে—অবনীন্দ্র; সে মদ খেয়েছে একবারই— তারপর থেকে এ অবধি সে শুধু তার খোঁয়ারিই ভাঙছে—মুজতবা)। [খাওয়ার خوار ফা.+ই]।

**খোজা**—১বি. নপুংসক, ক্লীব (কই সে খোজা, হাজার হাতী করলে যে বশ অঙ্কুশে—সত্যেন্দ্র)। [খূজহ্ خوجه ফা.]।

**খোতবা, খোৎবা, খুতবা, খুৎবা, খত্‌বা, খৎবা, খোতোবা** (বিরল)—বি. জুম্‌আর নামাজের আগে বা ঈদের নামাজের পরে ইমাম প্রদত্ত অভিভাষণ—এতে ধর্মীয় বিধিনিষেধ আলোচনা করবার ও মুসলমান খলীফার প্রতি আনুগত্য জানানোর রেওয়াজ আছে (যত নরগণ মিলি খোতোবা শুনিল—সুলতান; কোথায় ইমাম ? কোন্ সে খোৎবা পড়িবে আজিকে ঈদে ?— নজরুল; খুত্‌বায় তাঁর নাম বাদশা হিসেবে পড়া হয়েছে—মুজতবা)। [খুত্‌বাঃ خطبه আ.]। **খতিব, খতীব**—বি. যে খোতবা পাঠ করে। [খতীব خطیب আ.]। **খতিবি, খতিবী**—বি. খতিবের কাজ। [—আ.+ই, ঈ]।

**খোদ, খুদ**—বিণ. স্বয়ং (খোদ সে খোদার প্রেরিত...—নজরুল)। ২বিণ. আসল (খোদ মালিক)। ৩বিণ. নিজ, স্ব, আত্ম (খোদপরস্ত, খোদ মতলবী)। [খূদ خود ফা.]। **খোদকস্তা, খোদকস্ত, খুদকস্তা**—বি. স্থানীয় প্রজা যে নিজে জমি চাষ করে (এক্ষণে গাঁতি অর্থাৎ খোদকস্তা এত ও পাইকস্তা এত—টেকচাঁদ; প্রজা দুই শ্রেণীতে বিভক্ত ছিল—খোদকস্ত আর পাইকস্ত ... — প্রমথ)। [— ফা. + কুশ্‌তহ্ کشته ফা.]। **খোদকুশী**—বি. আত্মহত্যা (করে সে খোদকুশী নিজের খঞ্জরে—ফররুখ)। [— ফা. +কুশী کشی ফা.]। **খোদগরজ** — বিণ. স্বার্থপর। [— ফা.+গরয غرض আ.] **খোদজমি**—বি. বাস্তুভূমি। [—ফা.+ যমীন্ زمین ফা.] **খোদপছন্দ**—১বি. আত্মাপূজারী, আত্মাভিমানী। ২বি. স্বার্থপর। [—ফা.+পসন্দ্ پسند ফা.]

**খোদপরস্তী**—বি. আত্মপূজা (খোদপরস্তীর খেলা খেলে স্বার্থের সংগ্রামে ...— ফররুখ)। [—ফা.+পরস্ত پرست ফা. + ঈ]। **খোদ মত্‌লবী**—বি. যে নিজের সুবিধানুযায়ী কাজ করে, স্বার্থপর। [— ফা.+মতলব مطلب আ.+ঈ]। **খোদমোক্তার**—বি. যে নিজেই নিজের প্রতিনিধি, স্বাধীন, স্বনির্ভর। [— ফা.+মুখতার مختار আ.]। **খোদ-মুখতারী**—বি. স্বাধীনতা, সার্বভৌমত্ব। [—ফা.আ+ঈ] **খোদহাকিমী**—বি. স্বায়ত্ত সরকার, Self government। [— ফা.+হকীম حکیم আ.+ঈ]।

**খোদকার, খোদগার**—১বিণ. খোদাই কাজ করে যে, engraver। ২বিণ. স্বয়ংক্রিয়, automatic। [খুদ خود ফা.+ কার کار ফা.]। **খোদকারী, খোদকারি**— বি. খোদাইয়ের কাজ। [—+ই.ঈ]।

**খোদা, খুদা**— বি. আল্লাহ্ (কোরান খোদার কালাম —বাহার)। [খুদা خدا ফা.]। **খোদাওন্দ, খোদাবন্দ**—১বি. প্রভু, দীন-দুনিয়ার মালিক, কর্তা। ২বি. হুজুর, রাজা, মনিব বা মান্য ব্যক্তিগণের প্রতি সম্বোধনে ব্যবহৃত হয়। [খুদাওন্দ خداوند ফা.]। **খোদাতায়ালা, খোদাতা'আলা, খোদাওন্দতালা**—বি. মহান আল্লাহ্। [—ফা. + তা'আলা تعله আ.]। **খোদাই খিদমতগার**—১বি. খোদার পথে সেবক। ২বি. নিঃস্বার্থ সেবক। [খুদাঈ خدائ ফা. + খিদমতগার خدمتگار আ.+ ফা.]। **খোদা-নাখাস্তা**—ক্রি. আল্লাহ্ না করুন। [ خدانه خاسته ফা.+]। **খোদা হাফেজ, খুদা হাফিয**—ক্রি. আল্লাহ্ তোমাকে রক্ষা করুন। [—ফা.+ হাফিয حافظ আ.]। **খোদার কসম**— বি. আল্লাহর নামে শপথ। **খোদার খাসি, খোদার খাসী**—১বি. খোদার নামে ছেড়ে-দেয়া খাসি—স্বাধীন ভাবে চলাফেরা করার কারণে হৃষ্টপুষ্ট। ২বি. (ব্যঙ্গ) চিন্তাভাবনাহীন হৃষ্টপুষ্ট ব্যক্তি। **খোদার নূর**—বি. আল্লাহ্‌র জ্যোতি (মাথায় ঝুলিয়ে দেবো টিকি, দাড়িতে খোদার নূর— অচিন্ত্য)।

**খোন্দকার১, খোনকার, খন্দকার**—বি. সম্ভ্রান্ত মুসলমানদের উপাধি বিশেষ (কাজী খোনকার, শেখ, সৈয়দ সব তার কাছে ঋণী—কুমুদ)। ২বি. শিক্ষক। [খ্বান্দকার خواندکار ফা.]। **খোন্দকারী**—বি. খোন্দকারের কর্ম (তিনি পৈতৃক খোন্দকারী ব্যবসায়ে রত উত্তরাধিকার পাইয়াছিলেন ... ইমদাদ)। [—ফা.+ঈ]।

**খোন্দকার২, খন্দকার**—বি. কৃষক, চাষাবাদকারী। [কন্‌দহ্ کنده +কার کار ফা.]।

**খোবানি, খোবানী**—দ্র. খুবানি।

**খোমার**—দ্র. খুমার।

**খোয়াজ খিজির**—দ্র. খিজির।

**খোয়াব, খোওয়াব, খ্বাব, খাব**—বি. স্বপ্ন (সে বেহুশ অবস্থায় এক আচানক খোয়াব দেখিল—কা.দী.মু; গত নিশি খোওয়াবের

খামখেয়ালীতে ...—নজরুল; তুমিই জানিয়েছিলে প্রথমে ঝরোকা খুলে হৃদয়ের খ্বাব—আশরাফ)। [খ্বাব خواب ফা.]।

**খোয়ার, খুয়ার**—১বি. অপমান, লাঞ্ছনা। ২বি. দুর্গতি, দুর্দশা। ৩বি. ক্ষতি, অনিষ্ট। ৪বি. কলঙ্ক, কুৎসা, নিন্দা। খওয়ার خوار ফা.]।

**খোয়ারি**—দ্র. **খোঁয়ারি**।

**খোরমা, খুরমা, খোর্মা, খুর্মা**—বি. বড় খেজুর বিশেষ (খোর্মা খেজুর মরু-কানন ফলবতী—নজরুল; খুরমাবীথির পাশ ঘেঁষে নামে হেলালের বাঁকা ছবি—জাহানারা)। [খুরমা خرما ফা.]।

**খোরা**—বি. মাটি বা পাথরের বাটি বা পাত্রবিশেষ (এক খোরা মিষ্ট জল দেহ মোকে আনি'—হেয়াত)। [আব খোরহ্ أب خوره ফা.]।

**খোরাক**—১বি. খাদ্য, আহার্য। ২বি. (আল) ভোগ (সবার খোরাক জোগায়ে নেহারি উপবাসী মোরই মন—নজরুল; পল্লীবাসীর মনের খোরাক এই দিনগুলো—কা.দী.মু)। ২বি. নির্দিষ্ট আহার্য, diet (পুরুষের খোরাকে আমিষ পর্যন্ত ভালোই চলে—রবীন্দ্র)। ৩বি. খাওয়ার পরিমাণ (খোরাক না বাড়ালে চলবে কি করে ?)। [খুরাক خوراك ফা.]। **খোরাকি, খোরাকী** —১বি. আহার্য বা ভরণপোষণের ব্যয় (এক বছরের খোরাকীর জন্য বিশমন ধান—মশাররফ)। ২বি. খাইখরচ, খোরাকের জন্য প্রয়োজনীয় অর্থ (মায় খোরাকি তিন তঙ্কা পাইবা—ভবানী)। [—ফা.+ই,ঈ]।

**খোরাসান**—বি. পারস্যের অন্তর্গত স্থান বিশেষ। [খুরাসান خراسان ফা.]। **খোরাসানী, খোরাসানি**—১বিণ. খোরাসান দেশের লোক (আরবে না বুঝে খোরাসানীর বচন—সুলতান)। ২বি. খোরাসান দেশীয়। [— + ই, ঈ]।

**খোর্মা**—দ্র. **খোরমা**।

**খোল**—বি. বালিশের আবরণী। [ খ্বোল্ خول আ.]।

**খোলসা, খোলাসা, খুলাসা**—১বিণ. স্পষ্ট, বিশদ, পরিস্ফুট। ২বিণ. স্পষ্টাস্পষ্টি, খোলাখুলি (আরও লোকে জানিবারে চাহিত খুলাসা—মৈ.গী.)। ৩বিণ. অবারিত, উন্মুক্ত, খোলা (নিজের কলঙ্কের দিকটা দেখাবার খোলসা দরজা পেলে—রবীন্দ্র)। ৪বিণ. অকপট, অমায়িক, সরল, সাদা (খোলসা দিল)। ৫বিণ. খালি, শূন্য, উজাড়। ৬বিণ. ভারমুক্ত (মনকে বুঝিয়ে খোলসা হতে চায়—কেদার)। ৭বিণ. পরিষ্কার। ৮বিণ. সমুদয়, আগাগোড়া, আনুপূর্বিক (খোলাসা পড়—দীনবন্ধু)। ৯বি. অব্যাহতি, রেহাই, মুক্তি (খুনীরে যে দ্যায় খোলসা আইন গড়ে রাতারাতি—সত্যেন্দ্র)। ১০বি. সারমর্ম, সংক্ষিপ্ত সার। [ খুলাসহ্ خلاصه আ.]।

**খোলা তালাক, খুলা তালাক**—বি. যে তালাক স্ত্রীর ইচ্ছায় সাধারণত অর্থের বিনিময়ে দেয়া হয়। [খুল্'আ خلع + তলাক্ব طلاق আ.]।

**খোলাসা**—দ্র. খোলসা।

**খোশ, খোস, খুশ, খুস**—১বিণ. আনন্দিত, সন্তুষ্ট। ২বিণ. মজাদার, আমোদপূর্ণ (খোশগল্প; মেতেছে মাতাল খোশ্-গানে—মোহিত)। ৩বিণ. সু, সুন্দর। ৪বিণ. স্বেচ্ছাকৃত বা স্বেচ্ছা প্রণোদিত, আপন ইচ্ছা বা বাসনা অনুমত। ৫বিণ. উত্তম, সৎ। ৬বি. সন্তোষ, প্রীতি (তোমার সহিত বাতচিত করিতে বহুত খোশ—টেকচাঁদ)। [খূশ خوش ফা.]।

**খোশ্-আখলাক**— ১বি. সু-স্বভাব, উত্তমচরিত্র (বিশেষ আপনার খোশ-আখলাকেই মুগ্ধ—ইমদাদ)। ২বিণ. শিষ্টাচারী. সৎস্বভাব। [—ফা.+ আখ্লাক্ব اخلاق আ.]। **খোশ আমদেদ**—বি. সাদর অভ্যর্থনা, স্বাগতম (খোশামোদ শুধু করিত হয়ত, বলিত না তা'রা "খোশ্-আমদেদ"—নজরুল)। [—ফা.+ আম্দিদ أمدد ]। **খোশ এল্হান, খোশ এলাহান, খুশ ইলহান**—বি. সুকণ্ঠ, সুস্বর, সুমধুর সুর (তাঁর খোশ এলাহান মাতাইত প্রাণ—নজরুল; গাহে বুলবুল খোশ এলহাজ— নজরুল)। [—ফা.+ইল্হান الحان আ.]। **খোশ কবালা**—বি. স্বেচ্ছাকৃত সম্পূর্ণ স্বত্ব বিক্রয়পত্র. স্বেচ্ছাপ্রণোদিত বিক্রয়পত্র। [— ফা.+ক্বালহ্ قباله আ.]। **খোশকেতা**—বি. সুদর্শন. সুঠাম। [—ফা.+ক্বিত্আ' قطعه আ.]। **খোশখৎ, খোশখত**—১বি. সুন্দর হস্তাক্ষর। ২বি. আনন্দের চিঠি (তুমি আমার এই খোশখতের পিওন—অচিন্ত্য)। ৩বি. প্রখর (খুড়র মত খোশখৎ বুদ্ধি প্রায় দেখিতে পাওয়া যায়না—বিদ্যা)। ৪বি. যার হস্তাক্ষর সুন্দর। [—ফা.+খত্ خط আ.]। **খোশ খবর**—বি. সুসংবাদ, শুভ সংবাদ (খোশ খবর দিয়ে বেড়ায় চপল পায়...—নজরুল)। [—ফা.+খবর خبر আ.]। **খোশ খেয়াল**—বি. খামখেয়াল, মর্জি (প্রভুদিগের খোশ খেয়ালের সমর্থন বা রাজনৈতিক স্বার্থোদ্ধারের নিমিত্ত ...—আকরম)। [— ফা. + খয়াল خیال আ.]। **খোশখেয়ালি**—বিণ. খামখেয়ালী (পড়ে আছে আকাশটা খোশখেয়ালি—রবীন্দ্র)। **খোশখোরাক**— বি. শৌখীন আহার, উত্তম খাবার। [— ফা. + খূরাক خوراك ফা.]। **খোশখোরাকি, খোশখোরাকী**—১বিণ. শৌখীন আহারে অভ্যস্ত। ২বিণ. ভোজনবিলাসী। **খোশচেহারা**— বিণ. সুদর্শন. সুরূপ, সুশ্রী।[—ফা.+চিহ্রহ্ چهره ফা.]। **খোশনবিস, খোশ-নবিস, খোশ নবিশ, খোশ-নবীশ**—১বিণ. যার হাতের লেখা সুন্দর, সুন্দর হস্তাক্ষর বিশিষ্ট ব্যক্তি। ২বি. উপাধি বিশেষ। [—ফা.+ নবীস نویس ফা.]। **খোশ-নসিব, খোশ ' নসীব, খুশনসীব**—১বিণ. সৌভাগ্যবান (আয় খেয়ালী খোশনসীব— নজরুল)। [— ফা. + নসীব نصیب আ.]। বি.—**খোশনসিবী**। **খোশনাম, খোসনাম, খুশনাম, খুসনাম**—বি. সুনাম, সুখ্যাতি (অপরিমিত দানের জন্য তাঁর দেশ জোড়া খোশনাম ছিল—ফজলল)। [—ফা.+নাম

نام ফা.]। **খোশনামি, খোসনামি, খুশনামী**—বি. সুখ্যাতি, প্রশংসা (আপন লোক বলে খোশনামির ধূয়া ধরেছে ... মশাররফ)। **খোশনিয়ত** —বিণ. শুভাকাঙ্ক্ষী, সদভিপ্রায়বিশিষ্ট, শুভেচ্ছাযুক্ত। [—ফা.+নীয়ত نیت আ.]। বি. **খোশনিয়তি**। **খোশপোশাক, খোশপোষাক** — বি. উত্তম বেশভূষা, শৌখিন পোশাক, [—ফা.+ পোশাক پوشاك ফা.]। **খোশপোশাকী-পোষাকী**—১বিণ. পোশাক বিলাসী, বেশ বিন্যাসে শৌখিন (প্যালানাথবাবু শৌখিন ও খোশপোষাকীর হদ্দ—কালীসিং)। ২বিণ. সুবেশ। **খোশবাস**—বিণ. স্থায়ী বশিন্দা নয়, খুশিমতো চলে যেতে পারে, এমন। [— ফা.+বাশ باش ফা.]। **খোশবু, খোশবো, খোশবয়, খোশবাই, খোশবায়, খোসবো, খুশ্‌বু**—বি. সুগন্ধযুক্ত, সৌরভময়। [—খুশ্‌বূ خوشبو ফা.]। **খোশবুদার**—বিণ. সুগন্ধযুক্ত, সৌরভময়। [—ফা.+দার دار ফা.]। **খোশ মেজাজ, খুশ মিযাজ**—১বিণ. প্রফুল্ল বা প্রসন্নচিত্ত। ২বি. প্রফুল্লতা, হাসিখুশি ভাব (আমরা সকলেই ছহি ছালামতে, খোশ মেজাজে ... বাঁচিয়া আছি—শেখ হাবিব)। [—ফা.+মিযাজ مزاج আ.]। **খোশরং** — বি. শোভন বা সুন্দর রং। **খোশরোজ, খুসরোজ, খুশহাল, খুশরোয**—১বি. খুশির দিন, আনন্দের দিন। (খুশী দিলের খুস্‌রোজে তার জীবন মরণ দুই যোঝে—সত্যেন্দ্র)। ২বি. নওরোজ, new year's day, নব-বর্ষারম্ভের উৎসব। (....এসেছে কেউ খেলিতে সেরেফ খুশ্‌রোজ হেথা ...নজরুল)। [—ফা.+রোয روز ফা.]। **খোশহাল, খুশহাল**—১বিণ. উত্তম অবস্থা বা বহাল তবিয়ত (দিব্যি আছিস খোশহালে—নজরুল)। ২বিণ. স্বচ্ছল। [—ফা.+হাল حال আ.]।

**খোশামোদ, খোসামোদ, খুসামোদ**—১বি. তোষামোদ, চাটুকারিতা, স্তুতি (বড় মানুষের খোশামোদ করারও বড় দায়—টেকচাঁদ)। [খুশামদ خوشامد ফা.]। **খোশামুদি, খোশামোদি, খোসামোদি, খোসামুদি, খুশামুদী**—বি. স্তুতি, তোষামোদ, স্তাবকতা (অন্য লোকের খোশামোদি করিতে হয়—বিদ্যা)। **খোশামুদে, খোসামুদে**—১ বিণ. চাটুকার, মোসাহেব, স্তাবক।

**খোশাল**—দ্র. **খোসাল**।

**খোস**—দ্র. **খোশ**।

**খোসাল, খোশাল**,—বিণ. আনন্দিত, হৃষ্ট (মদ দেখে বীর কালু পরম খোসাল... — ঘন)। [খুশ خوش ফা + হাল حال আ.]।

## [গ]

**গইবি, গইবী**—দ্র. **গায়েবি**।

**গওর**—বি. গভীর চিন্তা, বিবেচনা, ধ্যান। [গওর غور আ:]

**গওস, গাউস**—বি. দরবেশদের স্তর বিশেষ (কত নবী পয়গম্বর গওস কুতুব...—মোস্তফা : কেস্‌সা বলতেন গাউস কুতুব আওলিয়া আম্বিয়ার—শাহেদ)। [গওছ غوث আ]।

**গওহর**—বি. মূল্যবান মোতিবিশেষ, germ (নীল দরিয়ার ঢেউয়ের দোলায় গওহরে দেয় জন্মদান —মোস্তফা)। [গওহর্ گوهر ফা.]।

**গজ**—১বি. দুইহাত বা ৩৬ ইঞ্চি পরিমাণ মাপ বিশেষ। ২বি. কাপড় মাপার জন্য ব্যবহৃত ঐ মাপ বিশিষ্ট ফিতা ইত্যাদি এবং এক মিটারের কিছু কম (১ মিটার = ৩৯.৩৭ ইঞ্চি)। (শীঘ্র দর্জি ডাক, গজ এনে মেপে দেখ— অবনীন্দ্র)। ৩বি. ঐ মাপের (তিন গজকাপড়)। [গয্ گز ফা.]।

**গজব, গযব**—১বি. খোদার মার, আল্লাহ্ প্রদত্ত শাস্তি (গজব পড়লো বলে— অবনীন্দ্র)। ২বি. জুলুম, অত্যাচার। ৩বি. প্রচন্ড ক্রোধ (গজব করিলা তুমি আজব কথায়— ভারত; আমি একা বেঁচে আছি আজব কথায়—আ. হা)। [গযব غضب আ.]।

**গজল, গযল**—১বি. সংগীতের সুরবিশেষ। ২বি. কবিতা বিশেষ, প্রণয় গীতি (শারাবি জমশেদি গজল জানাজা'য় গাহিও আমার— নজরুল)। ৩বি. ধর্মসঙ্গীত। [গযল غزل আ.]।

**গঞ্জ**—১বি. ব্যবসাবাণিজ্যের স্থান, হাট, গোলা। ২বি. শস্যাদি ক্রয়-বিক্রয়ের স্থান। ৩বি. ধনভাণ্ডার (কারুনের গঞ্জ আনি নিলক্ষে লুটায়— আলাওল)। [গন্‌জ گنج ফা.]।

**গঞ্জায়েশ, গুনজায়িশ**—বি. স্থান সংকুলান, জায়গা, ধারণক্ষমতা। [গুন্‌জায়িশ گنجائش ফা.]।

**গঞ্জিফা, গঞ্জীফা**— বি. ক্রীড়া বিশেষ, তাস খেলা (তারা খেলত হয় সতরঞ্জ, নয় গঞ্জিফা— প্রমথ)। [গন্‌জিফাঃ گنجفه ফা.]।

**গণিমত, গনীমত**—১বি. যুদ্ধক্ষেত্রে শত্রুর কাছ থেকে লুণ্ঠিত বা প্রাপ্ত দ্রব্য, লুটের মাল (জঙ্গের ময়দান থেকে ফিরে চলে যেমন দিলীর গনিমত নিয়ে হের— ফররুখ)। ২বিণ. অনায়াসলব্ধ। ৩বিণ. যথেষ্ট (তুমি যে আদৌ পাশ করেছ এই-ই গনিমত)। ৪বি. সৌভাগ্য। [ গনীমত غنيمت আ.]।

**গদি**—১বি. তুলা নারকেল ছোবড়া প্রভৃতি দিয়ে তৈরী কোমল আসন বা শয্যা। ২বি. ব্যবসায়ীর দফতর (তেজারতী গদি)। ২বি. রাজাসন (গদিতে আরোহণ করা)। ৪বি. রাজা বাদশা পীর প্রভৃতি প্রভাবশালী লোকের আসন বা পদ (গদি পাওয়া)। [গদ্দী گدّی হি.]।

**গদ্দানি**—দ্র. **গরদান**।

**গনি, গনী**—বিণ. ধনী, ধনবান, অর্থশালী। [গনী غنی আ.]।

**গন্দম**—১বি. গম, গোধূম (গন্দম বড় চমৎকার চিজ—ফজলল)। ২বি. কোনো কোনো মতে বেহেশতের নিষিদ্ধ ফল। [গন্‌দুম گندم ফা.]।

**গফফার, গাফ্‌ফার**— বিণ. ক্ষমাশীল, মার্জনাকারী (আয় সাত্তার! আয় গাফ্‌ফার। কর্‌দে বেড়া পার—নজরুল)। [গফ্‌ফার غفّار আ.]।

**গফুর**—বিণ. ক্ষমাশীল, দয়ালু (কহে কোকিল ও পাপিয়া, "আল্লাহ গফুর— নজরুল)। [ غفور আ.]।

**গম**—১বি. দুঃখ, শোক। ২বি. ক্ষোভ (হেথায় হয়রান বিবি ইউছফের গমে—গরীব; কোনো বাতে না করিবে গম—হামজা; মোদের কোন চিন্তা-গম আর নাই—

ইজদানী)। [গম غم আ.]। **গমখার** — ১বিণ. দুঃখিত, দুঃখভারাক্রান্ত, শোক-সন্তপ্ত। ২বি. সহানুভূতিশীল ব্যক্তি। [গম- غم আ. + খার خوار ফা.]। **গমগীন, গমগিন**—১বিণ. চিন্তান্বিত, চিন্তাক্লিষ্ট। (হুজুরকে আজ বড়ো গম্গীন দেখাচ্ছে —মুফাখ্খার)। ২বিণ. শোক-কাতর, দুঃখ-পীড়িত (সকলেই নিতান্ত গমগীন হইয়া পড়িল—মনসুর; সবার দুঃখেই সমান সে গমগীন— মোস্তফা)। [গমগীন غمگین ফা.]। **গমযাদহ্** — বি. বিণ.. দুঃখিত, বিষণ্ন। [— আ.+ যাদহ্ زاده ফা.]। **গমজাদী, গমযাদী**— বি., বিণ. স্ত্রী. দুঃখিতা (গমজাদী হয়ে থাকে জেলেখা আওরত—গরীব)। [— আ+ যাদী زادی ফা.] গমজারি— বি. শোক-প্রকাশ, দুঃখ-প্রকাশ, (গমজারি ছেড়ে থাকো কিছু দিন— ফররুখ)। [— আ.+ যারী زاری ফা.]। **গমমাতম**— বি. শোক প্রকাশ, বিলাপ। (বরষে বরষে খেয়ে খেয়ে যাও তুমি বিফল গমমাতম —তালিম)। [— ماتم ফা.]।

**গম্গিন, গম্গীন, গমজাদী, গমজারি, গমমাতম** — দ্র. গম।

**গমযাদহ, গমযাদী**—দ্র. গম।

**গমরাহ্**— দ্র. **গুমরাহ্**

**গমস্তা**—দ্র. গোমস্তা।

**গমি, গমী**—১বি. দুঃখ, নিরানন্দ বা বিষণ্ন অবস্থা (নিতান্ত গমিতে থেকেও গুরুদাসকে স্নান যাত্রায় যাবার আয়োজন করতে হয় —কালীসিং)। ২বি. শোক, ক্ষোভ (মোর বড়া গম হচ্ছে— টেকচাঁদ)। [গমী غمی আ.]।

**গম্বুজ**—দ্র. **গুম্বজ**।

**গযব**—দ্র. **গজব**।

**গয়বি, গয়বী**—দ্র. **গায়েব**।

**গয়র**—বিণ. ভিন্ন, ব্যতীত। [গয়র্ غیر আ.]। **গয়র ইসলামী**—বিণ. ইসলাম বহির্ভূত, ইসলাম বিরোধী (গয়র ইসলামী ভাব ধারা— মুস্তাফিজ)। [—আ.+ اسلامی আ.]।

**গয়রত**—১বি. আত্মসম্মান বোধ। ২বি. সূক্ষমর্যাদাবোধ। ৩বি. ঈর্ষা। [গয়রত غیرت আ.]।

**গয়রহ্**— (অব্যয়) ইত্যাদি, অন্যসকল, অপরাপর, সংক্ষিপ্ত রূপ-গং। [বিগয়র بغیر ফা.]।

**গর**—অব্য. অভাব, বৈপরীত্য, না ইত্যাদি সূচক (গরমিল)। [গয়্র্ غیر আ.]। **গরকবুল**—১বি. অস্বীকার। ২বিণ. অস্বীকৃত। [গয়্র্>গর আ.+ ক্ববুল قبول আ.]। **গরকায়েম**—বিণ. অস্থায়ী। [—আ.+ক্বায়িম قائم আ.] **গরঠিকানা**—১বি. ভুল ঠিকানা (গরঠিকানায় হাজির করে রোজ— সত্যেন্দ্র)। ২বিণ. লাপাত্তা, নিখোঁজ। [— আ.+ঠিকানা ٹھکانا হি.]। **গরপছন্দ, গরপসন্দ**—বিণ., বি. অমনোনীত, অপছন্দ। [—আ.+পসন্দ. پسند ফা.]। **গরবনেদী**— বিন. অনভিজাত, বংশগৌরব নেই এমন (বংশে বংশে নাইক তফাৎ/বনেদী কে আর গর-বনেদী— সত্যেন্দ্র)। [—আ.+বুনিয়াদ بنیاد ফা.]। **গরমিল**—১বি. অমিল, অনৈক্য। ২বি. জমা ও খরচের বৈষম্য, হিসাবে গোলযোগ। ৩বি. মনান্তর, মন কষাকষি। [—আ.+মেল میل হি.]।

**গররাজি, গররাজী**—বিণ. অরাজি, নারাজ, অসম্মত, অনিচ্ছুক (আশ্রয় দিতে কি গররাজী হইবে—বিভূতি)। [—আ.+রাযী راضی আ.]। **গরলায়েক**—১বিণ. অনুপযুক্ত। ২বিণ. নালায়েক, নাবালক। ৩বি. অনাবাদী, শাস্যোৎপাদনের অযোগ্য, চাষের অনুপযুক্ত (হাজা শুখা, গরলায়েক পতিত জমির চেহারা—অচিন্ত্য)। [—আ.+লায়েক্ব لائق আ.]। **গরহজম, গরহযম**—বি. বদহজম, অজীর্ণ (মুড়া খাইয়া তার গরহজম হইয়াছে—পরশু)। [—আ.+হযম্ هضم আ.]। **গরহাজির, গরহাজীর, গরহাযির**—বিণ. অনুপস্থিত (কোন ছাত্র কয়দিন হাজির গরহাজির হয়—ইব্রাহিম)। [—আ.+হাযির حاضر আ.]। **গরহাজিরা, গরহাজীরা**—বি. অনুপস্থিতি (... ঘরে গরহাজীরা যে না পায় দেখিতে—ভারত)।

**গরজ, গরয**—১বি. আবশ্যক, প্রয়োজন, দায় (নহিলে কহিতে মোর কি ছিল গরজ?—ভারত)। ২বি. আগ্রহ (একাজে তার গরজ নেই, তোমার গরজ থাকে তুমি যাইয়া জানিয়া আইস—শামসুদ্দীন)। ৩বি. যত্ন (লেখাপড়ার গরজ নাই)। ৪বি. স্বার্থ (আপন গরজ আপনাকে দেখতে হবে)। [গরয্ غرض আ.]। **গরজী, গরযী**—বিণ. গরজ বিশিষ্ট।

**গরঠিকানা**—দ্র. গর।

**গরদা, গর্দা, গর্দ**—১বি. ধুলামাটি, ময়লা (আসমানে লাগিল গর্দা হইল আন্ধার—হামজা)। ২বিণ. অপরিষ্কার, অস্পষ্ট, আবছা (ঘন মিশকালো রাতের গর্দা কুহেলী—শাহাদাত)।[গরদ্ گرد ফা.]।

**গরদান**—দ্র. **গর্দান**।

**গরদিশ, গর্দিশ**—১বি. অবস্থা বৈগুণ্য, বিপর্যয়। ২বি. কালচক্রের আবর্তন (ফাঁড়াগর্দিশ কাটিয়ে এগুতে হল—মুজতবা: আহা, কি নসিবের গরদিশ রে—ওদুদ)। [গর্দিশ گردش ফা.]। **যমানার গর্দিশ** —বি. কালচক্রের পরিবর্তন, ঘূর্ণন।

**গরপছন্দ, গরপসন্দ**—দ্র. **গর**।

**গরবনেদী**—দ্র. **গর**।

**গরবা**— বি. অভাবগ্রস্ত ব্যক্তিগণ, দরিদ্র লোকেরা (গরীব-গরবা)। [গরীব غریب শব্দের ব.ব. গুর্বা غربا আ.]।

**গরম**—১বি. উত্তাপ, উষ্ণতা, (আজ খুব গরম)। ২বি. গ্রীষ্মকাল। ৩বি. দর্প, অহংকার (টাকার গরম)। ৪বি. রোগ (পেট গরম)। ৫বিণ. উষ্ণ, তপ্ত (গরম পানি)। ৬বিণ. ক্রুদ্ধ, রুষ্ট, (মনেমনে গরম হচ্ছি—মনোজ)। ৭বিণ. শীতনিবারক (গরম কাপড়)। ৮বিণ. উদ্ধত, উগ্র, চড়া (গরম মিযাজ)। ৯বিণ. কড়া, তীব্র, তিরস্কার পূর্ণ (গরম সমালোচনা—লুৎফর)। ১০বিণ. গ্রীষ্ম (গরম কাল)। ১১বিণ. উত্তেজক (গরম মসলা)। ১২বিণ. মহার্ঘ, চড়া (গরম বাজার)। ১৩বিণ. উত্তেজনাপূর্ণ, শান্তি ভঙ্গের জন্য উন্মুখ (গরম পরিস্থিতি)। ১৪বিণ. টাটকা সদ্যপ্রাপ্ত (গরম খবর)। [গরম گرم ফা.]।

**গরমি,গর্মি,**—১বি গরম, উত্তাপ (আজ বড় গরমি)। ২বি. গ্রীষ্মকাল, নিদাঘ (গর্মির রোদে শ্রান্ত বেহারা —বন্দে)। ৩বি. উপদংশ রোগ। ৪বি. দেমাক, গরিমা বা ঔদ্ধত্য (মনে গর্মি না জন্মিয়া এতো

নম্রতা— টেকচাঁদ)। ৫বি. ক্রোধ, রোষ, উষ্মা (মনে বিলক্ষণ গরমি হইতেছে— বিদ্যা)। ৬বিণ. উত্তপ্ত, উষ্ণ। [গর্‌মী گرمی ফা.]।

**গরমিল**—দ্র. **গর**।

**গরয**—দ্র. **গরজ**।

**গররাজি, গররাজী**—দ্র. **গর**।

**গরলায়েক**—দ্র. **গর**।

**গরহজম, গরহযম**—দ্র. **গর**।

**গরহাজির, গরহাজীর, গরহাযির,**—দ্র. **গর**।

**গরিব**—দ্র. **গরীব**।

**গরীব, গরিব**—১বিণ. দরিদ্র (গরীব বাপের গরব মণি সাপের ফণা আস্তানা— সত্যেন্দ্র)। ২বিণ. বিনীত, দীন (গরীব গোরে দীপ জ্বেলনা ফুল দিয়ো না কেউ ভুলে— সত্যেন্দ্র)। ৩বিণ. বেচারা (গরিবের কি দোষ আছে—রাম রাম)। [গরীব غریب আ.]। **গরীবখানা**— ১বি. দরিদ্রের কুটির। ২বি. আপন গৃহ (বিনয় ও সৌজন্যসূচক উল্লেখ)। [—আ. + খানা خانه ফা.] **গরীব-গুরবা গরীব গুরবো** —কাঙাল ফকীর, দীন-দরিদ্র। ২বি. বিত্তহীন সম্প্রদায়। [ আ. এক. + গুর্‌বা غربا ব. ব.]। **গরীব নওয়াজ, গরিব-নেবাজ**—বি. গরীবের সহায়, গরীবের আশ্রয় (প্রাণ রাখ গরীবনেবাজ— ভারত)। [—আ. + নওয়ায نواز ফা.]। **খাজা গরীব নওয়াজ**—আজমীরে সমাহিত প্রসিদ্ধ সুফী খাজা মঈনুদ্দীন চিশ্‌তীর উপাধি বিশেষ। **গরীবানা, গরিবানা**—১বিণ. দরিদ্রোচিত, দরিদ্রের উপযুক্ত। ২বি. দরিদ্রের ভাব, দারিদ্র্য, দরিদ্রাবস্থা (গার্জেন গরিবানা জানিয়ে যদি দরখাস্ত করে— মনোজ)। [গরীবানাঃ غریبانه ফা.]। **গরীব পরোয়ার**— বি. দরিদ্রের প্রতিপালক, দীনবৎসল ব্যক্তি। [—আ. + পরওয়ার پرور ফা.]।

**গর্দ**—দ্র. **গরদা**।

**গর্দান, গরদান**—১বি. স্কন্ধ, ঘাড়, গলা (সীমারের তীর লাগলো গর্দানে— হারামণি)। ২বি. ঘাড়সমেত মাথা (হাতে পায়ে গর্দানে তার লোহার শিকল —বাহার)। [গর্‌দন گردن ফা.]।

**গদ্দাজি**— বি. **গলাধাক্কা**।

**গর্দিশ**—দ্র. **গরদিশ**।

**গলত**—দ্র. **গলদ**।

**গলদ, গলত, গলৎ**— বি. ভুল। [গলত্ غلط আ.। **গলতি, গলতী**—১বি. ভুল, দোষ, ত্রুটি। ২বি. ফাঁক আছে এমন বস্তু, গলদভরা (এমন সব গলতী মামলায় আমি হাত দিনা— টেকচাঁদ)। [গল্‌তী غلطی আ.]।

**গলিজ, গলীয**—১বিণ. নোংরা। ২বিণ. দুর্গন্ধময়। ৩বিণ. পচা (গলিজ আবর্জনায় ত্যক্ত ফিরে পায় মানবতা— ফররুখ)। [গলীয غليظ আ.]।

**গল্লা**—বি. শস্য, ধান। [গল্লহ্ غله আ.]।

**গশ্‌ত, গাশত্**—১বি. রোঁদ, টহল, ভ্রমণ। ২বি. তবলীগ জামাতের একটি বিশেষ কর্মসূচী [গশ্‌ত گشت ফা.]।

**গস্ত**— ১বি. ভ্রমণ। ২বি. হাট-বাজারে ঘুরে জিনিস-পত্রাদি কেনা। [গশ্‌ত گشت ফা.]।

**গস্তানি, গস্তানী**—বি. কুলটা নারী, বেশ্যা (কটিনী গস্তানী বড় যে মস্তানী—ভারত) [গশ্‌তনী گشتنی ফা.]।

**গস্তিদার**—বি. সুবিধা দরে মাল কেনার জন্য সন্ধান নিয়ে ফেরে যে [গশ্‌ত্‌দার گشتدار ফা.]।

**গাউস**—দ্র. **গওস**।

**গাওয়া**—১বি. সাক্ষ্য, প্রত্যক্ষদর্শী। ২বি. সাক্ষ্য (অন্তত: তিনজন গাওয়া না দিলে বিশ্বাস করতে নাই—মনসুর)।[গওয়াহ্‌ گواه ফা.]।

**গাঁটরি, গাঁটুরী, গাঁঠ্‌রি, গাঁঠুরি, গাঠরি, গাঠরী**—বি. কাপড়ের টুকরা দিয়ে বাঁধা ছোট বস্তা বা পুঁটুলি, বোঁচকা (এখন... বাঁধ গাঠুরি—মশাররফ; বাঁধ গাঠুরি সুলায়মানের মুলুক খুঁজিতে চলিব—মু. শ.)। [গাঠড়ি گٹھڑی উ.]।

**গাগরি**—বি. কলস. ছোট কলসী (গাগরি ভরণে চলে চপলা ব্রজনারী—নজরুল)। [গগ্‌রী گگری হি.]।

**গাজী, গাযী**—বি. আল্লাহ্‌র নির্দেশ অনুয়ায়ী ইসলামের জন্য যুদ্ধ করে যে যোদ্ধা (কই সে গাজী? কোথায় আজি—সত্যেন্দ্র)। ২বি. সুপ্রসিদ্ধ ইসলামী যোদ্ধা ও পীর. পুঁথি-সাহিত্যের অন্যতম নায়ক। [গাযী غازی আ.]।

**গান্দা**—১বিণ. দুর্গন্ধযুক্ত. পচা. ময়লা। ২বিণ. অপবিত্র। [গন্‌দহ گنده ফা. গন্‌দা گندا হি.]।

**গাপ**—১বিণ. গোপনে আত্মসাৎ (অন্তত চিঠিটি গাপ করবার সময় একথাটি মনে হয়নি —নজরুল)। ২বিণ. গায়েব. অদৃশ্য। ৩বিণ. লুক্কায়িত, গুপ্ত। [গায়িব غائب আ.]।

**গাফ্‌ফার**—দ্র. **গফফার**।

**গাফলত, গাফলতি, গাফলতী, গাফলিয়ত**—দ্র. **গাফিল**।

**গাফিল, গাফেল**—বিণ. অলস, অন্যমনস্ক। (সারা বরষ ছিলি গাফেল এবার আঁখি খোল—নজরুল) [গাফিল غافل আ.]। **গাফলত, গাফলতি, গাফলতী, গাফলিয়ত, গাফিলতি, গাফিলতী, গাফেলতি**—১বি. অলসতা, অন্যমনস্কতা (গাফলতি নাই আর কারো নামাজ কাজায়—নজরুল; গাফলিয়তি ভোল্‌ রে অলস—নজরুল; গাফেলতির ঘুম ভেঙে দাও, হউক নিশি অবসান—নজরুল)। ২বি. ফাঁকিবাজি, ঢিলেমি (পাবেনা মজুরী যদি গাফিলতি করে ফের কাজে—ফররুখ)। [গাফলত্‌ غفلت আ.]। **গাফিলি, গাফেলি, গাফেলী**—১বি. অবহেলা, ঔদাসীন্য (কর্তব্যের গাফেলি এতই ভাল লাগছে—রবীন্দ্র)। ২বি. অমনোযোগ, অনবধানতা (পল্টনে এসে গাফেলীই ত এক মহা অন্যায়—নজরুল)। ৩বি. অযত্ন, ত্রুটি. বিচ্যুতি (শারীরিক তদবিরে বিলক্ষণ গাফিলি হয়—কালী সিং)। [গাফিল غافل আ. +ই.ঈ]।

**গাফিলি, গাফেলি, গাফেলী, গাফিলতি, গাফিলতী, গাফেলতি**—দ্র. **গাফিল**।

**গাযী**—দ্র. **গাজী**।

**গায়বী**—দ্র. **গায়েব**।

**গায়েব**—১বিণ. অদৃশ্য, গুপ্ত (যাদুর দরিয়া গেল গায়েব হইয়া—হামজা)। ২বিণ.

আত্মসাৎ, গাপ। [গায়িব্ غائب আ.]। **গায়েবি, গায়েবী, গায়বী, গয়বি, গয়বী, গৈবি, গৈবী, গইবি, গইবী**—১বিণ. অদৃশ্য (গায়বী নূরে ঝরছে আরও চেহারার রোশনাই —ইজদানী)। ২বিণ. আজগবী। ৩বিণ. গুপ্ত (লোকে রটিল পেয়েছে গৈবী ধন—অবনীন্দ্র)। ৪বিণ. রহস্যময় (গয়বী খুন)। [গয়্ব্ غیب আ.+ ی ফা.]।

**গায়ের মহরম, গায়র মাহ্রুম**—যার সঙ্গে বিবাহ চলে [গয়্র্ غیر আ.+ মহ্রম্ محرم আ.]।

**গায়ের মোকাল্লেদ, গাইর মুকাল্লিদ**—বিণ. চার ইমামের কারো অনুসারী নয় এমন, গোঁড়া অনুসারী নয় এমন। [গয়্র্ মুকাল্লিদ غیر مقلد আ.]।

**গায়ের হাজির, গায়র হাযির**—বিণ. অনুপস্থিত। [গয়্র্ হাযির غیر حاضر আ.]।

**গার,-গর**—বিণ. কর্তা এই অর্থক প্রত্যয়, কারক, করে যে (খিদমতগার; কারিগর)। [গার; গর گار، گر ফা.]।

**গারত, গারৎ**—১বিণ. বিনষ্ট, নিপাত, বিধ্বস্ত (চিরতরে তারা গারৎ হয়েছে— মোস্তফা)। বি. লুণ্ঠন। [গারত غارت আ.]।

**গালি**—১বি. কটু বাক্য। ২বি. তিরস্কারপূর্ণ বাক্য, ভর্ৎসনা। [গালী گالی হি.]।

**গালিচা, গাল্চে**—বি. কার্পেট, পশুলোম পাট ইত্যাদি দিয়ে প্রস্তুত মেঝের পুরু আবরণ বিশেষ। [গালীচহ্ غالیچه ফা.]।

**গালিম**—১বি. শত্রু, বৈরী, অরি (গোলাম গোলামী কৈল গালিম কয়েদ হৈল— ভারত)। ২বি. বিণ. বিজয়ী। ৩বি. বিণ. প্রবল। [গালিব غالب আ.]। **গালিমী, গালিমি** —১বি. শত্রুতা, প্রতিকূলতা (গালিমী করিল তাহে পাঠানু তোমায়— ভারত)। ২বি. জবরদস্তী।

**গালিব**—দ্র. **গালেব**।

**গালেব, গালিব**—১বিণ. জয়ী, বিজয়ী। প্রবল শক্তিশালী। (শাহ্ওয়াৎ গালেব হয়— মনসুর)। ৩বি. পরাক্রমশালী, দুর্ধর্ষ (গালেব দুশমন আছে—গরীব)। [গালিব غالب আ.]।

**গাশ্ত্**—দ্র. **গশ্ত্**।

**গাহ, গাহ্**—বি. স্থান (বালুর উপর স্তূপ রয়েছে সেখানে কবরগাহ্ — নজরুল)। [গাহ্ گاه ফা.]।

**গিঞ্জি**—দ্র. **ঘিঞ্জি**।

**গিধড়, গিদ্ধর**—১বি. শৃগাল (দুই গিধড়ের গাড়া ছিল সেইখানে— হামজা)। ২বিণ. নোংরা, অপরিচ্ছন্ন। [ গিদ্ধড় گدھڑ হি.]।

**গিবত**—দ্র. **গীবত**।

**গির্দা, গির্দা, গেরদা, গের্দা**—বি. তাকিয়া, বড় বালিশ (মস্ত একটা তক্তপোষে গের্দা হেলান দিয়ে—অবনীন্দ্র)। [গিরদহ্, গিরদা گرده، گردا ফা.]।

**গিরা, গিরে**—বি. বস্ত্রাদি মাপার পরিমাণ বি., এক গজের ষোল ভাগের এক ভাগ, সোয়া দুই ইঞ্চি পরিমাণ। [গিরহ্ گره ফা.]।

**গিরে**—দ্র. **গিরা**।

**গির্দ**—দ্র. **গের্দ**।

**গিরবাজ**—দ্র. **গেরবাজ**।

**গিরুবাজ**—দ্র. **গেরবাজ**।

**গিলমান**—দ্র. **গেলমান**।

**গিলাফ**—দ্র. গেলাপ।

**গিল্লা**—বি. অভিযোগ, বদনাম, কুৎসা। [গিলাহ্ گله ফা.]।

**গীবত, গিবত**— বি.কুৎসা, পরনিন্দা। (বৌ মানুষের নামে যেখানে সেখানে গীবত করে — ইজদানী)। [গীবত غیبت আ.]।

**গুজরান১**—১বি. জীবিকা (চাষ-বাস করিয়া গুজরান হইতেছে — রবীন্দ্র)। ২বি. জীবিকা-নির্বাহ (চাকরি করিয়া গুজ্‌রান করা ভাল — টেকচাঁদ)। ৩বি. যাপন, অতিবাহন, নির্বাহ। [গুযারা گذارا গুযারহ্ گزاره ফা.]।

**গুজরান২ / গুজরানো**—১ক্রি. যাপন করা, অতিবাহন করা (আমরা বিজাপুরের সুলতানের অধীনে বেশ আরাম ও স্বচ্ছন্দে দিন গুজরান করিতেছি—শিরাজী)। ২বিণ. উক্ত অর্থে। [গুযার্‌না گذارنا হি.]।

**গুজশ্‌তা, গুজস্তা, গুযাশ্‌তা**—১বিণ. সাবেক, পূর্বেকার, বকেয়া। ২বিণ. বিগত। [গুযিশ্‌তহ্ گذشته ফা.]।

**গুজার**—১বি. অতিপাত, অতিবাহন, যাপন (হতো তোমার দিন গুজার—সত্যেন্দ্র)। ২বি. নিবার্হ, সমাধা, সম্পাদন (অবিলম্বে হজ গুজারি— সুলতান)। [গুযারহ্ گزاره ফা.]।

**গুজারেশ**—বি. নিবেদন, বক্তব্য। [গুযারিশ گذارش ফা.]।

**গুণা**—দ্র. গুনা।

**গুনতি, গুণতি, গনতি, গণতি**—বি. গণনা, সংখ্যা নির্ণয়। [গিন্‌তী گنتی হি.]।

**গুনা, গুণা, গুনাহ্, গোনা, গোনাহ**—১বি. পাপ (সারা বছর গুনাহ্ যত ছিল রে জমা—নজরুল)। ২বি. অপরাধ, দোষ (মুমীন সবের গুনা করিমে ক্ষেমিব—আলাওল)। [গুনাহ্ گناه ফা.]। **গুনাখাতা**—বি. দোষত্রুটি (গুনাখাতা মোর ভুলে যেয়ো তুমি হে পরওয়ারদিগার—হাই)। **গুনাগার, গুনাহ্‌গার, গুনগার, গুনকার, গোনাহ্ গার**—১বিণ. পাপী (কাঁদিবে কেয়ামতে গুনাহ্‌গার সব—নজরুল)। ২বিণ. অপরাধী (নিদানে নৃপতি আগে হব গুনাগার—ঘন)। ৩বি. জরিমানা, অর্থদণ্ড, আক্কেলসেলামী (টিকিট না কাটার দরুণ কত গুনগার দিতে হয়—অচিন্ত্য)। **গুনাগারি, গুনাগারী, গুনাহ্‌গারি**—১বি. জরিমানা, অর্থদণ্ড (গুনাগারী দেয় বণিকেরা নাকি; আমি এদেশে হায় গুনাহ্‌গারি দিলাম জীবন ভর—নজরুল)। ২বি. আক্কেল সেলামী।

**গুম**—১বি. গুপ্ত, অপ্রকাশিত (গুমখুন)। ২বি. বিণ. নিখোঁজ, লাপাত্তা। ৩বি. বিণ. গায়েব, অদৃশ্য (গুম করে ফেলা, গুম হয়ে যাওয়া)। ৪বি. নীরব, নিশ্চুপ (নারীদের বেলা গুম হয়ে রয় গুমরাহ্ যত চোরে—নজরুল)। [গুম گم ফা.]। **গুমখুনি, গোমখুনি** —বি. গুপ্ত হত্যা (আপনার নামে গোমখুনির নালিশ হইয়াছে—টেকচাঁদ)।

**গুমর, গুমোর, গুমার**—১বি. অহংকার, দেমাক (যে স্ত্রীলোক স্বয়ং উপার্জন করে তাহার একটু একটু গুমর হয়—টেকচাঁদ; নতুন পৈঁচি বাজুবন্দ পরে চাষা-বৌ কথা কয়না গুমোরে—নজরুল)। ৩বি. গোপন কথা, রহস্য, গোপন অভিসন্ধি (মনের

গুমর কন্যা মনে লুকাইয়া। গোয়ালিনীর কাছে কয় হাসিয়া হাসিয়া—মৈ. গী.)। ৪বি. মূল্য। ৫বি. চাহিদা (ক্রমে জমির এমত গুমর হইয়াছিল যে—টেকচাঁদ)। [গুমর گمر উ., গুমান گمان ফা.]।

**গুমরাহ্, গোমরাহ, গমরাহ**—বিণ. বিপথগামী, পথভ্রষ্ট, পথভ্রান্ত। (মেহেদী হবেন ইমাম সেথায়, রাহ্ দেখাবেন গুমরাহে — নজরুল)। [গুম্‌রাহ্ گمراہ ফা.]।

**গুমাণ**—দ্র. **গুমান**।

**গুমান, গুমাণ**—১বি. গর্ব, অহংকার, দেমাক (ইহা জানি মনে হেন না করে গুমান। খোদার সৃজন দুই একহি সমান—হেয়াত)। ২বি. অনুমান। [গুমান گمان ফা.]।

**গুমার**—দ্র. **গুমর**।

**গুমোর**—দ্র. **গুমর**।

**গুম্বজ, গুম্বয, গম্বুজ**—বি. মসজিদ মিনার মাযার প্রভৃতির গোলাকার শীর্ষদেশ, dome (মর্মর গুম্বজ ভরি ধ্বনি ধায়—সত্যেন্দ্র: যে লাঠিতে আজ টুটে গম্বুজ নজরুল)। [গুন্‌বদ گنبد ফা.]।

**গুরিয়া**—১বিণ. ছোট (তাঁর স্ত্রী একটি চিত্তির করা হাঁড়ী ঘুন্সি ও গুরিয়া *পুতুল* আনতে বলেছিল— কালী সিং)। ২বি. ছোট পুতুল। [গুড়য়া گڑیا হি.]।

**গুর্জ**—দ্র. **গোর্জ**।

**গুর্দা, গোর্দা**—১বি. মূত্রাশয়। ২বি. সাহস। ৩বি. অন্তঃকরণ (নাহি/নাচে কিরে তোর মরদের ওরে দিলীরের গোর্দায়—নজরুল)। [গুর্‌দহ্ گردہ ফা.]।

**গুল**—১বি. গোলাপফুল (গোলাপ গুলের পিয়ালাতে—নজরুল)। ২বি. ফুল (নার্গিস আর গুল-বনোসার দেখবে যেথায় সুনীল দল— নজরুল)। ৩বি. ফুলের নকশা (গুলদার)। [গুল گل ফা.]। **গুলকারী** — বি. ফুল আঁকা, ফুলের নকশা। [ گل کاری ফা.]।

**গুলজার, গুলযার, গোলজার**—১বিণ. জাঁকজমকপূর্ণ (তুর্ক তোরণে নহবত বাজে গুলজার গুলশান —শাহাদাত)। ২বিণ. ঘন বসতিপূর্ণ, জমজমাট (কলিকাতা ক্রমে ক্রমে শহর হইয়া গুলজার হইতে লাগিল —টেকচাঁদ)। ৩বিণ. বি. সর-গরম, জমজমাট (আসর গুলজার)। ৪বি. (মূল অর্থ) ফুলের বাগান। [গুলযার گلزار ফা.]।

**গুলতন**—দ্র. **গুলতান**।

**গুলতরাশ**—দ্র. **গুলতরাস**।

**গুলতরাস, গুলতরাশ**—১বি. যারা কাগজ কেটে ফুল তৈরী করে। ২বি. বাতির পোড়া শিষ কাটার কাঁচি। [গুল-তরাশ گل تراش ফা.]।

**গুলতান, গুলতানি, গুলতন**—১বি. গল্প গুজব, গালগল্প (নাটকের মহড়া বন্ধুরা মিলে গুলতানি মারছে—আজাদ)। ২বি. গোলযোগ। ৩বি. জটলা, ঘোঁট। [গুল্ غل ফা.+ত'ন طعن আ.]।

**গুলদস্তা**—১বি. ফুলের তোড়া। ২বি. ফুলদানি। [গুলদস্তহ্ گل دسته ফা.]।

**গুলদান, গুলদানী**—বি. পুষ্পপাত্র, ফুলদান (তিল হয়ে সে রইল বসে তোমার গালের গুলদানীতে— নজরুল)। [গুলদান گل دان ফা.]।

**গুলদার**—বিণ. ফুলের নকশা কাটা, বুটিদার (গুলদার ঢাকাই উড়ুনী—কালীসিং)। [গুলদার گل دار ফা.]।

**গুলনকস, গুলনকশ, গুলনকসা, গুলনকশা**— ১বি. ফুল পাতা তোলা রেশমি কাপড়। ২বি. চিকনের ফুলতোলা কাজ। [ گل + নক্‌শ نقش আ.]।

**গুলনার, গুলেনার**—১বি. ডালিমের ফুল (প্রশান্ত বাতাসে শুধু জাগিয়েছে গুলেনার বন —ফররুখ; গুল্‌নার-বাগে ফুল বিলকুল—মোহিত)। ২বি. ডালিম ফুলের নকশা-করা শাড়ী। [গুলে আনার گل انار ফা.]।

**গুলফাম**—১বিণ. কুসুমদেহী। ২বিণ. রংগীন বা গোলাপী। ৩বিণ. গোলাপ বর্ণ। [গুল گل + ফাম فام ফা.]।

**গুলবদন**—১বিণ. কোমলাংগ, গোলাপের ন্যায় কোমলদেহী। (ভুখা আঁখি কাজ কি ঢাকি ওড়না দিয়ে গুলবদন—নজরুল)। ২বি. রেশমি কাপড় বিশেষ। [গুলবদন گل بدن ফা.]। **গুলবদনী**— বিণ. কোমলাঙ্গী। (গুলবদনীর চিবুক গালের টোল—নজরুল)। [—+ঈ বাং.]।

**গুলবনফ্‌শা**— বি. ফুলবিশেষ, violet flower [—ফা.+বনফ্‌শহ্‌ بنفشه ফা.]

গুলবন্ধী — (প্রা-বা)— বি. জামিন, প্রতিভূ। [গোড় گوڑ হি.+ বন্ধওয়া بندهوا হি.]।

**গুলবাগ, গুলবাগিচা**—বি. ফুলবাগান, কুসুম কানন (আগমনী গায় গুলবাগে বুলবুল—নজরুল; সিস্তানের ঐ গুল্‌-বাগিচা গুলিস্তান আর বোস্তানে—নজরুল)। [গুল+বাগ گل باغ ফা.]।

**গুলবাহার**—১বি. বুটিদার শাড়ি বিশেষ, রঙিন ফুলতোলা শাড়ি বিশেষ (গুলেগুলে শাড়ী গুলবাহার পরি সেদিন ধরণী মা —নজরুল)। ২বি. কেয়ারি-করা ফুল-বাগান, সুশোভিত কানন (ভূতেরা চাহুক গোর ও শ্মশান, আমরা চাহিব গুলবাহার —নজরুল)। [গুলবহার گل بہار ফা.]।

**গুলযার**—দ্র. **গুলজার**।

**গুলরুখ**—১বিণ. যার গণ্ডদেশ গোলাপের ন্যায় রঙিন, রক্তাভ কপোল (সুর্মা পাহাড়ে লুপ্ত অগ্নিবর্ণ গুলরুখশিখা— ফররুখ)। [ — رخ ফা.]।

**গুলশান**—বি. পুষ্পোদ্যান, কুসুম কানন, ফুলবাগান (ফিরদৌসের কোন গুলশানে —শিরাজী; এ-ধরা হউক আল্লার গুলশান— নজরুল)। [গুলশন گلشن ফা.]।

**গুলশিরাজী**—বি. শিরাজের গোলাপ (গোলাপ-কাঁটার শুকনো বেড়ায় গুল-শিরাজী ফুটলনা—সত্যেন্দ্র)।

**গুলাব, গুলাবি**—দ্র. **গোলাপ**।

**গুলাম**—দ্র. **গোলাম**।

**গুলাল**—১বি. আবীর, ফাগ (গণ্ডে গ্রীষ্মের গুলাল—সুধীন)। ২বি. সুগন্ধি তুলসী গাছ, বাবুই তুলসী। ৩বি. সুগন্ধি পুষ্প বিশেষ। ৪বি. গুলতি। [গুলাল گلال ফা.]।

**গুলি, গুলী, গোলী**—১বি. গুটিকার ন্যায় বস্তু, বাঁটুলের ন্যায় সুন্দর ছোট গোলা। ২বি. বড়ি, বটিকা, pill। ৩বি. বন্দুকের ছররা বা বুলেট (গুলি তাঁকে স্পর্শ করতে পারেনা—পরশু; কথা নয় যেন শিসের গুলি—আজাদ)। ৪বি. চণ্ড, আফিম হতে

তৈরী মাদক দ্রব্য বিশেষ (গুলিখোর)। [গুলী گولی উ., হি.]। **গুলিখোর**—বি., বিণ. চণ্ডুসেরী, আফিং খোর। [—খোর خور ফা.]।

**গুলিখোর**—দ্র. **গুলি**।

**গুলিস্তাঁ, গুলিস্তান**—১বি. পুষ্পবন, ফুলের বাগান (শরাব-সাকীর গুলিস্তাঁয়—নজরুল; পুণ্যের গুলিস্তান রচিল দেখিতে পাই—নজরুল)। ২বি. শেখ সাদীর বিশ্বখ্যাত কাব্যগ্রন্থ। [গুলিস্তাঁ گلستان ফা.]।

**গুলী**—দ্র. **গুলি**।

**গুলেনার**—দ্র. **গুলনার**।

**গেজা**—বি. সুস্বাদু বা ভাল খাবার, খাদ্য (শূকরের হাতে তুমি সঁপিতেছ গেজা—ফয়জুল্লা)। [গিযা غذا আ.]।

**গের্দ, গের্দ, গির্দ, গির্দ**—১বি. বেষ্টন, আটক। ২বি. এলাকা, অঞ্চল (পাঁচ লক্ষ সামন্ত দিল্লী গের্দে ছিল—রাম রাম)। [গির্দ্ گرد ফা.]।

**গেরদা**—দ্র. **গির্দা**।

**গেরবাজ, গেরোবাজ, গেরুবাজ, গেরোবাজ, গিরবাজ, গিরুবাজ**—বি. গৃহবাজ, ভালো জাতের পায়রা বিশেষ, লোটন পায়রা (খুব ডিগবাজি খেতে শিখেছিস্। তুই আর জন্মে ছিলি গেরবাজ—প্রমথ)। [< গৃহ সং + বায্ باز ফা.]।

**গেরানী**—বি. মহার্ঘতা, মূল্যাধিক্য। [গরানী گرانی ফা.]।

**গেরুবাজ**—দ্র. **গেরবাজ**।

**গেরেপতার, গেরেপ্তার, গেরেফতার**—দ্র. **গ্রেপ্তার**।

**গের্দ**—দ্র. **গের্দ**।

**গের্দা**—দ্র. **গেরদা**।

**গেলমান, গিলমান, গেলেমান, গেলেমা**—বি. বেহেশতের সেবকবৃন্দ (আনন্দে গাইয়া ফেরে ফেরেশ্‌তি হুর গেলেমান—নজরুল)। [গিল্‌মান غلمان আ.]।

**গেলাপ, গেলাফ, গিলাফ**—১বি. ওয়াড়, খোল (পুরাতন তম্বুরাটিতে গেলাপ পরাইয়া—রবীন্দ্র)। ২বি. আচ্ছাদন, আবরণ (কাবার গেলাফের এক টুকরা বাহির করিয়া দিলেন—ইমদাদ)। [গিলাফ غلاف আ.]।

**গেলেমা, গেলেমান**—দ্র. **গেলমান**।

**গেহুঁ**—বি. গম, শস্যবিশেষ। [গেহুঁ گیہوں হি.]।

**গৈবি, গৈবী**—দ্র. **গায়েব**।

**গোঁৎ, গোঁতা, গোঁত্তা**—১বি. মাথা নীচু করে জলের মধ্যে বেগে প্রবেশের ভাব। ২বি. আকাশে বায়ু স্রোতে সুতা মারার ভংগিতে কাত হ'য়ে হঠাৎ তাল খেয়ে নীচে নামার ভাব। ৩বি. মাথা নীচু করে মাথা দিয়ে ধাক্কা দেয়া বা ঢুঁ দেয়া (যুদ্ধের জন্যে এগিয়ে এসে হায়দরিকে এক গোঁত্তা বসিয়ে—অবনীন্দ্র)। [গূতহ্ غوطه আ.]।

**গোঁয়ার**—১বিণ. একগুঁয়ে, জেদী। ২বিণ. গ্রাম্য, গেঁয়ো, বর্বর। ৩বিণ. কাণ্ডজ্ঞানহীন, হোঁত্‌কা, rash, হঠকারী, উদ্ধত। ৪বিণ. দু:সাহসী। ৫বিণ. অশিক্ষিত, অমার্জিত, অসভ্য। [গঁওয়ার گنوار হি.]।

**গোছল**—দ্র. **গোসল**।

**গোনা, গোনাহ্**—দ্র. **গুনা**।

**গোমরাহ**—দ্র. **গুমরাহ্**।

**গোমস্তা, গমস্তা**—১বি. তহশীলদার, খাজনা আদায়কারী কর্মচারী। ২বি. জমিদার বা মহাজনের পাওনা আদায়কারী। ৩বি. প্রতিনিধি। [গুমাশতাহ্ غماشته ফা.]।

**গোয়েন্দা**— বি. চর, গুপ্তচর, Spy। [গোয়ন্‌দহ্ گوینده ফা.]। **গোয়েন্দাগিরি** —বি. গুপ্তচরবৃত্তি, গোয়েন্দার পেশা।

**গোর**—১বি. সমাধি, কবর (তুই/কাঁদিস কোথায় বুকে ধরে সেই নবীজীর গোর—নজরুল)। ২বিণ. উৎসর্গ (জালিমের দাদ নেবো, দেব আজ গোর্ জান—নজরুল)। [গোর گور ফা.]। **গোর-আজাব**—১বি. লাশ দাফনের পর কবরে পাপের জন্য শাস্তি, কবর আজাব (গোর-আজাব থেকে এ গুনাহ্‌গার পাইবে রেহাই—নজরুল)। ২বি. প্রচণ্ড কষ্ট, যন্ত্রণাকাতর (সংসারটা যেন গোর-আজাব)। **গোরস্তান, গোরস্থান**—বি. সমাধিক্ষেত্র, কবরস্থান (হঠিতে হঠিতে আসিয়া পড়েছি আখেরি গোরস্থানে—নজরুল)।

**গোরী**—বি. প্রেমিকা (পানিয়া ভরণে চল লো গোরী—নজরুল)। [ گوری হি.]

**গোর্জ, গুর্জ**—বি. লোহার তৈরী গদা, মুগুর (তল্‌ওয়ার তীর গোর্জ নেজায় পিঠ যেত তার ছেয়ে— নজরুল)। [গুর্‌য্ گرز ফা.]।

**গোর্দা**—দ্র. **গুর্দা**।।

**গোল**—১বি. গোলাকার, বৃত্তাকার, চক্রাকার। ২বি. গোলমাল, হৈচৈ, হল্লা (গোল বাধাবে বঁধুর সাথে—নজরুল)। ৩বি. দ্বিধা, দ্বন্দ্ব। ৪বি. সমস্যা, ফ্যাসাদ। ৫বি. জটিলতা। ৬বি. ভুল। ৭বি. ঝগড়া, বিবাদ। [গোল্ گول হি.]।

**গোলজার**—দ্র. **গুলজার**।

**গোলা**—বি. গোলাকার বস্তু (কামানের গোলা; চল্লিশ কোটি মানুষ মারিতে কোথা পাবে গোলাগুলি— নজরুল)। [গোলা گولا হি.]।

**গোলাপ, গুলাব**—বি এক জাতের সুগন্ধী ফুল, rose। [গুলাব گلاب ফা.]। **গোলাপী, গুলাবী**—বিণ. গোলাপের আভাযুক্ত। [ گلابی ফা.]।

**গোলাপী, গুলাবী**—দ্র. **গোলাপ**।

**গোলামি, গোলামী**—দ্র. **গোলাম**।

**গোলাম, গুলাম**—১বি. দাস, ক্রীতদাস (হেরেম-রক্ষী যত গোলামের কাঁপায়ে তুলিত প্রাণ— নজরুল)। [গুলাম غلام আ.]। গোলামি, গোলামী—১বি. দাসত্ব, গোলামের কাজ। ২বি. চাকরি (কারো গোলামী করিনা)। [গুলামী غلامی আ.]।

**গোলী**—দ্র. **গুলি**।

**গোশ, গোশত, গোস্ত**—বি. মাংস। [গোশ্‌ত گوشت ফা.]। **গোশ্‌তখোর**—বিণ. মাংসভোজন বিলাসী, মাংসপ্রিয়। [—ফা.+খূর خور ফা.]।

**গোসল, গোছল**—বি. স্নান, অবগাহন, নাওয়া, সমস্ত শরীর ধোওয়া। [গুসল্ غسل আ.]।

**গোসা, গোস্‌সা, গোস্বা**—১বি. রাগ, ক্রোধ, উত্তেজনা। ২বি. অভিমান (এক কন্যা গোসা করে বাপের বাড়ী যান—লোকগীতি)। [গুস্‌সহ্ غصه আ.]।

**গোস্তাকি, গোস্তাখি, গোস্তাখী**—বি. ঔদ্ধত্য, অশিষ্টতা, বেয়াদবী (গর্জে রক্ত-গঙ্গা ফোরাত,-'শাস্তি দিয়েছি গোস্তাখীর'—নজরুল)। [গুস্‌তাখী گستاخی ফা.]।

**গ্রেপ্তার, গ্রেফতার, গেরেপতার, গেরেপ্তার, গেরেফতার**—১বি. ধরপাকড়, জিজ্ঞাসাবাদের জন্য আটক। ২বিণ. ধৃত, কারারুদ্ধ। ৩বি. বন্দী। [গিরিফ্‌তার

گرفتار ফা.]। **গ্রেপ্তারি, গ্রেফতারি**—বিণ. গ্রেফতার-সংক্রান্ত (গ্রেফতারি, পরোয়ানা)। [—ফা.+ই. বাং]।

**গ্রেপ্তারি, গ্রেফতারি**—দ্র. **গ্রেপ্তার**।

## [ঘ]

**ঘড়িয়াল, ঘড়েল**—১বি. লম্বামুখ কুমির বি.। ২বিণ. চতুর, সতর্ক ব্যক্তি, সেয়ানা। [ঘড়ুয়াল گھڑیال হি.]।

**ঘাগরা, ঘাগ্‌রি, ঘাগরী**—বি. নারীদের নিম্নাংশের ঢিলা পরিধেয় বিশেষ (ছাড়িলে ঘাগরি— সত্যেন্দ্র; পরো সবুজ ঘাগরী চেলি নীল ওড়ুনা— নজরুল)। [ঘাগরা گھاگرا উ.]।

**ঘাগী**—বিণ. বারবার ঘা খেয়েছে এমন, ভুক্তভোগী, বারবার শাস্তিপ্রাপ্ত। [ঘাগ گھاگ হি.]।

**ঘাবড়ান/ঘাবড়ানো**—১ক্রি. থতমত খাওয়া, ভয় পাওয়া, ভীষণ বিচলিত হওয়া। [ঘবরানা گھبرانا হি.]।

**ঘিঞ্জি, গিঞ্জি, ঘুঁজি, ঘুঞ্জি**—১বিণ. ঘন, নিবিড় (ঘিঞ্জি বসতি—বিভূতি)। ২বিণ সংকীর্ণ ও ঘেঁষাঘেঁষি, ঘুপচি, close (ঘিঞ্জি বস্তির গলি—আতাউর)। ৩বিণ. জনবহুল বা ঘন বসতিপূর্ণ। [গন্‌জ্ گنج হি.]।

**ঘিরা**—দ্র. **ঘেরা**।

**ঘুঙুট**—দ্র. **ঘোংগট**।

**ঘুঙ্গট, ঘুঙ্গুট**—দ্র. **ঘোংগট**।

**ঘুষা, ঘুষি, ঘুষো, ঘুসি**—বি. মুষ্ঠি প্রহার, মুষ্ট্যা ঘাত। [ঘুঁসা گھونسا হি.]।

**ঘুষি**—দ্র. **ঘুষা**।

**ঘুসান / ঘুসানো, ঘুষান / ঘুষানো** —১ক্রি. প্রবেশ করান, ঢুকান। ২ক্রি. ঢুকিয়ে দেয়া বা মিশিয়ে দেয়া; মিশান। [ঘুসনা گھسنا ]।

**ঘেরা, ঘিরা**—১ক্রি. বেষ্টন করা (দেওয়াল দিয়া ঘেরা)। ২ক্রি. বেষ্টনী দেওয়া, বেড়া। [ঘীরনা گھیرنا হি.]।

**ঘোংগট, ঘোঙ্গট, ঘুংগট, ঘুঙ্গট, ঘুংগুট, ঘুঙুট, ঘুঙ্গুট**—বি. ঘোমটা, অবগুণ্ঠন (ঘুঙ্গট খোলো পাঞ্জেরী— ফররুখ)। [ঘুংঘট گھونگھٹ হি.]।

**ঘোঁঘট**—বি. ঘোমটা (ঘোঁঘট অন্তরে খাকি বিশিখ করম— আলাওল)। [ঘুংঘট گھونگھٹ হি.]।

**ঘোঙ্গট**—দ্র. **ঘোংগট**।

**ঘোড়সওয়ার**—বি., বিণ. অশ্বারোহী। [ঘোড়া বাং+ সওয়ার سوار ফা.]।

## [চ]

**চওগান**—দ্র. **চৌগান**।

**চওড়া, চৌড়া**—১বিণ. প্রশস্ত, প্রসারযুক্ত। ২বিণ. প্রস্থবিশিষ্ট আড় বা পার্শ্ব, ওসার। ৩বিণ. বিস্তার, প্রস্থ। [চওড়া چوڑا হি.]। **চওড়াই, চৌড়াই**—বি. প্রস্থ, প্রস্থের মাপ বা বহর। [চওড়াঈ چوڑائی হি.]।

**চঙ্গল, চংগল, চংগাল**—১বি. নখর, থাবা। ২বি. শিকারী পাখির নখ। [চঙ্গাল چنگال ফা., চঙ্গুল چنگل ফা.]।

**চটক**—১বি. উজ্জ্বলতা, তীব্র ঔজ্জ্বল্য। ২বি. ভড়ং, বাহ্যিক আড়ম্বর। ৩বি. বিশেষ হাবভাবযুক্ত চালচলন। [চটক্ چٹک হি.]। **চটকদার**—বিণ. উজ্জ্বল (চটকদার পাঞ্জাবী)। [—হি.+দার دار ফা.]।

**চটি**—বি. পথিকদের বিশ্রামস্থান, পান্থশালা, সরাই। [চত্‌র چتر ফা.]।

**চড়া**—১ক্রি. আরোহণ করা, কোনো কিছুর উপরে উঠা (গাড়িতে চড়া, গাছে চড়া)। ২ক্রি. বৃদ্ধি পাওয়া, বাড়া (দাম চড়া)। ৩ক্রি. উপরে পড়া, আক্রমণ করা, চড়াও হওয়া। [চঢ়্না چڑھنا হি.]।

**চড়াই**—১বি. পাহাড়ী অঞ্চলে উর্ধ্বগত বা ক্রমোন্নত পথ। ২বি. আরোহণ, ঊর্ধ্ব-গমন। ৩বি. ঊর্ধ্বগতি। ৪বি. উন্নতি, উচ্চতা। [চঢ়াই چڑھائی হি.]।

**চড়ান / চড়ানো**—১ক্রি. আরোহণ করান, কোনো কিছুর উপরে উঠান (ঘোড়া চড়ান)। ২ক্রি. বাড়ান, উচ্চতর বা তীব্রতর করা (সুর চড়ান)। ৩ক্রি. চাপান (গায়ে চাদর চড়ান)। ৪ক্রি. চাপান বা স্থাপন করা (হাঁড়ি বা মাল চড়ান)। [চঢ়ানা چڑھانا হি.]।

**চনা, চানা**—বি. ছোলা, বুট। [চনা چنا হি.]।

**চপ্পল**—বি. চটিজুতাবিশেষ, কাবুলী স্যাণ্ডেল। [চপ্পল چپّل হি.]।

**চবুতর, চবুতরা, চবুতারা, চৌতারা**—১বি. চাতাল, চত্বর। ২বি. দাওয়া বা দালান। ৩বি. থানা বা আস্তানা (চকের মাঝে কোতোয়ালী চবুতরা—ভারত)। [চঁওত্‌রা چونترا হি.]।

**চমক**—১বি. দীপ্তি, উজ্জ্বলতা। ২বিণ. বিস্ময়। [ چمک হি.]। **চমকদার**—১বিণ. উজ্জ্বল। ২বিণ. বিস্ময়কর। [—+ দার دار ফা.]।

**চমন, চমনবাগ**—বি. বাগান, কানন (চমন বাগে জাগাও আবার শহীদ হবার মত্ততা—মোস্তফা)। [চমন چمن + বাগ باغ ফা.]।

**চয়েন, চৈন, চায়েন**—বি. স্বস্তি, আরাম, বিশ্রাম (আজো চয়েন নাহি, কাঁদো নিরালা—নজরুল)। [চয়্ন چین হি.]।

**চরকা, চর্কা, চর্খা**—বি. সুতা কাটার হস্ত চালিত যন্ত্র বিশেষ। [চর্‌খা چرخا হি.]।

**চরকি, চরকী, চর্কি, চরখি**—১বি. বালকদের জন্য চক্রাকারে ঘুরপাক খেয়ে আমোদ করবার ক্রীড়াযন্ত্র বিশেষ। ২বি. চক্রাকারে স্ফুলিঙ্গ ছড়ানোর আতশবাজী বিশেষ। ৩বি. সুতা জড়াবার যন্ত্র বিশেষ, নাটাই। ৪বি. মন্থন দণ্ড বিশেষ। [চর্‌খী چرخی ফা.]। **চরকি-বাজি, চর্কিবাজী**—বি. চক্রাকারে স্ফুলিঙ্গ ছড়ানোর আতশবাজী বিশেষ।

**চরব, চর্বি**—বি. চর্বি, মেদ। [চর্‌ব্ چرب চর্বি چربی ফা.] **চর্বিদার**—বিণ. মেদবহুল (চর্বিদার (মাংস)। [—+ دار ফা.]।

**চরস**—বি. গাঁজা থেকে প্রস্তুত মাদক দ্রব্যবিশেষ, hashish। [চরস্ چرس হি.]।

**চর্কা, চর্খা**—দ্র. **চরকা**।

**চর্কি, চর্কিবাজী**—দ্র. **চরকি**।

**চলগুজা**—বি. সরুবাদাম বিশেষ, দেবদারু জাতীয় বৃক্ষের মোচাকৃতি ফল। [চিল্‌গুযহ্ چلغوزه ফা.]।

**চশম**, চসম—বি. চক্ষু, চোখ, আঁখি (বুড়া বিবি আসিয়াছে না দেখে চশমে—বিজয়)। [চশ্‌ম چشم ফা.]। **চশমখোর, চসমখোর**—বিণ. চক্ষু লজ্জাহীন, নির্লজ্জ, বেহায়া, চোখের চামড়া নেই এমন (কুচক্রী চশমখোর—ঘন)। [চশমখোর چشم خور ফা.]।

**চশমা$_১$**—১বি. উপনেত্র। ২বি. দৃষ্টিশক্তি সহায়ক কাঁচ বিশেষ [চশ্‌মহ্ چشمه ফা.]।

**চশ্‌মাহ$_২$**—বি. উৎস, ঝর্ণা, ফোয়ারা, প্রস্রবণ (শেখফরীদের চশ্‌মা)। [চশ্‌মহ্ چشمه ফা.]।

**চসম**—দ্র. **চশম**।

**চহরম**—দ্র. **চাহারম**।

**চা**—ক্ষুদ্রাত্মক প্রত্যয়বিশেষ। [বাগ-বাগিচা, কিতাবচা]। = چہ ফা./তু.]।

**চাংগাড়ি, চাঙ্গাড়ি, চাংগারি, চাঙারি, চাংগারী, চাঙ্গারী, চাঙারী, চেংগারি, চেঙ্গারি, চেঙারি, চ্যাংগারি, চ্যাঙারি**—বি. বাঁশ বা বেতের ছোট ধামা বা ঝুড়ি বিশেষ (খাবারের চাঙারিটা রেখে গিয়েছে— মুজতবা)। [চংগারী چنگاری হি.]।

**চাঁদা, চান্দা**—১বি. কোন বিশেষ কাজ সম্পাদনের জন্য বহুজনের কাছ থেকে সংগৃহীত অর্থ, কিছু অর্থ সাহায্য (বন্যার্তদের সাহায্যার্থ চাঁদা)। ২বি. নির্দিষ্ট সময়ের ব্যবধানে দেয় মূল্য বা অর্থ সাহায্য (সমিতির চাঁদা)। [চন্দহ্ چندہ ফা.]।

**চাঁদি, চাঁদী**—১বি. রূপা (সফেদ. চাঁদির তাজ—ফররুখ)। [চান্‌দী چاندی হি.]।

**চাঁদোয়া**—বি. ছোট শামিয়ানা। [চন্দ্ওয়া چندوا হি.]।

**চাক**—বি. কর্তন, ছিদ্র, ছেঁড়া, ফাটল (হযরতের সীনা চাক)। [চাক্ چاك ফা.]।

**চাকর**—১বি. ভৃত্য, পরিচারক, অনুচর। ২বি. কর্মচারী, নির্দিষ্ট কর্ম সম্পাদনের জন্য নিযুক্ত বেতনভোগী ব্যক্তি। ৩বি. আজ্ঞাবহ, তাঁবেদার (আমি কি তোমার হুকুমের চাকর?) [চাকর چاکر ফা.]। **চাকরবাকর, চাকরনফর**—১বি. ভৃত্যবর্গ, দাসদাসীগণ। ২বি. ভৃত্য, গৃহকর্মের বেতনভোগী সহায়ক, কাজের লোক। **চাক্‌রে, চাকুরে, চাকুরিয়া**—বিণ. চাকুরি করে এমন, চাকুরিজীবী বা চাকুরিধারী।

**চাকরান**—বি. ভৃত্যের ভরণ পোষণের জন্য প্রদত্ত নিষ্কর ভূমি, বেতনের পরিবর্তে ভৃত্য যে নিষ্কর ভূমি ভোগ করে। [ چکران হি.]। **চাকরান জমি**—বি. চাকর অথবা কর্মচারীকে প্রদত্ত নিষ্কর ভূমি। [যমীন্— زمین ফা.]।

**চাকরি, চাকুরি, চাকরী, চাকুরী**—১ক্রি. নির্দিষ্ট বেতনের বিনিময়ে অপরের কাজ করা বা কারো অধীনে কাজ করা। ২বি. দাসত্ব। ৩বি. অপরের সেবা বা পরিচর্যা (যত অবলা কুমারী অনুক্ষণ এ সকলে করএ চাকরি—সুলতান)। [চাক্‌রী چاکری ফা.]।

**চাক্‌রে**—দ্র. **চাকর**।

**চাকরী**—দ্র. **চাকরি**।

**চাক্‌লা**—বি. কয়েকটি পরগনার সমষ্টি, জেলা। [চক্‌লহ্ چکلہ ফা.]। **চাকলাদার**—১বি. চাক্‌লার শাসক বা অধিকারী বা প্রবীণ সরকারী কর্মচারী। ২বি. উপাধি বিশেষ। [ —ফা. + دار ফা.]।

**চাকু**—বি. ভাঁজ করে রাখা যায় এমন ফলাযুক্ত ছুরি, কলম কাটা ছুরি। [চাকু' چاقو ফা.]।

**চাকুরি**—দ্র. **চাকরি**।

**চাকুরিয়া, চাকুরে**—দ্র. **চাকর**।

**চাকুরী**—দ্র. **চাকরি**।

**চাখা/চাকা**—১ক্রি. স্বাদ গ্রহণ করা, আস্বাদন করা। ২ক্রি. ভোগ করা। ৩ক্রি. অনুভব করা। ৩বিণ. আস্বাদিত। **চাখান/**

**চাখানো**—১বি. স্বাদ গ্রহণ করান। [চখ্‌না چکهنا উ.]।

**চাঙ্গাড়ি, চাঙারি, চাঙ্গারী, চাঙারী, চেঙ্গারি, চেঙারি চ্যাঙারি**—দ্র. **চাংগাড়ি**।

**চাচা**—বি. বাপের ভাই, কাকা, খুড়া, পিতৃব্য, খুল্লতাত। [চচ্চা چچا হি.]।

**চাটনি**—বি. চেখে চেখে ও চেটে খাওয়ার মত মজাদার খাবার বিশেষ, আচার, অম্লমধুর স্বাদযুক্ত লেহ্য ব্যঞ্জন বিশেষ। [চট্‌নী چٹنی হি.]।

**চাটা**—১ক্রি. লেহন করা, জিভ দিয়ে লেহন। ২বিণ. উক্ত অর্থে। [চাট্‌না چاٹنا হি.]। চাটান১/**চাটানো**—১ক্রি. লেহন করান। ২বিণ. উক্ত অর্থে। [চাট্‌ওয়ানা چٹوانا হি.]।

**চাটাই**—১বি. দরমা। ২বি. খেজুর পাতা জাতীয় বৃক্ষ। ৩বি. পত্রাদি নির্মিত আসন বিশেষ, মাদুর। [চটাই چٹائی হি.]।

**চাটান২**—বি. চত্বর, প্রাঙ্গণ। [চটান্ چٹان হি.]।

**চাদর**—১বি. উড়ানি, উত্তরীয়। ২বি. আস্তরণ, আবরণ (বিছানার চাদর)। ৩বি. ধাতু বা অনুরূপ বস্তুর পাত (একটা পিতলের চাদরের ঘটি— বিভূতি)। [চাদর چادر ফা.]।

**চা-দান, চাদানী**—১বি. চা প্রস্তুত করবার পাত্র। ২বি. চায়ের পেয়ালা, tea-pot [—চা চীনা+দান دان ফা.]। **চা-খানা** — বি. চায়ের দোকান (অন্ধকার/কিন্তু চা-খানা জমে উঠেছিল—শওকত)। [—চীনা + খানহ্ خانه ফা.]।

**চানা**— বি. ছোলাবুট। [চনা چنا হি.]। **চানাচুর**—বুটের ডাল, বেসনের ঝুরি বাদাম ইত্যাদি ভেজে প্রস্তুত খাদ্য বিশেষ। [চনাচুর چناچور হি.]।

**চাপকান**—বি. কাঁধ থেকে হাঁটু পর্যন্ত লম্বা জামা বিশেষ (চোগা চাপকান টুপির আশ্রয় লন — মশাররফ)। [চপ্‌কন্ چپکن ফা.]।

**চাপরাশ**—দ্র. **চাপরাস**।

**চাপরাস, চাপরাশ**—১বি. পদ পরিচায়ক চিহ্ন, তকমা। ২বি. ভৃত্যগণ কর্তৃক ধারণীয় পরিচয় অঙ্কিত ধাতু ফলক, badge (একটা ভাল বয় রাখিবেন তার চাপরাস চাই— মাহবুব)। [চপ্‌রাস چپراس হি.]। **চাপরাসী, চাপরাসি, চাপরাশী**— বি. পেয়াদা, আরদালি, পিয়ন (তৎক্ষণাৎ চাপরাশিকে আদেশ করিলেন — রবীন্দ্র)। [চপ্‌রাসী چپراسی হি.]।

**চাপাটি, চাপাতি**—বি. হাতে চাপড়িয়ে তৈরী রুটি (কাঠের কয়লার চুলা জ্বালাইয়া শাশুড়ী-বউ রোজ চা ও চাপাতি তৈরি করিতে বসিয়া যায়—নাহার)। [চপাতী چپاتی হি.]।

**চাবুক**—১বি. বেত্র. কশা, বেত চামড়া ইত্যাদি দিয়ে তৈরী প্রহরণ বিশেষ, ঘোড়া চালাবার প্রহরণ বিশেষ, whip (দড়বড়ি চড়ি ঘোড়া অমনি চাবুক—ভারত)। [চাবুক چابك হি.]। **চাবুক সওয়ার**—বি. দক্ষ আরোহী, expert horseman or horse-breaker, jokey (সমুখে ফিরায়ে চাবুক সোয়ার—ভারত)। [হি.+ সওয়ার سوار ফা.]।

**চাম**—বি. চর্ম, চামড়া, ত্বক (কাঁকনের ঘায়ে ছিঁড়িয়া বুকের চাম—জসীম)। [চিরম্ چرم ফা. সং চর্ম >]।

**চামচ/চামচে**—বি. ক্ষুদ্র হাতা বিশেষ। [চম্‌চহ্ چمچه ফা.]।

**চামচে**—দ্র. **চামচ**।

**চামড়া**—১বি. চর্ম, চাম, ত্বক। ২বি. ছাল (হরিণের চামড়া)।[ চম্‌ড়া چمڑا হি.]।

**চায়েন**—দ্র. **চয়েন**।

**চারইয়ারী, চার-ইয়ারী**—বিণ. চারজন বন্ধু সম্পর্কিত (চার ইয়ারী কথা—প্রমথ)। [চার چار হি.+ য়ারী (ইয়ারী) یاری ফা.]। **চারতরফ**—বি. চতুর্দিক, সবদিকে। [—হি. + তরফ طرف আ.]। **চারদেওয়ারী**—বি. আঙিনা চার দেওয়ালে ঘেরা স্থান। [—হি.+ দীওয়ার دیوار ফা. + ঈ]।

**চার, চারা$_1$**—১বি. মাছকে আকর্ষণ করবার উপযোগী গন্ধযুক্ত মশলা। ২বি. জলাশয়াদির যে স্থানে চার ফেলা হয়েছে (ইহাদেরই দোষে মাছ্‌ বসে্‌ নাক' চারে—নজরুল)। [চারা چارا হি.]।

**চারা$_2$, চার**—১বি. উপায়, গতি (প্রত্যক্ষ প্রমাণে বিশ্বাস না করে চারা কি?—ফজলল)। ২বি. প্রতিকার, প্রতিবিধান (যাহা করিয়াছি তাহার আর চারা নাই—বিদ্যা)। [চারহ্‌ چاره ফা.]। **বেচারা**—বিণ. নিরুপায়। [বে بے ফা.+ চারহ্‌ چاره ফা.] **লাচার, নাচার**—বিণ. নিরুপায়, শক্তিশূন্য, দুর্বল। [লা لا আ. + চারহ্‌ چاره ফা.]।

**চালাক**—১বিণ. বুদ্ধিমান। ২বিণ. চতুর, ধূর্ত. কুটিলবুদ্ধি-সম্পন্ন। [চালাক چالاك ফা.]। **চালাকচোস্ত**—বিণ. বুদ্ধিমান ও চটপটে (চালাকচোস্ত ছেলে—অচিন্ত্য)। [ — ফা. + চুস্‌ত چست ফা.]। **চালাকি, চালাকী**—১বিণ. চাতুরী, চালবাজী, ধূর্তামি। ২বি. কৌশল, ফন্দি। [চালাকী چالاکی ফা.]।

**চালান, চালান্‌**—১বি. পাঠান, প্রেরণ। ২বি. রপ্তানি, বিচারার্থে আদালতে প্রেরণ। ৩বি. অপরাধীকে গ্রেফতার করে পুলিশে পাঠান, বিচারার্থে থানায় প্রেরণ (চৌকিদারের হাওলা করে চালান দেবে—মশাররফ)। ৪বি. প্রেরিত মালের মূলসহ তালিকা, বিস্তৃত বিবরণসহ প্রেরিত মালের ফর্দ, জায়, invoice [চালান چالان হি.]।

**চাশ্‌ত**—বি. দিনের প্রহর, সূর্যোদয় ও দুপুরের মাঝামাঝি সময় (চাশতের নামাজের পর রান্নাবান্নায় সাহায্য করতেন—শাহেদ)। [চাশ্‌ত چاشت ফা.]।

**চাশনাই**—১বি. লবণ, মরিচ, তেল, পেঁয়াজ সহযোগে চটকানো সিদ্ধ মাছ, ডাল, আলু, বেগুন বা অন্য সবজী, ভর্তা। ২বি. মিষ্টি ও টকের সংমিশ্রণে চাটনি। [চাশ্‌নী چاشنی ফা.]।

**চাহার শাম্বা**—বি. একাদশ হিজরীতে সফর মাসের শেষদিনে মহানবী অসুস্থ হয়ে পড়েছিলেন অতীতের এক বিষক্রিয়ায়। অসুস্থতা বেড়ে গেলে পরের মাসের চতুর্থ দিনে অর্থাৎ বুধবারে তিনি কিছুটা সুস্থতা বোধ করেন। সেজন্য ঐ দিনটিকে 'আখেরি চাহার শাম্বা' বলা হয়। মহানবী এর পর আর কোনো বুধবার পাননি বলেই এটা 'আখেরি চাহার শাম্বা'। [চহার শম্‌বহ্‌ چهارشنبه ফা.]।

**চাহারাম, চহরম**—১বিণ. চতুর্থ (শুধালো হাতেম তায়ী চাহারম সওয়াল বানুর—ফররুখ)। ২বি. চতুর্থ শ্রেণী-ভুক্ত।

[চহারম্ چهارم ফা.]। **চাহারম জমি**—বিণ. চতুর্থ শ্রেণীর অর্থাৎ নিকৃষ্ট জমি।

**চিকন**—১বি. বস্ত্রাদির উপর সূক্ষ্ম সূচীকর্ম (চিকনের কাজ)।—২বিণ. পাতলা, মিহি, সূক্ষ্ম (নিয়েছিল প্রাণ কেড়ে তার চিকন সুরের দানে— জসীম)। [চিকন چکن ফা.]।

**চিকনাই**—দ্র. চেকনা।

**চিক্‌না**—দ্র. চেকনা।

**চিখ্**—বি. চীৎকার (চিখ্ মেরে কাঁদে—নজরুল)। [চীখ্ چیخ হি.]।

**চিজ্, চীজ**—১বি. সামগ্রী, দ্রব্য, উপকরণ (হায়রে পূজিব কিসে কোনো চীজ নাই—ভারত; ভুঁই-চাঁপা কি চিজ চিনিনা—ইব্রাহীম)। ২বি. মূল্যবান বস্তু বা সামগ্রী। ৩বি. মন্দ বা অদ্ভুত লোক (বুঝলে একটি চিজ বটে— সহজ নয়— রবীন্দ্র)। [চীয্ چیز ফা.]।

**চিট**—১বি. কাগজের ছোট টুকরা, চিরকুট। ২বি. ক্ষুদ্র পাত্র। [চিট্ چٹ হি. chit]।

**চিঠি**—বি. পত্র, লিপি। [চিট্‌ঠি چٹھی হি.]।

**চিড়িয়া**—বি. পাখি (চিড়িয়া সকল. পাই পাকা ফল—আলাওল)। [চিড়ুয়া چڑیا হি.]। **চিড়িয়াখানা**—বি.পশুপক্ষিশালা, Zoo। [—হি.+খানহ্ خانه ফা.]।

**চিলমচি, চিলম্‌চী, চিলিম্‌চি, চিলুমচি**—বি. হাতমুখ ধোওয়া পানি ফেলার গামলা জাতীয় পাত্র বিশেষ (চিলুমচি সোনার লিয়া হাতে, চাকর নফর খাড়া ওজু দেলাইতে— হামজা)। [চিলম্‌চী چلمچی হি.]।

**চিলা, চিল্লা, চিল্লাকশী**—বি. চল্লিশ দিন ধরে দরবেশগণের ইবাদত ও ধ্যানমগ্নতা, তবলীগ জামাতী সাথীদের চল্লিশ দিন ব্যাপী মসজিদে মসজিদে ইবাদত বা দ্বীনের দাওয়াত প্রদান। [চিল্লাহ্ چله +কশী کشی ফা.]। **চিল্লাখানা**—বি. যে-ঘরে দরবেশগণ চল্লিশদিন যাবৎ রোজা, নামাজ ও ধ্যানে ব্যাপৃত থাকেন। [—খানহ্ خانه ফা.]।

**চুঁচেরা**—বি. কিরূপে এবং কেন ইত্যাদি প্রশ্ন, আপত্তি (একটু চুঁচেরা করিলে তুমি সুন্নৎ জামাতের বাহিরে গিয়া পড়িবে— আকরম)। [চুঁ چوں + চিরা چرا ফা., ফা.]।

**চুঁটি**—বি. চূড়া, শিখরদেশ (পাহাড়ের চুটিতে একখানা বড় দেখে ঘর বাঁধুক—অবনীন্দ্র) [চোটি چوٹی হি.]।

**চুক**—১বি. ত্রুটি, বিচ্যুতি (চাচা, বড় চুক হইয়া গিয়াছে মাফ কর ভাই—দক্ষিণা)। ২বি. বিস্মৃতিজনিত ভুল। [চূক چوك হি.]। **ভুলচুক**— বি. ভুলত্রুটি, প্রমপ্রমাদ, ভুলভ্রান্তি (ভুলচুক মানুষের হয়েই থাকে)। [ভুল بهول হি.+ হি.]।

**চুকলি, চুক্‌লিখোর**—দ্র. চুগল।

**চুগল, চোগল, চুগলি, চুকলি**—বি. অসাক্ষাতে বা আড়ালে নিন্দা, অন্যের নামে লাগানি, ভাগানি (কলিকাতায় লোকে গুণ দেখেনা; কেবল বিষয় খোঁজে, মা আমি চুক্‌লি কচ্চিনে—দীনবন্ধু)। [চুগল چغل ফা.]। **চুগলখোর, চুগলখোরী, চুগলিখোর, চোগলখোর, চুকলিখোর, চুকলখোরি**— বিণ. যে ব্যক্তি আড়ালে নিন্দা বা লাগানি

ভাঙানি করে (দুই পক্ষেই চোগলখোর গুপ্ত সন্ধানী আছে— মশাররফ)। [চুগলখোর چغلخور ফা.]।

**চুঙি**—দ্র. **চুঙ্গি**।

**চুঙ্গি, চুঙি, চুঙ্গী, চুংগী**—১বি. ক্ষুদ্র চোঙ বা নল। ২বি. আমদানি ও রফ্‌তানীকৃত মালের উপর ধার্য শুল্ক বা কর। [চুঙগী چنگی উ.]।

**চুড়ি, চুড়ী, চূড়ি, চূড়ী**—বি. স্ত্রী লোকের হাতের অলঙ্কার বিশেষ সরুবালার ন্যায় হাতের অলঙ্কার বিশেষ (শাশুড়ী কিনেছে ছোট ননদীর চুড়ি—জসীম)। [চূড়ী چوڑی হি.]। **চুড়িওয়ালা**—বি. চুড়িবিক্রেতা, ফেরি করে যারা চুড়ি বিক্রি করে (আসবে কখন চুড়িওয়ালা তোমার গৃহদ্বারে—রবীন্দ্র)। [—ওয়ালা والا হি.]। **চুড়িদার**—বিণ. চুড়ির মত কুঞ্চিত বা সরু সম্মুখভাগ বিশিষ্ট. চুনট করা (চুড়িদার আস্তীন)। [چوڑی دار হি.+ ফা.]।

**চুড়ী**—দ্র. **চুড়ি**।

**চুতিয়া**—বি. গালিবিশেষ, মূর্খ। [চূতিয়া چوتیا হি.]।

**চুনিন্দা, চুনেন্দা, চোনেন্দা**—বিণ. নির্বাচিত, বাছাইকরা (তেরা তাবে নয় লাখ চুনিন্দা জওয়ান— হামজা; চল্লিশ হাজার খুব চুনেন্দা সওয়ার—গরীব)। [চুন্‌না چننا হি.]।

**চুনেন্দা**—দ্র. **চুনিন্দা**।

**চেংগারি, চেঙারি**—বি. দ্র. চাংগাড়ি।

**চেকনা, চিক্‌না**—বি. চর্বি, মেদ (কেটেছে রঙিন মখমল দিন ওজুদে চিক্‌না সরে —ফর্‌রুখ)। [চিকনা چکنا হি.। **চেকনাই, চিকনাই**—বিণ. মসৃণ, উজ্জ্বল, লাবণ্যময় (চেহারা বেশ চিকনাই হইয়া উঠিতে লাগিল—মনসুর)। ২বি. ঔজ্জ্বল্য, চকচকে আভা, মসৃণতা, লাবণ্য। [চিক্‌না چکنا হি.+ আই বাং. প্রত্যয়]।

**চেঙারি, চেঙ্গারি**—দ্র. **চাংগাড়ি**।

**চেটাই**—দ্র. **চাটাই**।

**চেবেল্লা**—১বিণ. ছেবলা, ইতর। ২বিণ. বাচাল, প্রগল্‌ভ (তুমি আর মনু এতো বেশী বেয়াদব আর চেবেল্লা হয়ে পড়েছ—নজরুল)। [সিফ্‌লাতুন; سفلة সিফ্‌লুন سفل আ.]।

**চেরাগ, চিরাগ**—বি. প্রদীপ, বাতি, দীপ (হয়ত চেরাগ জ্বলবে না তোর গোরে শবে-রাতে—নজরুল)। [চিরাগ چراغ ফা.]। **চেরাগদান, চেরাগদানী, চিরাগদান, চিরাগদানী**—বি. পিলসুজ, প্রদীপের আধার। **চেরাগচি, চেরাগচী**—বি. যে ব্যক্তি বাতি জ্বালায় ও নিভায় (নিভাইয়া দাও আপনার হাতে ডেকোনা চেরাগচীরে— মোহিত)। [চিরাগ্‌চী چراغچی ফা.]।

**চেরাগী, চিরাগী, চেরাগীমহাল, চিরাগী মহাল**—বি. পীরের দরগায় বাতি দেয়ার জন্য খাদেমকে প্রদত্ত ভূমি। [চিরাগী چراغی ফা.— محل আ.]।

**চেল্লান/চেল্লানো**—ক্রি. চিৎকার করা, চেঁচামেচি করা। [চিল্লানা چلانا হি.]।

**চেহারা**— ১বি. আকৃতি, রূপ, মূর্তি, মুখচ্ছবি। [চিহ্‌রহ্‌ چهره ফা.]।

**চেহেল সতুন**—বি. চল্লিশ স্তম্ভ বিশিষ্ট প্রাসাদ। [চিহ্‌ল+সুতূন چهل ستون ফা.]।

**চৈন**—দ্র. **চয়েন**।

**চোগল, চোগলখোর**—দ্র. **চুগল**।

**চোগা**— বি. লম্বা ঢিলা বুক খোলা জামা বিশেষ—যা চাপকানের উপর পরা হয় (সাহেব খুব দেখলে, চোগা-চাপকান টুপির আশ্রয় লন— মশাররফ)। [চোগা چوغا তু.]।

**চোট**—বি. আঘাত, ব্যথা। [চোট چوٹ হি.]।

**চোট্টা**—বি. চোর, প্রবঞ্চক (খোট্টা বেহারা চোট্টা চেহারা— মোস্তফা) [চোট্টা چٹا হি.]।

**চোনেন্দা**—দ্র. চুনিন্দা।

**চোপ১**—অব্য. চুপ, চুপ কর. কথা বোলোনা (চোপ! চোপরও)। [চুপ چپ হি.]।

**চোপ২, চোব**—বি. দণ্ড, লাঠি। [চোব چوب ফা.]।

**চোপদার, চোবদার**—বি. দণ্ডধর, দণ্ডবাহক, গদাধর, লাঠিয়াল, রাজরাজড়ার আসা-সোঁটা বাহক সুসজ্জিত ভৃত্য (চোপদার সম্মুখে দাঁড়ায়ে লয়ে ছড়ি—ভারত)। [চোব্দার چوبدار ফা.]। **চোপদারি**—বি. চোপদারের কাজ। **চোপদারী**— বিণ. চোপদার সম্বন্ধীয়।

**চোপরাও, চোপরও**— অব্য. চুপ থাকো, চুপ করো, আর কথা নয়। [চুপ্ রহো چپ‌رهو উ.]।

**চোব**—দ্র. চোপ২।

**চোবদার**—দ্র. চোপদার।

**চোলাই**— ১বি. চুয়ান, রাসায়নিক প্রক্রিয়া বিশেষ, পরিশ্রুত করণ, বাষ্পীভূত পানি বকযন্ত্রের দ্বারা অন্য শীতল পাত্রে গ্রহণ, distillation (মদ চোলাইয়ের এই দোকান—নজরুল)। ২বি. তির্যক পাতন, ঊর্ধ্ব পাতন। [চোলানা چلانا উ.]।

**চোস্ত, চুস্ত**—১বিণ. আঁটসাঁট, কষা, ঢিলা নয়, tight (চোস্ত বা চুস্ত পায়জামা)। ২বিণ. প্রাঞ্জল, মসৃণ. চৌকস (তিনি চোস্ত ইংরেজী বলেন)। ৩বিণ. ঋজু, সোজা (বিচারে চোস্ত শাস্তি হয়েছে)। ৪বিণ. বিশুদ্ধ, খাঁটি, পরিপাটি (বগদানক সাহেব চোস্ত ফারসী ভাষায় বললেন—মুজতবা)। ৫বিণ. সমতল, সমান। ৬বিণ. চালাক, চটপটে। [চুস্ত্ چست ফা.]। **চোস্ত চালাক**—বিণ. তীক্ষ্ণবুদ্ধি ও কর্মঠ। [— + چالاک ফা.]। **চুস্ত পুস্‌ৎ**—বিণ. আঁট সাট পোশাক পরিহিত। [—পোস্ত্ پوست ফা.]।

**চোহেল**—১বি. নীতি-বহির্ভূত আমোদপ্রমোদ, মাতামাতি, ঢলাঢলি (চোহেলে মত্ত হওয়া)। ২বি. কর্দম, পংক। [চোহল্ چهل হি.]।

**চৌ**—বিণ. চার—অন্য শব্দের সাথে যুক্ত চার সংখ্যা [চৌকস্ ( چوکس ) চৌপায়া چوپایه চৌ چو ফা.]।

**চৌকশ, চৌকস, চৌকশা (অপ্র.), চৌখস (অপ্র.)**— ১বিণ. যার চারদিকে দৃষ্টি আছে। ২বিণ. সকল বিষয়ে অভিজ্ঞ বা পারদর্শী, সর্ব বিষয়ে দক্ষ (সে বাকপটু, সপ্রতিভ, চৌকস এবং বহির্মুখী — রশীদ)। ৩বিণ. চালাক, চতুর, সতর্ক। ৪বিণ. কাজের উপযুক্ত (তাকে তিনি চৌকশ করবার প্রস্তাব করেছিলেন—প্রমথ)। [চওকস چوکس হি.]।

**চৌকস**—দ্র. চৌকশ।

**চৌকিদার**—১বি. যে গ্রামে পাহারা দেয়, প্রহরী। ২বি. কর আদায়কারী পেয়াদা। [চৌকিদার چوکیدار হি.+ফা.]।

**চৌখস—দ্র. চৌকশ**।

**চৌগান, চওগান**—১বি. পোলো বা হকি খেলা (চৌগান খেলিতে আজ্ঞা দিল নৃপবর—আলাওল)। ২বি. খেলায় ব্যবহৃত কাষ্ঠদণ্ড বিশেষ, stick (চৌগান ঠেলিয়া যোগী গুলি পালটায়—আলাওল)। [চওগান چوگان ফা.]।

**চৌড়া**—দ্র. **চওড়া**।

**চৌতারা**—দ্র. **চবুতর**।

**চৌথ**—বি. এক-চতুর্থাংশ; প্রতিবেশী শাসকদের কাছ থেকে ভয় দেখিয়ে মারাঠারা যে টাকা আদায় করত তা। [চৌথ্ چوته হি.]।

**চৌবাচ্চা**—বি. পানি রাখার চার কোণাকার পাত্র, চবুতরা, হাউজ। [চৌ + বচ্‌চাহ্ بچّه হি.]।

**চৌরাস্তা**—বি. চারটি রাস্তার মুখ যে স্থানে এসে একত্রিত হয়েছে উক্ত স্থানকে চৌরাস্তা বলে। [চৌ چو হি. + রাস্তাহ্ راسته ফা.]।

**চৌরাহা**—বি. চারটি রাস্তা বা পথ যেখানে এসে মিশেছে। [চৌ چو হি.+ রাহ্ راه ফা.]।

**চৌহদ্দী, চৌহুদ্দী**—বি. চারদিকের সীমানা, চতুঃসীমা (এঁরাই আবার বাড়ির চৌহদ্দীর ভিতরে মেয়েদের অন্দরমহলে জোরে লাফ ঝাঁপ জুড়ে দেন—নজরুল)। [চৌ چو হি. + হদ্ حد আ. + ঈ]।

## [ছ]

**ছওদা**—দ্র. **সওদা**।

**ছওম, ছিওম, সিওম**—বিণ. তৃতীয়, তেস্‌রা। [সুওম سوم ফা.]।

**ছওয়াব**—দ্র. **সোয়াব**।

**ছওয়ার**—দ্র. **সোয়ার**।

**ছওয়াল**—দ্র. **সওয়াল**।

**ছখাওত**—দ্র. **সখাওত**।

**ছঙ্গদিল**—বিণ. কঠিন হৃদয়। [সংগ্‌দিল্ سنگ دل ফা.]।

**ছঙ্গমরমর**—বি. মর্মর পাথর। [সংগ্-ই-মর্মর سنگ مرمر ফা.]।

**ছজুদ**—বি. সিজদা (রাসুলের নাম শুনি, মোরাদ হাছেল জানি, আল্লা নামে করিল ছজুদ—হামজা)। [সেজদহ্ سجده শব্দের ব.ব. سجود আ.]।

**ছতর**—বি. লজ্জাস্থান (দু'হাতে ছতর ঢাকিয়া মাটিতে পড়িয়া আর্তনাদ করিতেছে—মনসুর)। [সতর্ ستر আ.]।

**ছদকা**—দ্র. **সদকা**।

**ছদমা**—বি. আঘাত, চোট। [সদ্‌মা صدمه আ.]।

**ছদর**—দ্র. **সদর**।

**ছদ্‌রিয়া**—দ্র. **সদ্‌রিয়া**।

**ছফ**—বি. কাতার, পংক্তি। [সফফ্ صَفّ আ.]।

**ছফর**—দ্র. **সফর**।

**ছফেদ**—দ্র. **সফেদ**।

**ছবক**—দ্র. **সবক**।

**ছবব**—বি. কারণ (যে কাজে আইনু শুন তাহার ছবব—হামজা)। [সবব্ سبب আ.]।

**ছবর**—দ্র. **সবর**।

**ছয়লাপ, ছয়লাব, সয়লাব**—১বিণ. আকীর্ণ, পরিপূর্ণ (তামাম শহর নাইট-স্কুলে ছয়লাপ করে দিতে পারে—মুজতবা)। ২বিণ. প্লাবিত (নূহের সময় যে দুনিয়াময় ছয়লাব হয়ে গেল—ইব্রাহিম)। ৩বিণ. সম্পূর্ণ

বিনষ্ট (জিনিস-পত্র ছয়লাপ করা)। [সয়লাব سیلاب ফা.]।

**ছরফরাজ**—দ্র. **সরফরাজ**।

**ছরহদ**—দ্র. **সরহদ্দ**।

**ছাউনি**—১বি. সেনানিবাস, সৈন্যদের স্থায়ী আড্ডা। ২বি. শিবির, যুদ্ধোন্মুখ সৈন্যদের আড্ডা, Cantonment। ৩বি. আচ্ছাদন। ৪বি. চাঁদোয়া। ৫বি. চালা। [ছাউনী چھاؤنی হি.]।

**ছাখাওত**—দ্র. **সখাওত**।

**ছাত, ছাদ**—বি. অট্টালিকার উপরের আচ্ছাদন, roof [সত্হ্ আ. ছত্ چھت হি.]।

**ছাতি**—বি. বক্ষ, বুক। [ছাতী چھاتی হি.]। **ছাতিপিটা**— ক্রি. বুকে করাঘাত ক'রে শোক প্রকাশ করা। [—পিট্না پٹنا হি.]।

**ছাদ্**—দ্র. **ছাত**।

**ছানি**—বি. মোকদ্দমা পুনর্বিচারের আবেদন (ছানি করা)। [ছানী ثانی আ.]।

**ছাফা-মারওয়া**—মক্কাশরীফের কাবার কাছে দুটি ছোট টিলা (ছাফা-মারওয়া পর্বতদ্বয়ের মধ্যে প্রধান—আকরাম)। [সাফা-মারওয়া صفا-مروة আ.]।

**ছাবলা**—দ্র. **ছ্যাবলা**।

**ছামুম**—বি. লু হাওয়া, প্রাণঘাতী বায়ু (সময় সময় স্থান বিশেষে ছামুম নামক প্রাণ ঘাতক বায়ু প্রবাহিত হয়—আহসান)। [সমূম سموم আ.]।

**ছায়েল**—দ্র. **সায়েল**।

**ছালওয়া**—১বি. তিতির পাখির মতো শিকারের পাখি বি., quail। ২বি. মধু (আমাদের কাছে ওটা ছিল মান্না আর ছালওয়া— ছদর)। [সল্ওয়া سلوی আ.]।

**ছালন, ছালুন, সালন**—বি. ব্যঞ্জন, তরকারি (ভাত ছালুন তুলে দিচ্ছেন—ইব্রাহীম।)। [সালন سالن হি.]।

**ছালামত**—দ্র. **সালামত**।

**ছালুন**—দ্র. **ছালন**।

**ছালেক**—দ্র. **সালেক**।

**ছিজ্জিন, সিজ্জীন**—বি. মরণান্তর পাপীদের আবাসস্থল, দোজখের একটি স্তর, নরক (ছিজ্জিন মোকামে রহে নানা বিড়ম্বনে—হেয়াত)। [সিজ্জীন سجّين আ.]।

**ছিতম, সিতম**—বি. অত্যাচার, জুলুম (আগে কারো পরে নাহি পৌঁছাই ছিতম—গরীব)। [সিতম্ ستم ফা.]।

**ছিনা, ছিনে**—বি. সিনা, বুকের পাটা বা বিস্তার, ছাতি, বক্ষঃস্থল। [সীনাহ্ سینه ফা.]। **ছিনা-ব-ছিনা**—বুক হতে বুকে, মৌখিক ভাবে, পুরুষানুক্রমে (এই শ্রেণীর বাণীগুলি ... ছিনা-ব ছিনা ইস্রা পর্যন্ত পহুঁ- ছিয়াছিল —আকরম)। [সিনাহ্-বহ্-সিনাহ্ سینه به سینه ফা.]।

**ছিলকা/ছিলকে**—১বি. গাছের ছাল বা বাকল। ২বি. ফলের পাতলা আবরণ বা খোসা। ৩বি. চামড়া, ত্বক। [ছিল্কা چھلکا হি.]।

**ছিলিম, ছিলম**—১বি. তামাকের বা গাঁজার কল্‌কে। ২বি. এক কল্‌কা তামাক বা গাঁজা। [চিলম্, চিলিম چلم উ.]। **ছিলিমচি, চিলমচি**—১বি. হুঁকার দণ্ডের উপরিভাগ, কল্‌কে বসানোর স্থান। ২বি.

হাত ধোয়ার ঢাক্‌নিদার পাত্র। [চিলম্‌চি چلمچی হি.]।

**ছুটকি, ছুটকী**—বিণ. স্ত্রী. কনিষ্ঠা। [ছোট্‌কী چھٹکی উ. হি.]।

**ছুরত, ছুরৎ**—দ্র. **সুরত**।

**ছেপায়া**—বি. তেপায়া, তিন পা বিশিষ্ট টেবিল। [সিহ্ পায়াহ্ سه پایه ফা.]।

**ছেব**—বি. ফল বিশেষ, সেব, আপেল, apple (ছেব বিহি খোরমা সুরমা নানা ছল—আলাওল)। [সেব سیب ফা.]।

**ছেবলা**—দ্র. **ছ্যাব্‌লা**।

**ছেমহলা**—বিণ. তিন মহলা, তিন মহল সমন্বিত (ছে-মহলা বালাখানা—রামরাম)। [সিহ্ سه ফা. মহল محل আ.+ আ]।

**ছেরেপ, ছেরেফ**—দ্র. **সেরেফ**।

**ছেহের**—বি. যাদু, মন্ত্রশক্তি (তুমি নাকি জানো ... ছেহের মেহের টোনা হেনমত তামাম—হামজা)। [সিহ্‌র سحر আ.]।

**ছেহেরা**—দ্র. **সেহেরা**।

**ছোক্‌রা**—১বি. নবযুবক, কিশোর বালক। ২বি. বালক ভৃত্য (তাহাতে একজন মুদি ও একটি ছোকরা মাত্র ছিল—শিরাজী)। ৩বিণ. অপরিণত বয়স্ক [সুগরা صغرىٰ আ. স্ত্রী. অস্‌গর اصغر পু.]।

**ছোলতান**—দ্র. **সুলতান**।

**ছোলে, সোলেনামা**—দ্র. **সোলে**।

**ছোহবত**—দ্র. **সোহ্‌বত**।

**ছ্যাবলা, ছেবলা, ছাবলা**—১বিণ. হাল্‌কা স্বভাব, লঘু প্রকৃতি। ২বিণ. বাচাল, প্রগল্‌ভ (আমার মত ঠোঁটকাটা ছ্যাবলার পক্ষে তা নিতান্তই সমালোচনার বিষয় হয়ে ওঠে — নজরুল)। [সেফালতুন্ سفالة আ. = নীচতা, হীনতা, ইতর, ক্ষুদ্র, অধম]। বি. **ছ্যাবলামি, ছ্যাবলামো**।

## [জ]

**জইফ, জঈফ, জয়ীফ**— ১বিণ. দুর্বল, অথর্ব, বৃদ্ধ, জরাজীর্ণ (শহরেতে করিয়া তালাশ॥ দেখিয়া জইফ এক আন মেরা পাশ—হামজা; ফকির এবং জঈফ যারা, তাদের সে আশ্রয়—মোস্তফা)। ২বিণ. অত্যন্ত হীনবল, দুর্বল (আলোর বন্যা দেহ গেল গেল ছুঁয়ে, জয়ীফ কণ্ঠে জাগিয়া উচ্ছ্বাস—আহসান)। [য'ঈফ্ ضعيف আ.]।

**জইর**—১বি. অত্যাচার, জুলুম (বুকের ব্যথা লোককে না জানালেও যে জানটা কেমন শুধু আন্‌চান করে, বুকটা ভারি হয়ে ওঠে, এওত একটা মস্ত জইর 'গজব'—নজরুল)। ২বি. উগ্রতা, আক্রমণ। [জওর جور আ.]।

**জঈফ**—দ্র. **জইফ**।

**জাও**—বি. যব, বার্লি। [জও جو হি.]।

**জওক**—বি. রুচি, সুরুচি। [যওক্ ذوق আ.]। **জওকশওক**—আগ্রহ, উৎসাহ। [—+ শওক্ شوق আ.]।

**জওজ, যওজ**—বি. স্বামী (নাম, বাপের নাম, মেয়ে হলে জওজের নাম—অচিন্ত্য)। [যওজ্ زوج আ.]। **জওজিয়ত**—বি. স্বামীত্ব। (জওজিয়তের দাবী—মশাররফ)। [যওজিয়ত্ زوجيت আ.]।

**জওয়ান, জুয়ান**—১বি. যুবক (তার বিচে ছিল এক নবীন জওয়ান। ওম্মর বৎসর ষোল তালাব উপর—হামজা)। ২বি. বলবান ব্যক্তি। ৩বিণ. যুবাবয়সী, তরুণ, প্রাপ্ত যৌবন (গাছেরি তলায় দেখে জওয়ান আওরত—হামজা)। ৪বিণ. বলিষ্ঠ। [জওয়ান جوان ফা.]। **জওয়ানী**—১বি. যৌবনকাল (সুরতজামাল জওয়ানির ঠোঁটে বেকার নওজোয়ান—ফররুখ)। ২বি. তারুণ্য, যৌবন সুলভ তেজস্বিতা **জওয়াঁমর্দী** —বি. সাহসিকতা. বদান্যতা, পৌরুষ। [জওয়াঁমর্দী جوان مردی ফা.]।

**জওয়াব**—দ্র. **জবাব**।

**জওশম**—দ্র. **জওসম**।

**জওসম, জওশম, জশম, জসম (জসন, জশন)**— বি. বাহুর অলংকার বিশেষ, বাজুবন্ধ (বাহুর বাঁকে জওসমের ঝুমকো দুলছে, সেকি আলিংগনের ইংগিত ?—মোহিত)। [জওশন্ جوشن আ.]।

**জওহর, জহর২**—বি. বহু মূল্যবান প্রস্তর বা মূল্যবান রত্ন, মণি, মুক্তা (কে জওহরের খবর দিতে পারে? —মনসুর)। জওহর جوهر আ; গওহর گوهر ফা.]। **জওহেরাত, জহরত**—বি. মণিরত্নাদি, বহুমূল্যবান প্রস্তরসমূহ (অনেক মূল্যবান পাথর, মতি, জওহেরাত—মশাররফ; পারিবে আমাদের দিতে জহরত মানিক কোন—নজরুল)। [জওহর-এর ব.ব.]

**জং, জঙ, জংগ২, জঙ্গ২**—বি. মরিচা। [যংগ زنگ ফা.]।

**জংগ১, জঙ্গ১**—১বি. যুদ্ধ, লড়াই। ২বি. তুমুল কলহ. প্রচণ্ড কলহ বা ঝগড়া। [জংগ جنگ ফা.]। বিণ. **জংগি, জংগী**। **জংডিঙা, জংগডিঙ্গা**—বি. যুদ্ধজাহাজ, রণতরী। [—ফা. + ডিঙ্গা বাং.]। **জংগনামা, জঙ্গনামা**—বি. যুদ্ধ বিবরণ. যুদ্ধ ও সাহসিকতা বিষয়ক গ্রন্থ, বাংলা পুঁথি বিশেষ। [—ফা. + নামহ্ نامه ফা.]। **জংগবাজ, জঙ্গবাজ**—বি., বিণ. যোদ্ধা, বীরপুরুষ। [—ফা. + বায্ باز ফা.]।

**জংগ২, জঙ্গ২**—দ্র. **জং**।

**জংগবারি, জঙ্গবারি**—বিণ. জংগি, রণনিপুণ, রণদক্ষ (জীয়ন্ত মরার করে হিসাব হাজিরী॥ আর দুই লক্ষ সেনা আইল জঙ্গবারি—হেয়াত)। [জঙ্গবারি جنگ باری ফা. + আ.]। **জংগবাহাদুর, জঙ্গবাহাদুর**—বিণ. রণকুশল. সমরকুশলী। [—ফা. + বহাদুর بهادر ফা.] **জংগবাহাদুরি, জঙ্গবাহাদুরি**— বি. রণকুশলতা, সমর কৌশল বা যুদ্ধ-পটুত্ব (মুসলমানের শুধু জঙ্গবাহাদুরির পরিচয়ই যে আছে তা নয়— ওদুদ)। [জঙ্গ্ বহাদুরি جنگ بهادری ফা.]।

**জংগি, জঙ্গি, জঙ্গী**—১বিণ. যুদ্ধসংক্রান্ত, রণবিষয়ক। ২বিণ. সমরকুশল, রণবীর। ৩বি. যোদ্ধা। ৪বি. কুস্তিগীর। [জংগী جنگی ফা.]। **জংগীজাহাজ**—বি. যুদ্ধজাহাজ, রণতরী। **জংগীবিমান**—বি. যুদ্ধে ব্যবহৃত হাওয়াই জাহাজ।

**জংগীলাট**—বি. ইংরেজ আমলের প্রধান সেনাপতি, সমর সচিব।

**জংগীজ, জঙ্গীজ**—বি. সুবিখ্যাত মোংগল বিজয়ী চেংগিস খাঁ (জঙ্গীজ সবে জগতের আগে দেখাল আপন পাঞ্জা খুনী—সত্যেন্দ্র)। [জংগীয্ جنگیز তু.]।

**জকাত**—দ্র. **জাকাত**।

**জখম**—১বি. ক্ষত, ঘা। ২বি. কঠিন আঘাত, চোট। ৩বি. ক্ষতি, লোকসান, হানি (দশ-পনরো হাজার টাকা সরবরাহ করিতে হইবে তাতে কিছু মাত্র জখম নাই—টেকচাঁদ)। ৪বিণ. আহত, চোটপ্রাপ্ত (জখম মনের কি করি হায়?—মু.শ.)। [যখ্‌ম زخم ফা.]। **জখমি**—১বিণ. আহত, আঘাতপ্রাপ্ত। ২বি. আঘাত সংক্রান্ত, আঘাত সম্পর্কিত। [যখ্‌মী زخمی ফা.]।

**জখিরা**—দ্র. **জখীরা**।

**জখীরা, জখিরা**—বি. ভাণ্ডার, খনি। [যখীরহ্ ذخیره আ.]।

**জগতি, জকাতি**—১বি. মাশুল বা শুল্ক আদায়কারী কর্মচারী। ২বি. বাধা, বিঘ্ন, বিপদাপদ। [যকাত زکوٰة আ.+ই]।

**জঙ্গ₁**—দ্র. **জংগ₁**।

**জঙ্গ₂**—দ্র. **জং**।

**জঙ্গি, জঙ্গী**—দ্র. **জংগি**।

**জঙ্গীজ**—দ্র. **জংগীজ**।

**জজবা**—দ্র. **জয্‌বা**।

**জজিরা, জজীরা**—বি. দ্বীপ, উপদ্বীপ। [জযীরহ্ جزیرة আ.]। **জজিরাতুল আরব**—বি. আরব উপদ্বীপ (মক্কা ছিল গো রাজধানী যেন জজিরাতুল আরবে—নজরুল)।

**জজিরাতুল**—বি. দ্বীপ, টিলা, উপদ্বীপ (জজিরাতুল সে আরবের রাজা, কিসের অভাব তার —জসীম)। [জযীরাতুন্ جزیرة আ.]।

**জড়বফ্‌ত**—বি. সোনা ও চাঁদির তার ও সূতায় বোনা, অতি সূক্ষ্ম বস্ত্র বিশেষ (অতিসূক্ষ্ম জড়বফ্‌ত' ও শবনম দ্বারা দ্বার সমূহের যবনিকা প্রস্তুত করা হইল—শিরাজী)। [যরবাফ্‌তহ্ زربافته ফা.]।

**জড়োয়া**—১বি. মণিমুক্তা বা মূল্যবান প্রস্তরাদি খচিত গহনা। ২বিণ. মণিমুক্তা জড়িত বা খচিত (জড়োয়া গহনা)। [জড়াও جڑاو হি.]।

**জদ্দ জোহাদ**—১বি. প্রাণপণ চেষ্টা। ২বি. প্রচণ্ড মারামারি, তুমুল যুদ্ধ (তারপর তাদের দু'জনের মধ্যে যে কী জদ্দ জেহাদ—ইব্রাহিম)। [জিদ্দ্ ও জহদ্ جدّ وجهد আ.]।

**জনাজা**—দ্র. **জানাজা**।

**জনানা**—দ্র. **জানানা**।

**জনাব**—বি. সম্মান সূচক সম্বোধন বিশেষ, হুজুর, মহাশয়, মাননীয় ভদ্রলোক, Sir (কি শুনলেন জনাব—মুফাখ্‌খার)। [জনাব جناب আ.]। **জনাবে আলি, জনাবে আলী**— বি. মান্যবর, মহামান্য, Your Excellency। [জনাবে আলী جناب علی আ.]।

**জন্নত**—দ্র. জান্নাত।

**জবত, জাবৎ**—বিণ. হস্তগত, কবলিত বা বাজেয়াপ্ত। [যব্‌ত ضبط আ.]।

**জবর**—১বিণ. বিষম, দারুণ, বেজায়, অত্যন্ত, বৃহৎ, ভারি (সেটা তোমার জবর ভুল—নজরুল)। ২বিণ. জমকালো, জাঁকাল। ৩বিণ. খাসা, উৎকৃষ্ট, উত্তম। ৪বিণ. জোরদার, বলিষ্ঠ, ক্ষমতাবান। ৫বিণ. জোরাল, প্রবল বা প্রচণ্ড (জবরঘা)। ৬বিণ. চমকপ্রদ বা চিত্তাকর্ষক (জবর খবর)। ৭বিণ. কঠিন, শক্ত (জবর শাসন)। ৮বিণ. নাছোড় স্বভাব বা দুর্দান্ত (জবর লোক)। ৯বি. জোর, জবরদস্তি বা জুলুম, বল-প্রকাশ। [জবর جبر আ.]। **জবর জুলুম**—বি. ভীষণ অত্যাচার, ভয়ানক পীড়ন, প্রবল উৎপীড়ন। [— ظلم আ.] **জবরদখল**— বলপূর্বক দখল, জোর ক'রে অধিকার (তার চেয়ে ঢের বেশি জবরদখল করে বসে আছেন — রবীন্দ্র)। [— دخل আ.]। **জবরদস্ত, যবরদস্ত**—১বিণ. শক্তিশালী, জোরাল, দুর্দমনীয় (এক জবরদস্ত ফওজ গঠন করিলেন—ইমদাদ)। ২বিণ. অত্যন্ত বলবান, শক্তি, শক্তিসম্পন্ন (জবরদস্ত গড়ন—পরশু)। ৩বিণ. (ব্যাঙ্গে) প্রতিভাবান (যবরদস্ত আলেমের উদয় হইল—মনসুর)। ৪বিণ. (আল.) আকর্ষণীয়। [জবর جبر + দস্ত্ دست ফা.]। **জবরদস্তি, জবরদস্তী, জবর্দস্তি**— ১বি. বলপ্রয়োগ, জোর (কাহারও উপর জবরদস্তি করিতেছে না—বরকত)। ২বি. অত্যাচার, পীড়ন (আমি মুখের উপর জবর্দস্তি করিনি—রবীন্দ্র)। [জবরদস্তি جبردستی ফা.]। **জবরদার**—বিণ. বলবান, শক্তিশালী। [—অ. + দার دار ফা.]। **জব্‌রান, জাব্‌রান** —বি. জবরদস্তি, বলপ্রয়োগ বা পীড়ন (জাব্‌রান কল্লেও তো কর্তে পারে—মশাররফ; সহজে লিখে না দিলে জব্‌রানে লিখে নেবে— মশাররফ)। [জব্‌রান جبراً আ.]।

**জব্‌হ্, জবাই, জবেহ, জবে**—১বি. জবহ, ইসলামী মতে আল্লাহ্‌র নাম নিয়ে গলার নালী কেটে প্রাণীবধ (করতে হবে মুরগী জবাই—জসীম)। নিজ সন্তানেরে জবে করিবারে কাঁপে নাই এতোটুকু—মোহিত)। ২বি. ধ্বংস, হত্যা, নাশ, লোপ (স্বদেশী আচার করিয়াছি জবাই—দ্বিজেন্দ্র; মনের মাঝে পশু যে তোর আজকে তারে কর্ জবেহ্—নজরুল)। [যব্‌হ্ ذبح আ.]।

**জবান, যবান**—১বি ভাষা, বুলি (সেই সমুদ্রই আরবী জবানে রূপান্তরিত হয়ে সুমাত্রা হয়েছে—প্রমথ; মাওলানা উর্দু যবানও আয়ত্ত করিয়াছিলেন—মনসুর)। ২বি. জিহ্বা, রসনা (জবান দেখি যে বড় বেদুরস্ত — মোহিত)। ৩বি. কথা, প্রতিশ্রুতি (সঠিক জবান যার—ফররুখ)। ৪বি. উচ্চারণ, বাক (তোমারদিগের জবান দোরস্ত নহে—ভবানী)। ৫বি. বাণী, বাক্য (তাই বুঝি মহেশ আজ এমন জবান চালিয়ে গেল— জয়েন)। [যুবান زبان ফা.]। **জবানবন্দি, জবানবন্দী, জোবানবন্দী** —১বি. সাক্ষ্য, আদালতে হাকিমের সামনে হলফ পড়ার পর যা বলা হয় (নাজির দপ্তর লোকে ভরিয়া গেল—জবানবন্দি- নবিস হন্ হন্ করিয়া জবানবন্দি লিখিতেছে—টেকচাঁদ; আমি ইহার জোবানবন্দী করাইতে পারিব না। ২বি. যে উক্তি কাগজে কলমে লেখা হয়েছে written deposition। কোন

তদন্তকারী কর্মচারীর নিকট প্রদত্ত বিবরণ। [যবানবন্দী زبانبندی ফা.]। **জবান-বন্দি নবিস**— বি. সাক্ষ্যলেখক (নাজিরের দপ্তর লোকে ভরিয়া গেল— জবানবন্দিনবিস হন্‌হন্ করিয়া জবানবন্দি লিখিতেছে—টেকচাঁদ)। [— + নবীস نبیس ফা.]। **জবানি, জবানী**—১বি. উক্তি, বচন (মীনার জবানি শুনে, মহাপরী বুঝে মনে, তকসির করিল মাফ তার— হামজা); ২বিণ. বাচনিক, মৌখিক। ৩ক্রি-বিণ. প্রমুখাত্, মুখে (চাকরের জবানী জানা গেল। [যবানী جبانی ফা.]।

**জবাব, জওয়াব**—১বি. উত্তর। ২বি. কৈফিয়ত (এই কাজের জন্যে তোমাকে জবাব দিতে হবে)। ৩বি. চোপা, উদ্ধত প্রত্যুত্তর বা অবিনীত প্রতিবাদ (কথায় কথায় জবাব)। ৪বি. বরখাস্ত, বিদায়, ইস্তফা। ৫বি. আরোগ্যের অতীত বলে ঘোষণা (ডাক্তারের জবাব দেওয়া)। [জওয়াব جواب আ.] **জবাবদিহি**— ১বি. কৈফিয়ৎ, কারণ প্রদর্শন (ফিরতে দেরী হলে জবাবদিহি করতে হতো— রশীদ)। ২বি. দায়িত্ব (এসলামের তাহার জন্য কোনো জবাবদিহি নাই—আকরম)। ৩বিণ. দায়ী। [ আ. + দিহ্ ده ফা.]। **জবাবি, জবাবী**—বি. উত্তরের জন্য নির্দিষ্ট, উত্তর কারী (... সন্তর্পণে জবাবির চৌপলের শোলার ছিপিটি ফেল্লেন— কালীসিং)। [জওয়াবী جوابی আ.]। **জবাবী তার** —বি. উত্তর পাওয়ার জন্য অতিরিক্ত মাসুল-দেওয়া তার বা টেলিগ্রাম। [ جوابی আ.+ تار হি.]।

**জবীহুল্লাহ্**— বি. আল্লাহ্‌র রাহে যে উৎসর্গকৃত, হযরত ইসমাঈল (আ.)- এর উপাধি ('জবীহুল্লাহ্' ছেলেরা হোক— নজরুল)। [ ذبیح الله আ.]।

**জবুর, জবুরুদ**—বি. আসমানী কিতাব যা দাউদ পয়গম্বর (আঃ) এর উপর অবতীর্ণ হয়েছিল (তউরেত ইঞ্জিল আদি জবুরুদ ফোরকান। এসব কিতাবে সাক্ষি দিছে নিরাঞ্জন— সুলতান)। [যবূর زبور আ.]।

**জবে, জবেহ**—দ্র. **জব্‌হ্**।

**জব্বার**—বি. সর্বশক্তিমান আল্লাহ্। [জব্বার جبار আ.]।

**জমজম**—বি. মক্কার প্রসিদ্ধ পবিত্র কূপ (জমজমের পানি— আকরম)। **আব্-জম জম, আবে-জম জম** — বি. জমজম কূপের পানি, ঐশী পানি (আজো উথলায় আব্-জম্‌জম কাবা শরীফের কাছে—নজরুল; প্রতি পদাঘাতে যার/ আবে-জমজম শক্তি উৎস বাহিরায় অনিবার?— নজরুল)। [আব্ যমযম آبزمزم আ.]।

**জমরুদ, জমরদ, জমর্‌রুদ, জুমার্‌রত**—বি. মূল্যবান, সবুজ প্রস্তর বিশেষ, পান্না, emerald (য়্যাকুত, জমরুদ মতি— হেয়াত; পাতা সবুজ জমরদের—ইমদাদ; জুমার্‌রতের খাঞ্চা সাজায়ে রাণীরে পাঠালো ভেট— আহ্‌সান)। [যমুর্‌রদ زمرد ফা.]। **জমররুদি, জমর্রুদি** — ১বিণ. জমরুদ পাথর সম্পর্কিত বা খচিত। ২বিণ. জমরুদ পাথরের রং বিশিষ্ট (জমর্রুদি পাখা জিব্রিলের— ফররুখ)। [যম্‌র্‌রুদী زمردی ফা.]।

**জমহূরিয়াত**—বি. গণতন্ত্র, গণতান্ত্রিক শাসন। [জমহূরিয়্যাত جمهورية আ.]।

**জমা**₁—১ক্রি. সঞ্চিত বা পুঞ্জিত হওয়া (টাকা জমা, মেঘ জমা)। ২ক্রি. রাশীকৃত বা

স্তূপীকৃত হওয়া (জঞ্জাল জমা)। ৩ক্রি. সংহত হওয়া, জমাট হওয়া, ঘনীভূত হওয়া (দই জমা)। ৪ক্রি. একত্রিত বা সমবেত হওয়া (লোক জমা)। ৫ক্রি. আটকে থাকা। (পানি জমা)। ৬ক্রি. আনন্দ-ঘন বা উপভোগ্য হওয়া (নাটক জমা)। ৭ক্রি. উপভোগ্য ও সরগরম বা জমজমাট হওয়া (আসর জমা)। ৮ক্রি. রক্ত চলাচলের অভাবে বা শীতে অসাড় হওয়া। ৯বি., বিণ. উক্ত সকল অর্থে। [জম্‌' جمع আ.]।

**জমা₂**—১বি. পুঁজি, Capital। ২বি. আয় বৃদ্ধি (জমা খরচ)। ৩বি.সঞ্চয়, সংগ্রহ (কারুন দেখ জমার নেশায় পরিণামে মরলো দুঃখে—মু.শ.)। ৪বি. মোট, Total, থোক, সমূহ। ৫বি. খাজনা, রাজস্ব, বার্ষিক কর (আমাদের বার্ষিক জমা দশ টাকা)। ৬বি. খাজনা করা জমি (তাহাদের সংগে আমাদেরও কিছু জমা আছে)। **জমা ওয়াসিল, জমাওয়াশিল**— বি. আয়ব্যয়ের হিসাব। [جمع আ.+ওয়াসিল واصل আ.]। **জমাওয়াসিল বাকি, জমাওয়াশিল বাকি** —বি. দেয় খাজনার কত আদায় ও কত বাকী তার হিসাব, লভ্য খাজনার যা আদায় হয়েছে ও যা বাকি আছে তার হিসাব (কাহাকে বলে জমাওয়াশিল বাকি কিছুই বোধ নাই—টেকচাঁদ)। [জম্‌' + ওয়াসিল্‌ + বাক্বী = جمع + واصل + باقی আ.]। **জমা-খরচ**—১বি. আয়-ব্যয়ের হিসাব। ২বি. চলিত হিসাব। [জম্‌' جمع আ.+খরচ خرچ ফা.]। **জমা খারিজ**— বি. এজ্‌মালী সম্পত্তির অংশীদারগণ কর্তৃক রাজা বা জমিদারকে পৃথকভাবে খাজ্‌না দেয়ার ব্যবস্থা। [জম্‌' +খারিজ = جمع + خارج আ.]। **জমা-গুজসতা**—বি. প্রজার কাছ থেকে প্রাপ্য গত বছরের বাকী খাজনা। [জম্‌' جمع আ.+গুযাশ্‌তহ্‌ گزاشته ফা.]। **জমা নবিস, জমা নবিশ**—বি. জমিদারী সেরেস্তায় জমি ও খাজনার হিসাব রক্ষক কর্মচারী (নায়েব গোমশ্‌তা জমানবিশ... যে পারে সে-ই মোচড় দিয়ে দু'পয়সা আদায় করে নেয়— প্রমথ)। [জম্‌' جمع আ.+নবীস نویس ফা.]। **জমাবন্দি, জমাবন্দী** —১বি. প্রজার জমিজমার হিসাবের কাগজ। ২বি. খাজনা আদায়ের কাগজ। ৩বি. খাজনার হিসাব। [ جمع আ. + بندی ফা.]।

**জমাট**—১বিণ. ঘনীভূত বা কঠিনতা প্রাপ্ত (জমাট দই)। ২বিণ. দৃঢ় বা ঘন সম্বন্ধ (জমাট গাঁথুনি, জমাট বুননি; জমাট জরির বোর্কা গায়—সত্যেন্দ্র)। ৩বিণ. নিবিড়, গাঢ়, অন্তরঙ্গ, ঘনিষ্ঠ বা অবিচ্ছেদ্য (জমাট বন্ধুত্ব)। ৪বিণ. সংহত বা চাপ-বাঁধা (জমাট বিদ্যুতের মতো সেটি জ্বলছে—এস. ওয়াজেদ)। ৫বিণ. উপভোগ্য ও সরগরম (জমাট আড্ডা)। ৬বিণ. সুসংহত ও আনন্দদায়ক (জমাট জলসা)। [জামাদুন, জুমূদুন جمد-جمود আ.]।

**জমাত**—দ্র. **জমায়েত**।

**জমাদার, জমাদ্দার**—১বি. ধাঙড়, মেথর, মেথরদের সর্দার। ২বি. সৈনিক বিভাগীয় কর্মচারী বিশেষ, সরকারের নিম্নস্থ কর্মচারী। ৩বি. সর্দার। ৪বি. ছাপাখানার প্রধান যন্ত্রচালক। ৫বি. থানার পুলিশ অফিসার। স্ত্রী. **জমাদারনী**। [জম্‌'দার جمعدار ফা.]।

**জমানত**—দ্র. **জামানত**।

**জমায়েত, জমায়েৎ, জমাৎ, জমাত, জময়ত, জামাত**—১বি. জনসমাবেশ, ভিড়, একত্র মিলন (মোর আল্লার আদেশে তাদেরে ডাক দিই জমায়তে—নজরুল; জমায়েত হয়ে তকবীর হাঁকে—নজরুল; আজকে জামাতে নির্ভয়ে সেযে বসিবে আমার পাশে—জসীম)। ২বিণ. সম্মিলিত, একত্র সমবেত (বিশ্বের উত্তপ্ত দাহ আজ বুঝি জমায়েৎ ভিড়—বিষ্ণু)। ৩বি. নামাজের জন্য যে-সমাবেশ বা শ্রেণীবদ্ধ লোক (জমাত-শামিল হওরে এশাতে এখনো জমাতে আছে স্থান—নজরুল)। ৪বি. সম্প্রদায়, গোষ্ঠী (সুন্নী জমাত)। [জমা'আত جماعت ফা.]। **জমাত-খানা**—বি. যে স্থানে লোক সমবেত হয় (খোজারা অন্যান্য মুসলমানের ন্যায় মসজিদে যাননা, তাঁহাদের নিজেদের মসজিদের নাম 'জমাতখানা' বা সম্মেলন গৃহ—মুজতবা)। [—খানহ্ خانه ফা.]। **জমাতে চাহ্রম, জামাতে চাহারুম**—বি. মাদ্রাসা শিক্ষার চতুর্থ শ্রেণী (জামাতে চাহারম পড়িয়াই যখন আব্দুল্লাহ্ মাদ্রাসার ইংরেজী বিভাগে গিয়া ভর্তি হইল—ইমদাদ)। [—চাহারুম چهارم ফা.]। **জামায়েৎবস্ত্**—বি. জনসমাবেশে শরিক (বহু সংখ্যক লাঠিয়াল সড়কিওয়ালা, গড়গোয়ালা দেশোঁয়ালী জমায়েৎবস্ত্ হইয়াছিল— দীনবন্ধু)। [জমা'আত جماعت আ. + বস্ত্ بست ফা.]।

**জমান/জমানো**—১ক্রি. সঞ্চয়, সংগ্রহ বা পুঞ্জিত করা (টাকা জমানো)। ২ক্রি. জড় করা, একত্রিত করা (লোক জমানো)। ৩বি. স্তূপ করা, গাদা করা। [জম' جمع আ + আন]।

**জমানত**—দ্র. **জামানত**।

**জমানবিস, জমাবন্দি**—দ্র. **জমা**$_2$।

**জমানা, জামানা**—বি. যুগ, কাল, সময় (নয়া জমানার উদ্বোধন— ফররুখ)। [যমানহ্ زمانه আ.]।

**জমি, জমিন**—১বি. ভূমি, মাটি (রক্তধারা প্রবাহিত হইয়া জমিন সিক্ত হইয়া গেল—শিরাজী)। ২বি. চাষের উপযোগী ক্ষেত্র। ৩বি. ভূসম্পত্তি, ভূমি সম্পদ। ৪বি. বস্ত্রের বুনট (এই শাড়ির জমিনটা খুব ভালো)। ৫বি. ভূপৃষ্ঠ, ভূতল (বন্দগী করিবে বান্দা জমিনে ঠুকিয়া— ভারত)। [যমীন زمین ফা.] **জমিজমা**—১বি. ভূসম্পত্তি। ২বি. নিজের ও জমা লওয়া জমি। [যমীন زمین ফা. + জম' جمع আ.]। **জমি জায়দাদ**—বি. যাবতীয় সম্পত্তি (নালিশ ফসাদ করে জমি-জায়দাদ সব খুইয়েছে— অচিন্ত্য)। [+জায়দাদ جايداد ফা.]। **জমি-জিরাত**—বি. চাষের উপযুক্ত জমি, কৃষিক্ষেত্র, জোত (দলিলের কারসাজিতেও জমিজিরাত রক্ষে পায়নি—অচিন্ত্য)। [— ফা. + যিরা 'আত্ زراعت আ.]। **জমিদার**—১বি. জমির মালিক, ভূস্বামী। ২বি. জমির মালিক হিসাবে যিনি প্রজার কাছ থেকে খাজনা গ্রহণ করেন। [— +দার دار ফা.] **জমিদারি, জমিদারী**— ১বি. জমিদারের পদ বা কাজ। ২বি. ভূসম্পত্তি, তালুক। ৩বিণ. জমিদার বা জমিদারি সংক্রান্ত।

**জম্বুরা**—১বি. সাঁড়াশি। ২বি. ভীমরুল, মৌমাছি, বোলতা। [যম্বুর زنبور ফা.]।

**জয্বা, জজবা**—১বি. ভাবোন্মত্ততা, ভাবাবেগ, ঐশী আবেগ বা অনুভূতি (পীর সাহেবের প্রায়ই জয্বা আসিত—মনসুর; জয্বা ও

সলুক খতম করিয়া ফানা ও বাকা লাভে সমর্থ হইয়াছেন—মনসুর; তাহাদের সকলেরই জজবার ভাব উপস্থিত—নজিবর)। ২বি. অনুভূতি। [জয্‌বাহ্ جذبه আ.]।

**জয়তুন**—বি. জলপাই। [যয়্‌তুন زیتون আ.]। **জয়তুনী**—বিণ. জয়তুন সম্পর্কিত (কোন জয়তুনী স্মৃতিকণা বহি জাগো অশ্রান্ত রজনী দিন—ফররুখ)। [—আ. + ঈ]।

**জয়ীফ**—দ্র. **জাইফ**।

**জর, যর**—১বি. স্বর্ণ। ২বি. ধন, বিত্ত, মুদ্রা, money। [যর্ زر ফা.]। **জরদার**—বি. সোনার ব্যবসায়ী। **জরপেষগী**—বি. অগ্রিম দেয় অর্থ, দাদন, বায়না। **জরকশী**—১বি. জরির কাজ। ২বিণ. জরির কাজ-করা, জরি-খচিত (জর-কশী পাদুকা পায়, রত্নের কাবাই গায়, ডগমগ অতি দীপ্তি করে —আলাওল)। **জরকশী-চীরা**—বি. সোনার তার দিয়ে কাজ- করা বস্ত্র, কিংখাব [ زرکشی چیره ফা.]।

**জরদ**—১বি. হলুদবর্ণ, পীতবর্ণ। ২বি. জরির কাজ-করা কাপড়। [যর্‌দ্ زرد ফা.]।

**জরদা, জর্দা, যরদা**—১বি. জাফরান বা জাফরানি রং ও কিশমিশাদি মিশানো পীত বর্ণের মিঠা পোলাও। ২বি. পানের সঙ্গে খাওয়ার সুগন্ধ মসলাযুক্ত তামাকপাতা চূর্ণ ও সুরভি (প্রত্যহ পান ও যরদা এবং সময় সময় নাশতা খাইতেন—মনসুর)। ৩বিণ. হল্‌দে, পীতবর্ণ (জর্দাপরী—সত্যেন্দ্র)। [যর্‌দহ্ زرده ফা.]।

**জরদোজ**—বি. জরির কাজ-করা কাপড়। [যর্‌দোয্ زردوز ফা.]। জরদোজি—বি. কাপড়ে জরির কাজ।

**জরনেগার**—বি. স্বর্ণখচিত, স্বর্ণমণ্ডিত, সোনালী। [যর্‌নিগার্ زرنگار ফা.]।

**জরা সা**—বিণ-বিণ. এতটুকু, একটুও (নাই জরা সা ডর— ইজদানী)। [যর্‌রহ্ ذره আ. + সা سا হি.]।

**জরি, জরী**—বি. সোনালী বা রূপালী তার বা তারজড়িত সুতা (কি কাজ পরিয়া জুতা সে জরিতে বোনা— মোহিত)। [যর্‌রীন زرین ফা.]। **জরি দার**—বিণ. জরির কাজ করা, জরিযুক্ত, জরি লাগান। **জরিন্, জরীন**— বিণ. সোনালী বা রূপালী তার যুক্ত সূতায় কাজ-করা, জরিদার (জরিন হরফে লেখা—নজরুল; কুঞ্জে জরীন ফারসী ফরাশ বিছিয়েছে আজ ফুল-বালারা— নজরুল)। [যর্‌রীন زرین ফা.]। **জরিনগুল, জরিন্-গুল**—বি. সোনালী ফুল (দিনে দিনে উঠলে ফুটে পরীস্থানের জরীন গুল—সত্যেন্দ্র)। [ زرینگل ফা.]।

**জরিপ, জরীপ**—১বি. জমির পরিমাপ, survey, ক্ষেত্রমাপ (আমি তখন অবস্থা জরিপ করার চেষ্টা পাই—শওকত)। ২বি. করদ জমির পরিমাপক দল, cadastral, surveying party (গ্রামে জরিপ আসতে উত্তর মাঠে তাঁবু পড়িয়াছে—বিভূতি)। [যরীবহ্ ضريبه আ.]। **জরিপ-আমিন্** —বি. ক্ষেত্র মাপকারী, জমির পরিমাণ স্থির করার কাজে নিযুক্ত কর্মচারী। [—আমীন্ آمین আ.]। **জরীপী** — বি. জরিপ সম্পর্কিত।

**জরিমানা**—বি. অর্থদণ্ড, fine। [জুরমানহ্ جرمانه ফা.]।

**জরী**—দ্র. **জরি**।

**জরু, জরূ, জোরু**—বি. পত্নী, স্ত্রী (দেশে এককালে তাহার জরু-গরু জমি-জেরাত সবই ছিল — পরশু)। [জোরু جورو হি.]। **জরু-জাত, জরূ-জাত**—বি. সন্তান, পুত্র-কন্যা (জরুজাত যত আর ভাই-বেরাদর॥ ঈমান আনিল তার তামাম লস্কর—হামজা)। [— + জাত جات হি. অথবা যাত ذات আ.]।

**জরুর**—ক্রি. বিণ. অবশ্য, নিশ্চয়. আল্‌বৎ, নিশ্চিতরূপে। [যরূর ضرور আ.]। **জরুরি, জরুরী**— ১বিণ. অত্যন্ত দরকারী, বিশেষ প্রয়োজনীয় বা গুরুত্বপূর্ণ (জরুরী কথা)। ২বিণ. আশু. আশু প্রয়োজনীয়, urgent (জরুরী অবস্থা)। **জরুরৎ, জরুরত জরূরিয়ত** —বি. প্রয়োজন. আবশ্যক, দরকার। [যরূরত ضرورت আ.]।.

**জরূ**—দ্র. **জরু**।

**জর্দা**—দ্র. **জর্‌দা**।

**জল্‌ওয়া, জলোয়া**—বিণ. জেল্লা বা ঔজ্জ্বল্য (নুরের জল্‌ওয়া পীর সাহেবের চক্ষে সহ্য হইত না— মনসুর)। [জল্‌ওয়াহ্‌ جلوه আ.]।

**জল্‌দি, জলদী**—ক্রি-বিণ. শীঘ্র, দ্রুত, সত্বর, অচিরে (এনার বাত মাফিক কাম করলে মোদের মেটির ভিতর জলদি যেতে হবে — টেকচাঁদ)। [জল্‌দী جلدی ফা.]।

**জল্‌সা**—১বি. আসর, বৈঠক, মজলিস, জটলা বা সমাবেশ, আনন্দ সম্মেলন (ঝিলে তোমার মুক্তা ফলে, জলায় ফুলের জলসা রোজ— সত্যেন্দ্র)। ২বি. নাচগান প্রভৃতির আসর বা বৈঠক (রঞ্জিত হয় এক পিয়ালায় জলসা-গেহ — ফরিদী)। [জল্‌সাহ্‌ جلسه আ.]।

**জলুস্‌, জুলুস, জৌলুস, জৌলুশ, জৌলুষ**—১বি. জেল্লা, ঔজ্জ্বল্য, চাকচিক্য (তুমি দিনের জলুস্‌ করিয়া দিয়াছ ম্লান—মোহিত)। ২বি. জাঁকজমক (যদ্দিন আমি আছি, তদ্দিনই সার্কাসের জৌলুস—অচিন্ত্য; সকলেই চায় শক্তির জলুস দেখিয়ে বাহবা পেতে—মোতাহের)। ৩বি. উপবেশন। ৪বি. সিংহাসনে উপবেশন উৎসব। [জুলুস্‌ جلوس আ.]।

**জলোয়া**—দ্র. **জল্‌ওয়া**।

**জল্লাদ**—১বি. প্রাণদণ্ডাদেশপ্রাপ্ত অপরাধীর হত্যাকারী বা ঘাতক (জল্লাদ কোথা? শূল পোঁতে নাই? —মোহিত; জল্লাদের হাতে মৃত্যুই ছিল লঘুতম প্রাপ্য— ওয়ালি)। ২বি. (আল.) নির্মম বা নিষ্ঠুর ব্যক্তি। [জল্লাদ جلّاد আ.]।

**জশন্‌**—বি. উৎসব, আমোদ-আহ্লাদ (জশন করেন সবে আনন্দে আরাম—গরীব; 'জশন' বা স্বাধীনতা দিবসের আমোদ আহলাদ করার জন্য— মুজতবা)। [জশন্‌ جشن ফা.]।

**জশম**—দ্র. **জওসম**।

**জহমত**— বি. কষ্ট, দুঃখ। [যহ্‌মত زحمت আ.]।

**জহর১**—বি. বিষ, গরল (জহর খেলায়া, নবী। মারিবে হাসন — হেয়াত)।[যহ্‌র زهر ফা.]। **জহর আলুদা**—বিণ. বিষ মাখান, বিষাক্ত (তার বুকে বিষমাখা তলওয়ার চালিয়ে আর জহর আলুদা তীর হেনেই আমার সুখ—নজরুল)। [— + আলুদহ آلوده ফা.]।

**জহর২**—দ্র. **জওহর**।

**জহরত**—দ্র. **জওহর**।

**জহরি, জহরী**—দ্র. **জহুরি**।

**জহুরি, জহুরী, জহরি, জহরী**—১বি. মণিমুক্তাদির ব্যবসা। ২বি. যে মণিমুক্তা চিনে ও তার দোষ গুণ সম্বন্ধে অভিজ্ঞ। ৩বি. সমঝদার। [জওহরী جوهری আ.]।

**জহীন, জহীন্**—বি. মেধাবী, তীক্ষ্ণ-বুদ্ধি, অত্যন্ত চালাক, সুচতুর (জহীন কিম্বা চালাক বললে আমরা বুঝতে পারি—মাইকেল)। [যিহ্ন্ ذهن আ.]।

**জহুরা**—বি. অলৌকিক শক্তি. ঔজ্জ্বল্য প্রকাশ, মাহাত্ম্য। [যহূর ظهور আ.]।

**জাইগীর**—দ্র. **জায়গীর**।

**জাংগাল, জাঙাল, জাঙ্গাল**—১বি. বাঁধ, Dam (জাঙাল ভাঙা স্রোত)। ২বি. সেতু (বীরবলে এ জাঙাল ভাঙি কর অপবাদ—মাইকেল)। ৩বি. আলি বা আইল, উচ্চ চওড়া পথ (দীঘি, জাঙাল, দেউল, দালান গড়লে দ্বীপের রক্ষী গো—সত্যেন্দ্র)। ৪বি. পথ (মছজেদ পুষ্করিনি দেয় কতেক জাঙ্গাল—আলাওল)। ৫বি. পতিত জমি। [দঙ্গল دنگل হি.]।

**জাঁকান্দানী**—বি. মৃত্যুকষ্ট। [জান্ جان ফা. + কুন্দী كندی হি.]।

**জাঁদার**—বি. জাঁদরেল (বেগম সাহেব আজকাল ভারি জাঁদার— মশাররফ)। [জহাঁদার جهاندار ফা.]।

**জাঁহাপনা, জাহাপনা, জাহানপানা**—১বি. পৃথিবীর আশ্রয়স্থল, প্রভু, Lord। ২বি. মহারাজ, রাজাধিরাজ, সম্রাট্, মুসলমান সম্রাটের প্রতি সম্বোধন বিশেষ (কহে জাঁহাপনা সেলামত— ভারত) [জহান্ পনাহ্ جهان پناه ফা.]।

**জাঁহাবাজ, জাহাঁবাজ**—১ বিণ. দুর্দান্ত, দজ্জাল, জবরদস্ত (ঢের ঢের জাহাঁবাজ মেয়ে মানুষ দেখিচি—বিভূতি)। ২বিণ. ধড়িবাজ, কূটবুদ্ধি। ৩বিণ. বহুদর্শী। [জানবায্ جانباز ফা.]।

**জাকাত, জকাত, যকাত**—বি. ইসলাম ধর্মমতে নির্দিষ্ট পরিমাণ সঞ্চিত সম্পদের অবশ্যদেয় চল্লিশ ভাগের এক ভাগ অংশ (মালের জাকাত দিতে না হইঅ বিমন—সুলতান; হজে যেতে জাকাত দিতে যিনি বাধা দেননি, তাঁর বিরুদ্ধে বিদ্রোহ করা মহাপাপ—মুজতবা)। [যকাত্ زكوة আ.]।

**জাগা**—দ্র. **জায়গা**।

**জাগির, জায়গীর**—দ্র. **জায়গির**।

**জাছুছ**—বি গুপ্তচর (কি সংবাদ জাছুছ তোমার? —ফররুখ)। [জাসূস جاسوس আ.]।

**জাজা, জাযা**—বি. পুরস্কার, বদলা, শোধ, প্রতিশোধ। [জযা' جزاء আ.]। **জজা-কাল্লাহ্, জাযাকাল্লাহ্** — তোমার কাজের জন্য আল্লাহ্ তোমাকে পুরস্কৃত করুন. ধন্যবাদ। [জযাকাল্লাহ্ جزاك الله আ.]।

**জাজিম**—১বি. ফরাশ, বিছানা, গালিচা ইত্যাদির উপর বিছাবার চাদর বিশেষ (জাজিম ভিজিয়া গেছে—রবীন্দ্র)। ২বি. বিছানার তোশকের নীচে পাতবার পুরু গদি বিশেষ, mattress। [জাজিম جاجم হি.]।

**জাড়**—১বি. শীত, হিম, ঠাণ্ডা (দারুণ দুর্জয় জাড় নাহি রাখে কিছু সাড়—ঈশ্বর)। ২বি. শীতজনিত জড়তা (বুড়াদের ভাঙে নাক জাড়—সত্যেন্দ্র)। [জাড়া جاڑا হি.]।

**জাত১**—১বি. বর্ণ, বংশগত বা জন্মগত সামাজিক অধিকার (ছোট মেয়ে)। ২বি. ধর্মগত শ্রেণী বিভাগ, সম্প্রদায়গত শ্রেণীবিভাগ (সবল জাতই সৃষ্টি যে তাঁর—নজরুল)। ৩বি. শ্রেণী বা প্রকার (দেশী বিলাতি নানা জাতের চারা)। ৪বিণ. শ্রেণীভুক্ত, গোষ্ঠীভুক্ত বা সগোত্র (ওরা হচ্ছে শয়তানের জাত)। [যাত ذات আ.]।

**জাত২**—বি. সমূহ (মেওয়াজাত, দ্রব্যজাত)। [জাত جات হি.]।

**জাদ, জাদা**—১বি. পুত্র, ছেলে (সেলাম কর বাদশাজাদে—রবীন্দ্র)। ২বিণ. জাত, জনিত (নবাবজাদা)। [যাদহ্ زاده ফা.]। **জাদী**—বি স্ত্রী. কন্যা (নবাবজাদী)। [যাদী زادی ফা.]।

**জাদু, যাদু**—১বি. ইন্দ্রজাল, ভেল্কী, মায়া, কুহক (জাদুবিদ্যা)। ২বি. বশীকরণ ইত্যাদি, তুক (জাদু করা, ওরাই তো তোরে যাদু করিয়াছে— জসীম)। [জাদূ جادو ফা.]। **জাদুকর, যাদুকর, জাদুগর**—১বি. যে জাদু করতে জানে, ঐন্দ্রজালিক, মায়াবী, ভেল্কিবাজ, magician। ২বি. বশীকরক। [জাদূগর্ جادوگر ফা.]। **জাদুকরী, যাদুকরী**—১বিণ. জাদু করে এমন। ২বি. স্ত্রী. মেয়ে জাদুকর। **জাদুঘর, যাদুঘর**—বি. যেখানে পুরাতত্ত্ববিষয়ক ও অন্যান্য বহুপ্রকার অদ্ভুত ও কৌতুহলোদ্দীপক প্রাকৃতিক ও শিল্প বিজ্ঞানজাত বস্তু সংরক্ষিত থাকে, museum **জাদু বিদ্যা**—১বি. ভোজবিদ্যা, কুহক বিদ্যা, magic। ২বি. বশীকরণ বিদ্যা। [—ফা. + ঘর, বিদ্যা (বাং)]।

**জান**—১বি. জীবন, প্রাণ (আমার জান বাবা আপনার হাতে সঁপে দিয়ে যাননি?—মুজতবা)। ২বি. (সঙ্গীতে) রাগ-রাগিণীর প্রধান সুর। [জান جان ফা.]। **জানকবুল**—অব্য. প্রাণ দিতেও প্রস্তুত অর্থজ্ঞাপক (সকলেই জান কবুল করিয়া যুদ্ধ করিতে লাগিল—বাহার)। **জানমাল**—বি. জীবন ও ধনসম্পদ, ধনপ্রাণ (তাহারাই শুধু বকরীদ্ করে জানমাল কোরবানে—নজরুল)। [— مال ফা.]। **জানী-দুশমন**—১বি. হত্যা করতে পারে এমন শত্রু, প্রাণঘাতী শত্রু। ২বি. ঘোর শত্রু, প্রবলতম শত্রু। [— دشمن ফা.] **জানী দোস্ত**—বি. অন্তরঙ্গ বন্ধু। [— دوست ফা.]।

**জানাজা, জনাজা**—১বি. মৃত দেহের সদগতির জন্য দাফন বা কবরস্থ করার আগে যে প্রার্থনা করা বা নামাজ পড়া হয় (মৃতদেহের সদগতি উপাসনা (জানাজা) করাইতে—মশাররফ)। ২বি. শবাধার, শবসমেত খাট। ৩বি. শবযাত্রা (শারাবি জম্‌শোদি গজল 'জানাজা'য় গাহিও আমার—নজরুল) [জানাযহ্ جنازه আ.]।

**জানানা, জেনানা**—১বি. স্ত্রীলোক, নারী (তার তুল্য স্বাধীন জেনানা আমি আর একটিও দেখিনি—প্রমথ)। ২বি. পত্নী। ৩বি. অন্ত:পুরিকা, অন্তঃপুরবাসিনী (ঘর হৈতে নিকালিতে পারেনা জানানা —ভারত)। ৪বি. অন্ত:পুর, অন্দরমহল। ৫বি. অবরোধ, পর্দা। [যনানহ্ زنانه ফা.]।

**জা'নামাজ, জানামাজ**—বি. নামাজ পড়ার মাদুর, কার্পেট (জা'নামাজ বিছিয়ে নামাজ পড়ছে মাগরেবের—শাহেদ)। [জায়্নমায্ جائےنماز ফা.]।

**জানী দুশমন**—দ্র. জান।

**জানী দোস্ত**—দ্র. জান।

**জানেব**—বি. পক্ষ। [জানিব جانب আ.]। **জানেব-দারী** —বি. পক্ষপাতিত্ব।

**জানোয়ার**—১বি. জীব, প্রাণী (ইনি কিরূপ জানোয়ার আজ একবার দেখিয়া আসিব —বিদ্যা)। ২বি. পশু, জন্তু (দুনিয়াতে মুসলিম আজ পোষা জানোয়ার—নজরুল)। ৩বি. বিণ. কাণ্ডজ্ঞানহীন, মনুষ্যত্বহীন। [জান্ওয়ার جانور ফা.]।

**জান্নাত, জিন্নাত, জিন্নাৎ** (অ-প্র.), **জান্নত, জান্নাত**—১বি. বেহেশত, স্বর্গ, অমর্ত্যলোক (জিন্নাৎ হতে দেখিব মোদের গোরস্থানের 'পর / প্রেমে আনন্দে পূর্ণ সেথায় উঠেছে নূতন ঘর—নজরুল)। ২বি. উদ্যান। ৩বি. স্বর্গোদ্যান। [জান্নত جنّت আ.]। **জান্নাতী**—বিণ. স্বর্গীয়, বেহেশ্তী (আনে জান্নাতী নূর—ফররুখ)। **জান্নাতুল বাকী, জান্নাতুল বাকিয়া** (অ-প্র)—১বি. মদিনার পুবদিকের সম্মানিত গোরস্থান। ২বি. সর্বশ্রেষ্ঠ স্বর্গ (... প্রথম একটা সুন্দর স্থান হয়ে দাঁড়াত, যাকে জিন্নাতুল বাকিয়া বললেও লোকে তৃপ্ত হতনা—নজরুল)। [ جنّت الباقی আ.]।

**জাফরান**—বি. পুষ্পবিশেষের কেশর, কুঙ্কুম, Saffron (সেদিন জাফরানের ফুলে যেন খুন খুশরোজ—নজরুল)। [যা'ফ্রান زعفران আ.]। **জাফরানি**—বিণ. পীত, হলদে (জাফরানি রঙের পরাব পিরান তোর গায় রে—নজরুল)।

**জাফরি**—বি. বাঁশের বাখারি বা চটা ইত্যাদি দিয়ে বোনা চৌকোণা ছিদ্রযুক্ত বেড়া বা ঝাঁপ (উঠানটা বাঁশের জাফরি দিয়া ঘেরা— বিভূতি)। [জা'ফ্রী جعفری আ.]।

**জাবদা, জাবেদা, জাব্দা, জাবিদা**—১বি. আইন, বিধান, law (জাবদা আপীল: জাব্দা জুজুর ভয় কোরোনা—সত্যেন্দ্র)। ২বি. দৈনিক হিসাবের পাকা খাতা (খেরো মোড়া দড়ি-বাঁধা জাব্দা—অবনীন্দ্র)। [যাবিতহ্ ضابطه আ.]। **জাব্দা আপীল, জাবেদা আপীল**—বি. আইনসম্মত পুনর্বিচারের আবেদন, রীতিমত আপীল। [—আ. Appeal ইং.]। **জাব্দা খাতা, জাবেদা খাতা, জাব্দা খাতা** — বি. যে মোটা খাতায় দৈনিক হিসাব লেখা হয়। **জাবদা নকল, জাবেদা নকল** —বি. যথারীতি অর্থাৎ আদালতের স্বাক্ষর বা মোহর যুক্ত Certified copy।

**জাবিদা**—দ্র. **জাবদা**।

**জাবিন**—দ্র. **জামিন**।

**জাবেদা, জাব্দা**—দ্র. **জাবদা**।

**জাব্বা-জোব্বা**—১বি. পোশাক-পরিচ্ছদ, চোগা চাপকান জাতীয় লম্বা ও ঢিলা পোশাক। ২বিণ. পোশাকী, বাইরের ভড়ং (জাব্বা-জোব্বা দিয়ে ধোঁকা দিবি আল্লারে, ওরে বোকা—নজরুল)। [জুব্‌বহ্ جبّة আ.; 'জাব্বা' অনুকার শব্দ]।

**জাম$_{১}$**—বি. পেয়ালা, পাত্র (রোমসম্রাট্ শরাবের জাম হাতে থরথর কাঁপে—নজরুল)। [জাম جام ফা.]।

**জাম$_{২}$**—বি. মরিচা, জং। (আজ হৃদয়ের জামধরা যত কবাট ভাঙিয়া দাও—নজরুল)। [যংগ্ زنگ ফা.]।

**জামড়া/জামড়ো**—১বি. ঘর্ষণের ফলে চামড়ার কাঠিন্য, কড়া। ২বিণ. দরকাঁচা। [জামিদ্ جامد আ.]।

**জামদান, জামদানী**—১বি. বুনিয়া ফুল তোলা মিহি তাঁতের কাপড় বিশেষ। ২বি. নক্‌শা-তোলা ধাতু পাত্র। ৩বিণ. নকশা-তোলা, ফুল কাটা। [জাম্‌দানী جامدانی ফা.]।

**জামধর**—বি. সাঁড়াশি জাতীয় প্রাচীন অস্ত্র বিশেষ (সুপারি কাটার জাঁতির মতো জামধর মোগল ছবিতে দেখেছিলুম—মুজতবা)। [জাম্‌দার جامدار ফা.]।

**জামরুদ**—বি. উজ্জ্বল সবুজ রঙের মূল্যবান পাথর বিশেষ, emerald (আজি আল্‌মাস্, গওহর লুটে আনি জামরুদ লাল— ফররুখ)। [যমুর্‌রদ زمرّد আ.]।

**জামা**—বি. সেলাইযুক্ত অঙ্গাবরণ, পরিচ্ছদ, পিরান-কোট-কামিজ ব্লাউজ ইত্যাদি। [জামহ্ جامه ফা.]।

**জামাত**—দ্র. **জমায়েত**।

**জামাত উলা**— বি. প্রথম শ্রেণী, সর্বোচ্চ শ্রেণী। [জমাআ'ত উলা جماعت اولیٰ আ.]।

**জামানত, জমানত**—১বি. জামিনস্বরূপ গচ্ছিত অর্থাদি। ২বি. জামিন, প্রতিভূ, bail। [যমানত্ ضمانة আ.]। **জামানতনামা** —বি. যে পত্রে জামানতের শর্তাদি লেখা থাকে।

**জামানা**—বি. সময়, কাল, যুগ (তার জামানায় আমি খেতে পাইনা—বাহার)। [যমানহ্ زمانه আ.]।

**জামানি**—বি. জামিন, প্রতিভূ (অরাজকপুরে থাকা মাত্র জামানিতে খালাস দিব—মশাররফ)। [যামিন্ ضامن আ.]।

**জামাল** —বি. রূপ, সৌন্দর্য, সুষমা (তানা হলে কার হবে আর রৌশন এমন জামাল? —নজরুল) [জামাল جمال আ.]।

**জামিউল্-আজহার**— বি. কায়রোতে অবস্থিত বিশ্বের প্রাচীনতম বিশ্ববিদ্যালয় (জামিউল্ আজ্‌হারের ছাত্রবৃন্দ—মুস্তাফিজ)। [আল্‌জামিউল আয্‌হার الجامع الازهر আ.]।

**জামিওয়ার**—দ্র. **জামিয়ার**।

**জামিন, জাবিন** (অ. প্র.)—১বি. জামানত, প্রতিভূ, অপরের জন্য দায়ী, bail,

security (আসামীর জামিন লওয়া যাইতে পারে)। ২বি. অঙ্গীকার পালন না করলে যে গচ্ছিত টাকা কাটা যায়। [যামিন্ ضامن আ.]। **জামিনদার, জাবিনদার** (অ-প্র)—বি. যে অপরের জন্য জামিন হয়, প্রতিভূ। **জামিনদারি, জাবিনদারি**—বি. জামিন দেওয়া, মুচলেকা দেওয়া। **জামিননামা, জাবিন নামা**—বি. যে পত্রে জামিন হওয়া বা দেওয়ার শর্তাদি লেখা থাকে, মুচলেকা। **জামানি, জামিনী, জাবানি**— বি. আমানত (তাহার পাঁচশত টাকার জামিনী হইয়াছে— মশাররফ) [যামিনী ضامنی আ.]।

**জামিয়ার, জামীয়ার, জামেয়ার, জামিওয়ার**—বি. ফুল তোলা অত্যন্ত মূল্যবান কাশ্মীরী শাল বিশেষ (একটি দামী পুরাতন জামিয়ার বাহির করিলেন— রবীন্দ্র)। [জামহ্ ওয়ার جامهوار ফা.]।

**জামীয়ার, জামেয়ার**—দ্র. **জামিয়ার**।

**জামে মসজিদ**— বি. বড় মসজিদ, যে মসজিদে শুক্রবারে জামাতে নামাজ হয় [জামি'+মসজিদ جامع مسجد আ.]।

**জায়**—১বি. ফর্দ, তালিকা, তফসিল। ২বি. হিসাবের লিখিত বিস্তৃত বিবরণ, বিস্তৃত হিসাব। ৩বি. বিনিময় (টাকার জায়ে জিনিস দিতে হইবে) [জায় جائے ফা.]। **জায়বাকী, বাকীজায়**—বি. যে টাকা পাওয়ার বাকি আছে, তার তালিকা। [— ফা. +বাক্বী باقی আ.]। **জায়সুদী**— বিণ. ঋণের সুদ স্বরূপ জমির ফসল দিতে হয় এমন। [— ফা. — + — সূদ سود ফা. + ঈ]।

**জায়গা, জাগা**— ১বি. স্থান, ঠাঁই, (তিলধারণের জায়গা নাই)। ২বি. সম্পত্তি, জমি। ৩বি. অবস্থা, সুযোগ, ক্ষেত্র (জায়গা বুঝে কথা বলা উচিত)। ৪বি. আধার, পাত্র (চিনি রাখার জায়গা দাও)। ৫বি. বদল, পরিবর্ত (রহিমের জায়গায় করিম)। ৬বি. আশ্রয় (সমাজে সন্ত্রাসীদের জায়গা নেই)। ৭বি. আবাস, বাস (সুন্দরবন বাঘের জায়গা)। [জগাহ্ جگہ হি.]।

**জায়গির, জায়গীর, জাইগীর, জাগির, জাগীর**—১বি. কৃতকর্মের পুরস্কার স্বরূপ বাদশাহ থেকে প্রাপ্ত নিষ্কর ভূসম্পত্তি (সুকর্মের ফলে পেত কত পুরস্কার নিষ্কর জাগির —কায়কোবাদ)। ২বি. বিনা খরচে কোন পরিবারে থাকা খাওয়ার ব্যবস্থা (সরকার বাড়িতেও দুইজনের জায়গির আছে— মনসুর)। [জাগীর جاگیر ফা.]। **জায়গিরদার, জায়গীরদার, জাইগীরদার, জাগিরদার** —১বি. জায়গিরের মালিক, জায়গির ভোগকারী। ২বিণ. যাকে জায়গীর দেয়া হয়েছে, যে জায়গীর পেয়েছে। **জায়গিরদারি, জায়গীরদারি, জাইগীরদারি, জাগিরদারী**— বি. জায়গীরের ভোগদখল। [জাগীরদারী جاگیرداری ফা.]।

**জায়নামাজ**—বি. নামাজের পাটি, মছল্লা (সিজদা করে জায়নামাজে ফেলরে চোখের পানি—নজরুল)। [জায়নমায جائے نماز ফা.]।

**জায়বদলি, জায়বদলী**— বি. বদলি, পরিবর্ত (জায়বদলি বা exchange স্বরূপ তাঁর সহোদরার পাণি পীড়ন করলে—নজরুল)। [জায় جائے ফা. + বদল بدل আ. + ঈ]।

**জায়বেজায়** — বিণ. ন্যায় অন্যায়, ভালমন্দ, যা বলা যায় ও যা বলা যায়না সবই, যা খুশি তাই, যাচ্ছে তাই (জায়বেজায় গালিগালাজ)। [জায়-বেজায় جائے بیجائے ফা.]।

**জায়েকাদার**—বিণ. সুস্বাদু। [যা'ইক্বাহ্ ذائقه আ.+দার دار ফা.]।

**জায়েজ**—বিণ. সিদ্ধ, আইন সঙ্গত, উপযুক্ত, প্রচলিত। [জাইয্ جائز আ.]।

**জারজার**—দ্র. **জারেজার**।

**জারা**—দ্র. **জেরা৩**।

**জারি১, জারী**—১বি. প্রবর্তন, প্রচলন, কার্যকর, প্রয়োগ (প্রাতঃকালে জারি হবে নূতন আইন)। ২বি. প্রচার, রাষ্ট্র, জাহির, জাঁক (তিনি যতই জারি করেন, লেখাপড়ায় কিন্তু তত দখল নাই; এক ফরমান জারি করিল—মুস্তাফিজ)। ৩বি. দম্ভ, দর্প, বড়াই (কিসের জারি করিয়া বেড়ায় সে?)। ৪বিণ. প্রবর্তিত, প্রচলিত, কার্যকর (মনুর শাস্ত্র শুধ্‌রে দিয়ে *নূতন* বিধি করবো জারি—রবীন্দ্র)। [জারী جاری আ.]।

**জারি২**— ১বি. দুঃখ, কান্না, শোক ইত্যাদি। ২বি. কারবালার শোকাবহ ঘটনা মূলক গাথা, শোকগীতি। [যারী زاری ফা.]।

**জারী**—দ্র. **জারি১**।

**জারে জার, জারজার**—১ক্রি. বিণ. দরবিগলিত ধারায়, একান্ত কাতরে, বিলাপে, খেদে (কান্দে জার জার)। ২বিণ. জরজর বা জীর্ণ, একান্ত কাতর (কান্দিতে লাগিল দুহে হয়া জারে জার—হেয়াত)। [যার্‌যার্ زارزار ফা.]।

**জার্‌রা**—দ্র. **জেরা৩**।

**জাল**—বিণ. কৃত্রিম, মেকি (জাল টাকা)। ২বি. ঠকানোর জন্য অনুকরণ (দলিল জাল করা)। ৩বিণ. ছদ্মবেশী, কপট (জাল দরবেশ)। [জা'ল جعل আ.]। **জালবাজ**—বিণ. কপটতায় পটু বা ছলময়, জালিয়াৎ, জুয়াচোর (সকলেই মিথ্যাবাদী ও জালবাজ— কালী সিং)। [—বায্ باز ফা.]। **জালসাজ**— বি., বিণ. জালিয়াৎ, জালকারক, forger (আপনি আমাদের চোর বলেছেন, ডাকাত বলেছেন, জালসাজ বলেছেন—দীনবন্ধু)। (— সায্ ساز ফা.]। **জালসাজি, জালসাযী**— বি. জালিয়াতি, প্রবঞ্চনা, / forgery [— আ. সাযী سازی ফা.]।

**জালবাজ, জালসাজ, জালসাজি, জালসাযী**—দ্র. **জাল**।

**জালিম, জালেম, যালিম**—১বিণ. জুলুমকারী, অত্যাচারী, উৎপীড়ক (কঙ্কাল বিছায়ে জালিম মাপে মিনারের পথ—ফররুখ; জালিমে জুলুম কৈলে করিব সবর—আলাওল)। ২বি. অত্যাচারী ব্যক্তি, জুলুমকারী ব্যক্তি। [যালিম ظالم আ.]।

**জালিয়াত, জালিয়াৎ**—১বি. বিণ. জালকারক, মেকি দ্রব্য প্রস্তুত কারক বা কৃত্রিম খৎ বা দলিলাদি রচয়িতা। ২বি. বিণ. ধোকাবাজ, প্রবঞ্চক, ঠক। [জা'লীয়াত جعلية আ.]। **জালিয়াত**—১বি. প্রবঞ্চনা, ধোকাবাজী। ২বি. জালিয়াতের কাজ। ৩বি. মেকি জিনিস প্রস্তুত করণ, জাল করণ।

**জালেম**—দ্র. **জালিম**।

**জাশু**—দ্র. **জাসু**।

**জাসু, জাশু, জাসুস**—১বিণ. অগ্রগণ্য, চাঁই (আপনি কৃপণের জাসু—মনোজ)। ২বিণ. ধূর্ত, ধড়িবাজ, চতুর। ৩বিণ. ঝানু, ঘাগী। ৪বি. গোয়েন্দা, গুপ্তচর (জাসুস ভেজিয়া দিল লইতে খবর—হামজা)। [জাসুস جاسوس আ.]।

**জাস্তি**—১বি. আধিক্য, অতিরিক্ত পরিমাণ। ২বিণ. বেশী, প্রচুর, অধিক। [যাইদ্ زيد আ; যিয়াদতী زيادتى ফা.]।

**জাহাঁপনা**—দ্র. **জাঁহাপনা**।

**জাহাঁবাজ**—দ্র. **জাঁহাবাজ**।

**জাহাজ**—বি. বৃহৎ জলযান. অর্ণবপোত, স্টীমার। [জহায্ جهاز আ.]।

**জাহাজী**—১বিণ. জাহাজ সম্বন্ধীয়। ২বিণ. জাহাজযোগে আগত, জাহাজে আনীত, যা জাহাজে চালান আসে (জাহাজী নারিকেল)। ৩বি. যে জাহাজে কাজ করে, জাহাজের শ্রমিক কর্মচারী ইত্যাদি। [জাহাযী جهازى আ.]।

**জাহান**—বি. দুনিয়া, বিশ্ব জগত (ও-নাম মাখা তামাম জাহান— নজরুল)। [জহান্ جهان ফা.]।

**জাহাপনা**—দ্র. **জাঁহাপনা**।

**জাহান্‌দার, জাহান্দার**—বি. দুনিয়ার মালিক। [জহান্‌দার جهاندار ফা.]।

**জাহানপতনা**—দ্র. **জাঁহাপনা**।

**জাহান্নম**—দ্র. **জাহান্নাম**।

**জাহান্নাম, জাহান্নম**—বি. নরক, দোজখ (তাহাকে জাহান্নম নামক একটা অস্থানে যাইতে অনুরোধ করি—রবীন্দ্র)। [জহন্নম্ جهنم আ.]। **জাহান্নামী**—১বি-বিণ; নারকী, দোজখী (তুই ত আজই প্রথম জাহান্নামী হইলি—মশাররফ)। ২বি-বিণ. পাপী, অনাচারী। [জহন্নমী جهنمى আ.]।

**জাহিদ**—বি. সাধু ব্যক্তি, ত্যাগী পুরুষ, ভোগ বিলাসহীন অনাড়ম্বর ব্যক্তি (জাহিদের স্বর্গ সিদ্ধি—আলাওল)। [যাহিদ زاهد আ.]।

**জাহির, জাহের, জাহেরী**—১বিণ. প্রকাশিত, ব্যক্ত (শহরের উপদ্রব করিল জাহির—ভারত; নবীর জাহেরী ছুন্নতগুলি লইয়া

মারামরি—আকরম).। ২বি. প্রচার, রাষ্ট্র, প্রকাশ (আমার নাম জাহির হবে—রবীন্দ্র)। ৩বিণ. ব্যাপ্ত, বিঘোষিত (আমার কাগজের নাম দেশ বিদেশে জাহির হয়েছে—দীনবন্ধু)। ৪বি-বিণ. প্রদর্শন বা প্রকটন (বিদ্যা জাহির করা)। [যাহির ظاهر আ. যাহিরী ظاهری আ.]। **জাহিরা, জাহেরা**—বিণ. বহিরের, ব্যাহ্যিক (জাহেরা দুনিয়া)। [—+আ প্রত্যয়]।

**জাহিল, জাহেল, যাহিল**—বি-বিণ. অজ্ঞ, মূর্খ, নির্বোধ, অশিক্ষিত ব্যক্তি (জাহিলের নিকটে না যাও কদাচিত—আলাওল)। [জাহিল جاهل আ.] **জাহিলিয়া, জাহেলিয়াত**—বি. অজ্ঞতা বা বর্বরতার যুগ; ঈসায়ী-ধর্ম প্রচারের পর থেকে ইসলাম ধর্ম প্রচারের সময় পর্যন্ত। [জাহিলিয়্যাত جاهلية আ.]। **জাহিলী**—১বি. অজ্ঞ, অসভ্য, বর্বর ব্যক্তি। ২বি. অজ্ঞতা, বর্বরতা [—+ঈ প্রত্যয়]। **জাহেলাত, জাহালত**—বি. অজ্ঞতা, মূর্খতা (জাহালতে আঁধার মোদের কাটছে নাক' আর— মোস্তফা) [জিহালত্ جهالة আ.]।

**জাহের, জাহেরী**—দ্র. **জাহির**।

**জাহেল**—দ্র. **জাহিল**।

**জি, জী**—১বি. জীবন, প্রাণ। ২বি. মন, চিত্ত। (জী চায়না) [জী جی হি.]।

**জিকির, জিকীর, জিগির, জিগীর, জেকের**—১বি. আল্লাহ্ তা'আলার নাম উচ্চারণ বা জপ (গাজী মাদার হেঁকেছে জিকীর—জসীম; আল্লার নাম জিকির করে লুকিয়ে গভীর রাতে—নজরুল)। ২বি. রব, উচ্চধ্বনি, স্লোগান। ৩বি. বিশেষ জোর, emphasis। ৪বি. ধুয়া, একই বক্তব্যের বার বার উচ্চারণ। ৫বি. প্রচার। ৬বি. জয়োল্লাস, জয়ধ্বনি। ৭বি. শোরগোল, হৈচে। [যিক্‌রাতুন ذكرة আ.]।

**জিগর, যিগর**—১বি. যকৃৎ, কলিজা, হৃৎপিণ্ড, প্রাণ (তৈয়ার হেয় হর্দম ভাই ফাড়ুতে যিগর শত্রুদের—নজরুল)। ২বি. পারমার্থ গান। ৩বি. সাহস, বুকের পাটা। [জিগর্ جگر ফা.]। **জিগর পস্তানি, জিগর পস্তানী**—বিণ. কলিজা-ফাটা, হৃদয় বিদারক (এ কোন্ জিগর পস্তানী সুর—নজরুল)। [—পস্‌ত پست ফা.+আনি, আনী (প্রত্যয়)]।

**জিগির, জিগীর**—দ্র. **জিকির**।

**জিজিয়া, জিয্‌য়া**—বি. মুসলিম রাষ্ট্রে সামরিক কাজের বদলে অমুসলমানদের কাছ থেকে গৃহীত এক প্রকার কর (খাইবারের এহুদীদিগকে জিয্‌য়া কর হইতে অব্যাহতি দিয়াছিলেন— আকরম)। [জিয্ইয়াহ্ جزية আ.]।

**জিঞ্জির, জিঞ্জীর, জিজিঁর**—১বি. শিকল, শৃঙ্খল (উদ্‌মো ষাঁড়কে জিজিঁর বা দড়াদড়ি দিয়ে বাঁধলে—নজরুল)। ২বি. (আল.) গ্রন্থি বা বন্ধন (হৃদয়ের জিঞ্জির দিয়ে—মুজতবা)। ৩বি. কয়েদ, জেল (জিঞ্জির হইতে ফিরিয়া আসলে—টেকচাঁদ)। [যন্‌জীর زنجير ফা.]।

**জিদ, জেদ, যিদ**—১বি. গোঁ, ঝোঁক, একগুঁয়েমি (তার জিদ পড়েছে সেখানে আমাদের নিয়ে যাবেই—কেদার)। ২বি. রাগ, ক্রোধ (আমার যিদ হইয়াছিল —মনসুর; সকল যুদ্ধ সকল জেদ —সত্যেন্দ্র)। [যিদ্ ضد আ.]। **জিদি, জেদী, জিদ্দি, যিদ্দি**—বিণ. একগুঁয়ে, এক রোখা (তার দাদার জেদী মেজাজের— রবীন্দ্র)। [যিদ্দী ضدی আ.]।

**জিদালো, জেদালো/যেদালো**— বিণ. একরোখা, একগুঁয়ে (নেলি যে রকম জেদালো মেয়ে— রবীন্দ্র)। [যিদ্ ضد + আলো (বাং.)]।

**জিদাজিদি, জেদাজেদি, যিদা যিদি**—১বি. পরস্পর জিদ প্রকাশ। ২বি. বারবার জিদ প্রকাশ। [দ্বিরুক্ত শব্দ]

**জিন১**—বি. অদৃশ্য দেহধারী আগুনের তৈরী জীব বিশেষ (তিনি জিন ছাড়াইতে পারিতেন—মনসুর)। [জিন্ন جن আ.]।

**জিন২**, জীন—বি. ঘোড়ার পিঠে পেতে বসার চামড়ার গদি, saddle (... এল দুলদুল পৃষ্ঠে শূন্য জিন—নজরুল)। [যীন্ زین ফা.]।

**জিনা**—দ্র. জেনা।

**জিনিস, জিনিষ**—১বি. বস্তু, পদার্থ, দ্রব্য। ২বি. সার বস্তু (ইহাতে জিনিস বলিতে কিছুই নাই)। ৩বি. মূল্যবান বা সারগর্ভ বস্তু (জিনিস একখানা)। ৪বি. আসবাবাদি, গৃহসামগ্রী বা সংসারের নিত্য প্রয়োজনীয় সামগ্রী (জিনিস তো করেছ ঢের)। ৫বি. বিষয় (সব জিনিসে মাথা গলান)। ৬বি. ব্যাপার (বাপের বাড়ি আর শ্বশুর বাড়ি কি এক জিনিস?)। [জিন্স্ جنس আ.]।

**জিন্দা, জেন্দা**—১বিণ. জীবিত, জীবন্ত (মুর্দা কোথা কথা কয় জেন্দা লোকের সাথ—হামজা; খালেদ! খালেদ! জিন্দা হয়েছে আবার হিন্দা বুড়ি—নজরুল)। ২বিণ. জাগ্রত বা অলৌকিক শক্তি সম্পন্ন। [যিন্দহ্ زنده ফা.]। **জিন্দাপীর, জেন্দাপীর**—১বি. জীবিত পীর। ২বি. অলৌকিক সম্পন্ন সাধুপুরুষ, সিদ্ধ পুরুষ (আলমগীর জিন্দাপীর, নহে মিথ্যা নহে—ইমদাদ)। [—ফা.+পীর پیر ফা.]। **জিন্দাবাদ**—১অব্য. দীর্ঘজীবী হোক বা অমর হোক এই কামনা সূচক ধ্বনি। [যিন্দহ্বাদ زنده باد ফা.]।

**জিন্দান, জেন্দান**—১বি. কারাগার, জেলখানা (রাত্রির জিন্দান থেকে মুক্ত সূর্য দেখেছি —ফররুখ)। ২বি. বন্ধন। [যিন্দান زندان ফা.]। **জিন্দানখানা**—বি. জেলখানা, কারাগার, বন্দীশালা (কাটিল জিন্দেগী বৃথাই দুনিয়ার জিন্দান খানায়—নজরুল)। [—ফা.+খানহ্ خانه ফা.]।

**জিন্দিগি, জিন্দেগি, জিন্দেগী, জেন্দেগি, জেন্দেগী, জেন্দাগী**—১বি. জীবিতকাল, আয়ুষ্কাল (জিন্দেগি ভর্ তারি মালা পরবো আমার গলে—নজরুল)। ২বি. আয়ু, জীবন, প্রাণ (জেন্দেগী থাকিলে ফের

হবে মোলাকাত — হামজা)। [যিন্দ্গী زندگی ফা.]।

**জিন্দেগানি, জেন্দাগানী**—বি. জীবন, জীবৎকাল, আয়ুষ্কাল (আল্লার বান্দার কাজে যে দিয়েছে জিন্দেগানি—ফররুখ)। [যিন্দ্গানী زندگانی ফা.]।

**জিন্নাত, জিন্নাৎ, জান্নাতুল-বাকিয়া**—দ্র. **জান্নাত**।

**জিবরাইল, জিবরাঈল, জিবরীল**—বি. স্বর্গীয় দূত, যিনি আল্লাহ্‌র কাছ হ'তে নবী-রসুলগণের কাছে সংবাদ পৌঁছান। [জিব্‌রাঈল جبرائيل আ.]।

**জিম্বা**—দ্র. **জিম্মা**।

**জিম্মা, জেম্মা, জিম্বা**—১বি. হেফাজত, তত্ত্বাবধান, সংরক্ষণ, দায়িত্ব (বাক্সটি দারোয়ানের জিম্মায় রাখিয়া—সুকুমার; আসামী আমার জিম্বায় আছে—মশাররফ)। ২বি. আয়ত্ত, অধিকার। ৩বিণ. গচ্ছিত, ন্যস্ত। [যিম্‌মহ ذمّة আ.]। **জিম্মাদার**—বি. যার নিকট কোন জিনিস গচ্ছিত রাখা যায় বা যার দায়িত্বে কোন বস্তু রক্ষিত থাকে। [—দার دار ফা.]। **জিম্মাদারি**—বি. রক্ষণাবেক্ষণের দায়িত্ব (আফগানিস্তানের বাইরে নিয়ে যাবার জিম্মাদারি—মুজতবা। [—দারী داری ফা.]।

**জিম্মী**—বি. মুসলিম রাষ্ট্রের অমুসলিম নাগরিক, যাদের রক্ষণাবেক্ষণের ভার বা দায়িত্ব রাষ্ট্র গ্রহণ করেছে (ঐ সকল অমুসলমান জিম্মী প্রজার উপর যাদের আমরা আশ্রয় দিয়েছি—বাহার)। [যিম্মী ذمّی আ.]।

**জিয়াদতী**—বি. বৃদ্ধি, প্রাচুর্য, আধিক্য। [যিয়াদত زيادة ]।

**জিয়াদা**—দ্র. **জেয়াদা**।

**জিয়ে**— বি. জীবিত (রোজ কিয়ামতে তাজা উঠবো জিয়ে — নজরুল)। [জী جی হি.+এ. প্রত্যয়]।

**জিয়াফত**—দ্র. **জেয়াফত**।

**জিয়ারত**— দ্র. **জেয়ারত**।

**জিরাত, জেরাত, জিরাৎ**—১বি. চাষাবাদ (তাহার জরু, গরু, জমি-জেরাত সবই ছিল—পরশু)। ২বি. চাষের বা বাসের জমি। [যিরা'আত زراعت আ.]। **জিরাতী**—বিণ. চাষের যোগ্য, কর্ষণীয়। **জিরাতীজমি**—বি. চাষযোগ্য জমি। [—আ.+ঈ+যমীন زمین ফা.]।

**জিল্‌দ, জেল্‌দ**—১বি. পুস্তকের খণ্ড যা একসঙ্গে সেলাই করা হয়। ২বি. পুস্তকের চামড়ার বাঁধাই বা মলাট। ৩টি. চামড়া। [জিল্‌দ جلد আ.]। **জিল্‌দ্‌গর, জেল্‌দ্‌গর**—বি. যারা বই বাঁধে, বাঁধাইকর, দপ্তরী (জেল্‌দ্‌গর ও দপ্তরী নিযুক্ত আছে)। জিল্‌দ্ جلد + গর گر ফা.]।

**জিলা, জেলা**—বি. একাধিক মহকুমার সমষ্টি প্রদেশের অংশ বিশেষ। [যিল' ضلع আ.]।

**জিলাপি/জিলিপি**—বি. প্যাঁচযুক্ত কুণ্ডলাকার মিষ্টি বিশেষ। [জিলিবী جلیبی হি.]।

**জিল্লত, জিল্লতী**—দ্র. **জেল্লৎ**।

**জিল্লা**—দ্র. **জেল্লা**।

**জিহাদ**—দ্র. **জেহাদ**।

**জ্বিহাদ, জ্বিহাদী**—দ্র. **জেহাদ**।

**জুজ**—বি. বইয়ের ফর্মা বা খণ্ড। [জুয্ جز আ.]। **জুজবন্দী**—১বি. বই বাঁধনের কাজ। ২বিণ. ফর্মা, ফর্মা সেলাই ক'রে বাঁধান। [—+বন্দ্ بند ফা.+ঈ]। **জুজদান**—বি. যে কাপড়ে গ্রন্থাদি জড়িয়ে রাখা হয় (মুলতবি আজ সাকি ও শরাব দীওয়ান-ই-হাফিজ জুজ্দানে—নজরুল)। [—+দান دان ফা.]।

**জুড়ি, জুড়ী**—১বি. সমান সমান দুটিতে জোট বা জোড় (জুড়ি বাঁধা)। ২বি. সমান দ্বিতীয় ব্যক্তি বা বস্তু (ইহার জুড়ি মেলা ভার)। ৩বি. দোসর, সাথী। ৪বি. দুই ঘোড়ায় টানা গাড়ি (জুড়ি হাঁকান)। ৫বি. যাত্রার গায়ক যুগল। ৬বি. সেতারের দুটি বিশেষ তার (জুড়ির তার)। ৭বিণ. যে গাড়ী দুই ঘোড়ায় টানে (জুড়ি গাড়ি)। ৮বিণ. সমকক্ষ (জুড়ি লোক)। [জোড়ী جوڑی হি.]। **জুড়িদার**—১বি. সহযোগী, সঙ্গী। ২বি. সমকক্ষ, সমতুল্য। [—দার دار ফা.]।

**জুতা/জুতো, জুতি, জুত**—১বি. চর্মপাদুকা, পায়ে পরার চর্মনির্মিত আবরণ (বলেই চালাল চটপট জুতি—নজরুল)। [জূতা جوتا, জূতী جوتی হি.]।

**জুদা**—বিণ. পৃথক, ভিন্ন, আলাদা। [জুদা جدا ফা.]। **জুদাই**—বি. বিরহ, বিচ্ছেদ, পার্থক্য। [জুদাঈ جدائ ফা.]।

**জুব্বা**—দ্র. **জোব্বা**।

**জুম**—১বি. অত্যাচার, জুলুম, জবরদস্তি (বিস্তর লস্কর সঙ্গে অতিশয় জুম—ভারত)। ২বি. স্পর্ধা। [যুল্ম্ ظلم আ.]।

**জুমলা**—বি. সমস্তটা, মোট, একুন। [জুম্লাহ্ جملة আ.]।

**জুম্মা, জুমা**—১বি. শুক্রবার দিন জোহরের সময় সম্মিলিত নামাজ। ২বি. শুক্রবার। (শুক্রবার আজ, বলে সবাই পবিত্র নাম জুম্মা যার— নজরুল)। [জুম্আ'. جمع আ.]। **জুম্মাবার, জুমাবার**—বি. শুক্রবার (আগামী জুম্মাবারে জয়নাল দ্বারা মহারাজের নামে খোৎবা পাঠ করাইব—মশাররফ)। **জুম্মা মস্জিদ, জুমা মস্জিদ**—১বি. যে বৃহৎ মসজিদে শুক্রবারের নামাজ ও খোৎবা পাঠ করা হয়। ২বি. দিল্লীর বিখ্যাত মসজিদ।

**জুলজেনা**—বি. দুলদুল অশ্বের উপাধি বিশেষ (তাহা দেখি হাসে মনে আলীর কুমার, জুলজেনা টিপিয়া যায় তাহার মাঝার—হেয়াত)। [যুল্জানাহ্ ذوالجناح আ.]।

**জুলপি**—দ্র. **জুল্ফ্**।

**জুল্ফ্, জুলফি, জুলপি**—১বি. কানের পাশ থেকে গালের কিছুদূর পর্যন্ত রাখা দাড়ি। ২বি. গণ্ডদেশের উপর এলিয়ে পড়া চুল, চূর্ণ-কুন্তল বা কানঝাপটা (কালো কস্তুরী জুল্ফি যে তার—মোহিত)। [যুল্ফ্ زلف ফা.]। **জুল্ফ্ওয়ালী**—বিণ. বি., স্ত্রী. চূর্ণকুন্তলের অধিকারিণী বা কোন ঝাঁপটা ধারিণী (শা'জাদী জুল্ফ্ওয়ালী— নজরুল)। [যুল্ফ্ওয়ালী زلف والی ফা. + উ.]।

**জুলফিকার, জুল্‌ফিকার, জুলফেকার, জুলফিকার** — বি. হযরত আলির তলোয়ার (নাহি সে হজরত আলী, জুল্‌ফিকার নাহি—নজরুল; জুলফেকার খাণ্ডা নিল কোমরে বাঁন্দিয়া—হেয়াত)। [যুলফক্কার ذوالفقار আ.]।

**জুলম**—দ্র. **জুলুম**।

**জুলমাত, জুলমাৎ, জুলমাত**—বি. অত্যাচার উৎপীড়ন-অবিচার ও তজ্জনিত অনিয়ম উচ্ছৃঙ্খলতা, (অন্ধকার দুনিয়াতে আজ জুলমাত ভারি— মোস্তফা)। [যুল্‌মত ظلمة আ.]।

**জুলাপ**—দ্র. **জোলাপ**।

**জুলুম, জুলম**—১বি. অত্যাচার, উৎপীড়ন (জালিমে জুলুম কৈলে করিব সবর—আলাওল)। ২বি. জবরদস্তি, জোরাজুরি (নিষেধ কোরানে বিধর্মী 'পরে করিতে কোনো জুলুম— নজরুল)। [যুল্‌ম্ ظلم আ.]। **জুলুম-জবর** — বিণ. জোর জবরদস্তি ও অত্যাচারে দক্ষ, প্রবল পরাক্রান্ত অত্যাচারী (কিংবা যেমন জমিদারের জুলুম— জবর আমলা নায়েব খল্—সত্যেন্দ্র)। [—যবর زبر আ.]। **জুলুমবাজ**—বিণ. অত্যাচারী, দুর্দান্ত। [—বায্ باز ফা.]। বি. **জুলুমবাজী**।

**জুলুস্**—দ্র. **জলুস**।

**জূলমাত**—দ্র. **জুলমাত**।

**জেওর, জেঅর**—বি. গহনা, অলংকার (কিকি জেওর আনিছরে দামাদ বিবির লাগিয়া—হারামণি)। ২বি. বেশভূষা বা সাজ পোশাক (সিপা'সালারের সকল জেওর খুলিয়া ফেলিলে তুমি—নজরুল)। [যেওর زیور ফা.]। **জেওরাত** — ব.ব. অলঙ্কারাদি, বেশভূষা।

**জেকের**—দ্র. **জিকির**।

**জেদ, জেদী**—দ্র. **জিদ**।

**জেনা, জিনা**—বি. আইনসংগত বিবাহ ব্যতীত নারীসঙ্গম, ব্যভিচার। [যিনা زنا আ.]। **জেনাকার**—বিণ. আইনসংগত বিবাহ ব্যতীত নারী সঙ্গমকারী, ব্যভিচারী। স্ত্রী ও পুং। **জেনাকারি, জেনাকারী**—১বি. ব্যভিচার, আইনসংগত বিবাহ ব্যতীত নারী সঙ্গম। (না করিব জেনাকারি কহিনু নিদান—গরীব)।

**জেনানা**—দ্র. **জানানা**।

**জেন্দ**—১বি. প্রাচীন পারস্যের ভাষা। ২বি. জরথুস্ত্র কৃত ধর্মশাস্ত্র আবেস্তার ভাষা (আবেস্তার কতগুলি অংশের ব্যাখ্যা ... জেন্দ ভাষায় লিখিত—আকরম)। **জেন্দাবেস্তা, জেন্দআবেস্তা**— বি. পারসীকদিগের ধর্মগ্রন্থ আবেস্তা ও তার ভাষ্য জেন্দ)।

**জেন্দা**—দ্র. **জিন্দা**।

**জেন্দাগানী**—দ্র. **জিন্দেগানি**।

**জেন্দাগি**—দ্র. **জিন্দিগি**।

**জেন্দেগি, জেন্দেগী**—দ্র. **জিন্দিগি**।

**জেন্দান**—দ্র. **জিন্দান**।

**জেব**—১বি. পকেট (জামার জেবেতে মাটি রাখিল যতনে— হেয়াত)। ২বি. টাকাপয়সা রাখার ছোট থলি। [জয়ব্ جيب আ.]।

**জেম্মা**—দ্র. **জিম্মা**।

**জেয়াদা, জিয়াদা**—১বিণ. বেশি, অধিক। ২বিণ. প্রচুর, ঢের, অপর্যাপ্ত (সহজ মেহনতে মিলে জেয়াদা মুজুরি—হামজা)। ৩ক্রি-বিণ. অত্যধিক, অতিরিক্ত, মাত্রাতিরিক্ত (এটা বড় জিয়াদা হইতেছে —বঙ্কিম)। [যিয়াদাহ্ زيادة আ.]।

**জেয়াফত, জেয়াফৎ, জিয়াফত**—বি. ভোজ বা ভোজের আহ্বান,. নিমন্ত্রণ, দাওয়াত (শুক্রবার আমাদের বাড়ীতে বড় জেয়াফত —ওহীদ)। [যিয়াফত ضيافة আ.]।

**জেয়ারত, জিয়ারত, যিয়ারত**—১বি. পুণ্যাত্মার কবর বা পুণ্যস্থান দর্শন ও প্রদক্ষিণাদি ( কাবার জিয়ারতে তুমি কে যাও মদিনায় —নজরুল; বায়তুল্লার যিয়ারত শেষ করিয়া চলিলেন মদিনায় —মুস্তাফিজ)। ২বি. ভক্তিভরে কবর দর্শন ও প্রার্থনা করা (মৃতের কবরে করিব জেয়ারত —আলাওল)। [যিয়ারত زيارة আ.]।

**জের**—১বিণ. নত, নীচু বা পরাভূত। ২বিণ. হীন, ক্ষীণ (জেরদস্ত)। ৩বি. পরাজয়, পরাভব। ৪বি. অনুবৃত্তি, রেশ। ৫বি. পূর্বহিসাবে সূত্র বা অনুবৃত্তি. ইজা। ৬বি. একার, ইকার। [যের زير ফা.]। বিণ. জবর। **জেরদস্ত**—বিণ. দুর্বল। বিপ. **জবরদস্ত**।

**জেরবার**—১বিণ. ক্ষত-বিক্ষত, বিপর্যস্ত বা পর্যুদস্ত (জোরওয়ার শের কই ? জেরবার জানোয়ার—নজরুল)। ২বিণ. হয়রান, হীনবল. নাকাল। ৩বিণ. ভারাক্রান্ত, পীড়িত, পীড়াজর্জর (জানখানা টেনে চিরদিন জেরবার —মোহিত)। [যের্‌বার্ زير بار ফা.]।

**জেরা**১—১বি. আদালতে যাচাইয়ের জন্য বিপক্ষের উকিলের কূটপ্রশ্নের ন্যায় প্রশ্নের পর প্রশ্ন। [জরহ্ جرح আ.]।

**জেরা**২—বি. বর্ম (জেরাকে ছেদিয়া তীর ঝোলে তার গায়—হামজা)। [যেরেহ্ زره ফা.]।

**জেরা**৩**, জারা, জার্‌রা**—১বিণ. অল্প কিছু, সামান্য, একটু, থোড়া, অণুপরিমাণ (আমি জেরা ফিরে আসি—টেকচাঁদ)। [যর্‌রঃ ذرّه আ.]।

**জেরাত**—দ্র. **জিরাত**।

**জেলদ**—দ্র. **জিল্‌দ**।

**জেলদ্‌গর**—দ্র. **জিলদ**।

**জেলা**—দ্র. **জিলা**।

**জেল্লৎ, জেল্লত, জিল্লত, জিল্লতি, জিল্লতী**—বি. অপমান, অসম্মান (জিল্লতির নেই ক' শেষ)। [যিল্লত্ ذلت আ.]।

**জেল্লা, জিল্লা**—১বি. ঔজ্জ্বল্য, খোলতাই। ২বি. চাকচিক্য, চটক (শাপলা ও অন্যান্য জলজ আগাছা আকাশ-রঙা পানির সঙ্গে জেল্লা দিচ্ছে—শওকত)। [জল্‌ওয়াহ্ঃ جلوه আ.]। **জেল্লাই** —বি. জলুস, জাঁকজমক, চাকচিক্য, চটক (দিল্লী আগ্রা সেকেন্দ্রার জেল্লাই—মুজতবা)। **জেল্লাদার** —বিণ. চকচকে। [—দার دار ফা.]।

**জেসম, জিছম**—বি. দেহ, শরীর (আমার জেসমের মধ্যে —মনসুর)। [জিস্‌ম্ جسم আ.]।

**জেহাদ, জিহাদ, জ্বিহাদ, জ্বেহাদ**—১বি. বিধর্মীদের বিরুদ্ধে মুসলমানদের ধর্মযুদ্ধ। ২বি. অসত্য ও অন্যায়ের বিরুদ্ধে সংগ্রাম, সত্য ও ন্যায় প্রতিষ্ঠার জন্য ধনপ্রাণ দিয়ে সর্বপ্রকার সংগ্রাম (এজিদের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করিয়া—মশাররফ)। [জিহাদ جهاد আ.] **জেহাদী, জিহাদী, জ্বিহাদী, জ্বেহাদী**—বিণ. ধর্মযুদ্ধ সম্পর্কীয়, অন্যায়ের বিরুদ্ধে যুদ্ধ বিষয়ক (জেহাদী আন্দোলন; মুক্ত মানুষের জ্বেহাদী কুঅতে—ফররুখ)।

**জেহেন**—১বি. মেধা, স্মরণশক্তি, মস্তিষ্ক (অর গো কি জেহেন আছে—ইমদাদ)। ২বি. প্রতিভা। [যিহ্ন্ ذهن আ.]।

**জৈতুন**—১বি. জলপাই। ২বি. জলপাই গাছ (জৈয়তুন-রাঙা রওগন নিয়ে হেরেমে প্রদীপ জ্বালিয়ে—নজরুল)। [যয়্তূন زيتون আ.]। **জেতুনি, জৈতুনী**—বিণ. জলপাই বা জৈতুন ফলজাত (ওকি জৈতুনি রওগন, ওরই পারে জলপাই বনে—নজরুল) [যয়্তূনী زيتونى আ.+ফা.]।

**জোত, জোৎ**—১বি. প্রজার চাষের জমি (আমার জোতের জমি হাল জরিপে কম হইয়াছে—টেকচাঁদ)। ২বি. কর্ষণযোগ্য ভূসম্পত্তি বিশিষ্ট। [যয়্'আত ضيعة আ.] **জোতদার**—বি. জমিদারের অধীনে কর্ষণযোগ্য ভূসম্পত্তির মালিক। [—+দার دار ফা.]

**জোবানবন্দী**—দ্র. জবান॰।

**জোব্বা, জুব্বা**—বি. লম্বা বুক-খোলা অঙ্গাবরণ বিশেষ যা অন্যান্য জামার উপর পরা হয় (সামান্য পরেই দেখা যায় কালো জোব্বা এবং পাগড়ি-পরা এক ব্যক্তি অশ্বপৃষ্ঠে—জাফর)। [জুব্বহ্ جبة আ.]।

**জোয়ান, যোয়ান**—১বি. যুবক, প্রাপ্তবয়স্ক লোক। ১বি. বলবান বা যৌবনের শক্তি সম্পন্ন ব্যক্তি (কে আছ জোয়ান হও আগুয়ান—নজরুল)। ৩বি. যুবা বয়স। ৪বিণ. বলিষ্ঠ (জোয়ান লোক)। [ জওয়ান جوان ফা.]। **জোয়ানকি**—১বি. যৌবন (জোয়ানকির বড়াই)। ২বিণ. তরুণ (এই জোয়ানকি বয়সে—ওদুদ)। **জোয়ানি, জোয়ানী** — বি. যৌবন (জোয়ানী সাবাস! সে কালো জহরের ছুরি— মোহিত)। [জওয়ানী جوانى ফা.]।

**জোয়ারদার**—বি. উপাধি বিশেষ। [জওয়ার جوار আ.= প্রতিবেশী দিগকে আশ্রয়দান + দার دار ফা. = কারী]।

**জোর**—১বি. ক্ষমতা, বল, শক্তি। ২বি. জবরদস্তি, বলপ্রয়োগ (জোর করিয়া নেওয়া)। ৩বি. উচ্চতা বা তীব্রতা (গলার জোর)। ৪বি. বলিষ্ঠতা, দৃঢ়তা (চরিত্রের জোর)। ৫বি. দাবী, অধিকার, স্বত্ব (চোরাই মালে কোন জোর নাই)। ৬ বিণ. তীব্র, উচ্চ, চড়া (জোর গলা)। ৭বিণ. কড়া, অনড় বা অনমনীয় (জোর হুকুম)। ৮বিণ. খাড়া, জরুরী (জোর তলব)। ৯বিণ. বিশেষ অনুকূল বা প্রত্যাশার অতিরিক্ত দক্ষিণা বা শুভ (জোর বরাত)। ১০ বিণ. ত্বরিত, দ্রুত (জোর কদম)। ১১ বিণ. প্রবল, বিশেষরূপে বলিষ্ঠ (জোর আন্দোলন)। [যোর্ زور ফা.]। **জোরওয়ার, জোরবার**— বিণ. বলশালী,

বলবান, বলদৃপ্ত (জোরওয়ার শের কই ? জেরবার জানোয়ার—নজরুল) [যোর্‌ওয়ার زوروار ফা.]। **জোরকলম**—বি. শক্তিশালী লেখা। **জোরজবরদস্তি—দস্তী, জোরজুলুম**—১বি. অত্যাচার, বলপ্রয়োগ (জোর জবরদস্তী করিয়া কুফল ব্যতীত কোনও সুফল হইবেনা—শিরাজী)। ২বি. নির্বন্ধ্যাতিশয্য। **জোরজবরী**— বি. অত্যাচার, বলপ্রয়োগ। **জোরজারি** — বি. বলপ্রয়োগ, জবরদস্তি। **জোর তলব**—বি. অবিলম্বে হাজির হওয়ার আদেশ। **জোরসে**—১ ক্রি-বি. সজোরে, তীব্রভাবে (একদম জোরসে ঠুসি'—নজরুল)। **জোরশোর** — বি. পূর্ণোদ্যম।

**জোরু**—দ্র. **জরু**।

**জোলা**—১বি. মুসলমান তাঁতী (তাসন করিয়া নাম ধরাইল জোলা—কবিকঙ্কণ)। ২বিণ. নির্বোধ, বেওকুফ (জোলা কোথাকার)। [জুলাহা جلاها হি..]।

**জোলাপ, জোলাব, জুলাপ**—বি. যে ওষুধে প্রচুর বাহ্য হয়, বিরেচক ওষুধ (ডাক্তারেরা জোলাপ দিয়া পেট পরিষ্কার করিলেন—বিদ্যা; বহুত জোলাব ও দাওয়াই দিয়ে বোখারকে দফা করে খেচ্‌রি খেলান—টেকচাঁদ)। [জুল্লাব جلاب আ.]।

**জোলায়খা, জোলেখা**—বি. আযীয মিসরের স্ত্রীর নাম। রোমান্টিক্ সাহিত্যে ইউসুফের প্রতি প্রেমাসক্তির জন্য প্রসিদ্ধ। [যুলায়খা زليخا আ.]।

**জোলেখা**—দ্র. **জোলায়খা**।

**জোশ, যোশ**—১বি. তাপ, উত্তপ্ততা (রক্তের নাই ভাই আর সে যে তাপ জোশ—নজরুল)। ২বি. বল, শক্তি (বুকেতে নাহিক জোশ, তেজ—নজরুল; দীন ইসলামের এ ক্যওমি যোশ জিন্দা হোক—নজরুল)। ৩বি. উত্তেজনা, উদ্দীপনা (ইসলামী জোশে পাগল পারা—ফররুখ; নাহি সে উমর খাত্তাব, নাই সে ইসলামী জোশ—নজরুল)। [জোশ جوش ফা.]।

**জোহর, যোহর**—১বি. দুপুরের পরবর্তী সময়, অপরাহ্ণ। ২বি. ঐ সময়ের নামাজ। (ঘুমাইয়া কাজা করেছি ফজর / তখনো জাগিনি যখন জোহর—নজরুল)। [যুহ্‌র্ ظهر আ.]।

**জোহরা১, যোহরা১**—বি. শুকতারা (জোহরা সেতারা উঠেছে কি পূবে? —নজরুল)। [যুহ্‌রাহ্ زهرة আ.]।

**জোহরা২, যোহরা২**—১বিণ. উজ্জ্বল গৌরবর্ণা। ২বিণ. নবীকন্যা হযরত ফাতিমা (রঃ)-এর উপাধি, ফাতিমা জোহরা, শুদ্ধ উচ্চারণ 'ফাতিমাতুয্ যহ্‌রা'। [যহ্‌রা زهراء আ.]।

**জো হুকুম**—১বি. অনুগত ভৃত্য। ২বিণ. যে নির্বিচারে আদেশ পালন করে। [জো جو হি. + হুকম্ حكم আ.]।

**জৌলুশ, জৌলুস, জৌলুষ**—দ্র. **জলুস**।

## [ঝ]

**ঝগড়া**—বি. বিবাদ, বিতণ্ডা। [ঝগ্‌ড়া جهگڑا হি.]।

**ঝরোকা, ঝরোখা**—১বি. ছোট জানালা, গবাক্ষ, বাতায়ন (উড়িছে অলক কার অলকার ঝরোকায়—নজরুল; চৌদ্দ

যুগের হাজার ঝরোখা খোলা—সত্যেন্দ্র)। ২বি. জাফরি কাটা বা জাল-দেওয়া জানালা। [ঝরোকা جهروكا হি.]।

**ঝাড়ু**—বি. ঝাঁটা, ছোটঝাড়ু। [ جهاڑو হি.]। **ঝাড়ুবরদার, ঝাড়ুবর্দর**—বি. ঝাঁটা বহনকারী, ময়লা পরিষ্কারকারী (মসজিদেরই ঝাড়ুবর্দার হোক আমার এ হাত — নজরুল)। [— + বর্‌দার بردار ফা.]।

**ঝাণ্ডা**—বি. পতাকা, নিশান (আরবদেশের ঝাণ্ডা যেন মুন্সী সাহেব চলছে টানি—জসীম)। [ঝণ্ডা جهنڈا হি.]।

**ঝামেলা**—১বি. ঝঞ্ঝাট, ঝক্কি, ফ্যাসাদ। ২বি. ঝগড়া, বিবাদ, হাঙ্গামা। [ঝমেলা جهميلا হি.]।

**ঝুট**—বিণ. মিথ্যা। [ঝূঠ্ جهوٹهه হি.]। **ঝুট মুট**—ক্রি. মিছামিছি। [— + মূঠ্ موٹهه হি.]।

**ঝুটা**—বিণ. মিথ্যাবাদী, মিথ্যুক। [ঝূটা جهوٹا হি.]।

**ঝুলনা**—বি. দোলনা। [ جهولنا হি.]।

**ঝুলি**—বি. থলে। [ঝোলি جهولى হি.]

**ঝোলা**—বি. থলে, ব্যাগ। [ঝোলা جهولا হি.]।

## [ট]

**টপ্পা**—১বি. সংগীতের প্রকার ভেদ বিশেষ। ২বি. প্রণয় সংগীত, আদিরসের জ্ঞান বিশেষ। [টপ্পা ٹپّا হি.]।

**টরকান/টরকানো**—ক্রি. লাফ দেয়া, বেগে গমন করা, যাওয়া (টরকিয়া যায় ময়নামতী গরদানত ধরিল—মা. গা.)। [টর্‌কানা ٹرکانا উ.]।

**টহল**—১বি. পদচারণা, পর্যটন, ঘোরাফেরা। ২বি. প্রহরার জন্য পদচারণ (সৈনিক টহল দিয়ে বেড়াচ্ছে—মুনীর)। [টহল ٹهل উ.]। **টহলদার**—বি. যে ব্যক্তি টহল দেয়, চৌকিদার, প্রহরী। **টহলদারী**—১বি. পায়চারি, পর্যটন। ২বি. খবরদারী করণ।

**টাঙা, টাংগা, টাঙ্গা, টোঙ্গা, টোংগা**—বি. টাট্টু-ঘোড়া বাহিত দ্বিচক্রযান (ভাগের মা গঙ্গা পায়না কিন্তু ভাগের টাংগা গন্তব্য অবধি গিয়ে পৌঁছোয়—যাযাবর)। [টাংগা ٹانگا হি.]।

**টাঙ্গ**—দ্র. টাংগ।

**টাঙ্গা**—দ্র. টাঙা।

**টাটি, টাটী, টাট্টী**—১বি. পায়খানা, মলত্যাগের স্থান। ২বি. বাহ্য (টাট্টি যাওয়া; টাট্টি ফেরা)। [টট্টী ٹٹّى হি.]।

**টাটু, টাট্টু**—বি. ক্ষুদ্রকায় অশ্ব বিশেষ, ছোট ঘোড়া, pony। [টট্টু ٹٹّو হি.]।

**টাংগ, টাঙ্গ**—বি. পা. চরণ। [টাংগ্ ٹانگ হি.]।

**টাংগা**—দ্র. টাঙা।

**টিকসই**—দ্র. **টেকসই**।

**টিকা, টীকা/ টিকে**—বি. তামাক জ্বালাবার জন্য কয়লা বা ছাই দিয়ে তৈরী বিশেষ। [টিক্‌য়া ٹكيا হি.]।

**টুঁটি**—বি. কণ্ঠনালী বা কণ্ঠ বা গলদেশ। [টোঁটী ٹونٹی হি.]।

**টুক্‌রি, টুক্‌রী**—বি. ছোট ঝুড়ি। [টোক্‌রী ٹوکری হি.]।

**টুটা, টুটো**—বিণ. ভগ্ন, চূর্ণ (ইরাকের টুটা তখ্‌ত্‌—নজরুল; টুটা-ফাটা জামাখানি প'রে—ফররুখ)। [ ٹوٹا হি.]।

**টুপি, টুপী**— বি. মস্তকাবরণ। [টোপী ٹوپی হি.]।

**টুলি**—পল্লি. পাড়া (সিক্কা টুলি, মোগলটুলি)। [টোলি ٹولی হি.]।

**টেকসই, টেঁকসই, টিকসই**—বিণ. মজবুত, পোক্ত, দীর্ঘস্থায়ী। [টেক্ বাং. + সহীহ্ صحیح আ.]।

**টোঙ্গা**—দ্র. টাঙা।

**টোড়ি**—বি. সংগীতের রাগিণী বিশেষ (টোরী রাগিণীতে গান ধরেছিল, সংগীত-সম্রাট্ ঝিম্ ধরে গেল বায়ু মণ্ডল, নীলাকাশ সুবিরাট—মোস্তফা)। [টোড়ী ٹوڑی হি.]।

**টোনা**—বি. বশীকরণের মন্ত্র. তন্ত্রমন্ত্র, তুক, যাদু, গুণ। [টোনা ٹونا হি.]।

**টোল**—বি. চতুষ্পাঠী, সংস্কৃত পাঠশালা (টোলের পণ্ডিত, মাথায় বিরাট উদ্ধত টিকি, পান-রঞ্জিত মুখ : তা সত্ত্বেও মুখ খানা ত্যক্ত-বিরক্ত, ক্রুদ্ধ—সামনেই টেবিলে রাখা যেন তাঁর হাতের ইশারার অপেক্ষায় আছে— প্র.না.বি.)। [টোল ٹول উ., হি.]।

**টোলা**—বি. পাড়া, পল্লী, বসতি (বাঙালী টোলা, আর্মানীটোলা, কলুটোলা) (কলুটোলার ঠুলি-পরা বলদ পেয়েছো আমাকে ?—মনোজ)। [টোলা ٹولا উ.]।

**টোংগা**—দ্র. **টাঙা**।

## [ঠ]

**ঠক্কর**—দ্র. **ঠোকর**।

**ঠমক**—১বি. সুন্দর চলন ভঙ্গিমা। ২বি. ঠাট। ৩বি. নাচের ভঙ্গি। [ঠুমক ٹھمك হি.]।

**ঠাণ্ডা**—বিণ. শীতল, স্নিগ্ধ, শান্ত। [ঠণ্ডা ٹھنڈا হি.]।

**ঠিকা**—বি. চুক্তি অনুসারে কাজ। [ঠিকাহ্ ٹھیکه হি.]। **ঠিকাদার**—বি. যে চুক্তি অনুসারে কাজ করে, কন্ট্রাক্টর। [—+দার دار ফা.]। বি. **ঠিকাদারি**।

**ঠিকানা**— বি. বাসস্থান;, সন্ধান, খোঁজ, উদ্দেশ, স্থিরতা, ঠিক। [ঠিকানা ٹھکانا হি.]।

**ঠুমরি, ঠুংরি**—বি. সংগীতের তাল বা রাগিণী বিশেষ। [ঠুম্‌রী ٹھمری উ.]।

**ঠুসা, ঠোসা**—ক্রি. ঠাসা, অত্যধিক আহার করা, প্রহার করা, তিরস্কার করা। [ঠুস্‌না ٹھوسنا উ.]।

**ঠেস**—১বি. কোনো কিছুতে হেলান দিয়ে বসা। ২বি. খোঁটা, নিন্দা। (ঠেস মারা কথা)। [ ٹھیس হি.]।

**ঠোকর, ঠোক্কর, ঠক্কর**—হোঁচট, হুমড়ি। [ঠোকর ٹھوکر হি.]।

**ঠোক্কর**—দ্র. ঠোকর।

**ঠোসা**—দ্র. ঠুসা।

## [ড]

**ডঙ্কা**—বি. ঢাক, ঢোল (বাজা রে ডঙ্কা বাজা—নজরুল)। [ ڈنکا হি.]।

**ডর**—বি. ভয়, শঙ্কা (... দেখলে জুজু আঁৎকে না-হক ডরে— সত্যেন্দ্র)। [ডর্ ڈر হি. উ.]।

**ডাকু**—বি. দস্যু, ডাকাত।. [ ڈاکو হি.]।

**ডাটনা**—১বি. তিরস্কার (ডাকাইত রতিপতি ডাটনা করিয়া—বাহরাম)। ২ক্রি. তিরস্কার করা। [ডাঁটনা ڈانٹنا হি./উ.]।

**ডাণ্ডা**—বি. মোটা লাঠি বা দণ্ড। [ডণ্ডা ڈنڈا হি.]।

**ডালপুরি**—বি. ভিতরে ডালযুক্তপুরি। [দালপুরী دال پوری হি.]।

**ডিবা, ডিবিয়া/ডিবে**—বি. ঢাকনিযুক্ত ছোট পাত্র, পানের বাটা; কৌটা। [ডিব্বা ڈبا ডিব্বী ڈبی হি.]।

**ডিহি**—বি. কতিপয় গ্রাম বা মৌজার সমষ্টি, গ্রাম। [ডীহ্ ڈیہہ হি.]। **ডিহিদার**—বি. ডিহির শাসনকর্তা (ডিহিদার মামুদ শরীপ—চণ্ডী)। [—+ دار ফা.]।

**ডুলি, ডুলী, ডোলি, ডোলী**—বি. ছোট পাল্কী জাতীয় যান বিশেষ, ছোট শিবিকা, দোলা (গর্মির রোদে শ্রান্ত বেহারা নামায়ে সোয়ারি ডুলি — বন্দে)। [ডোলী ڈولی হি.]।

**ডেক, ডেগ**—বি. ধাতু নির্মিত বড় রন্ধনপাত্র বিশেষ। [ দেগ্ دیگ ফা.]। **ডেক্‌চি, ডেক্‌চী, ডেগ্‌চি, ডেগ্‌চী**—বি. ছোট ডেক (প্রকাণ্ড ডেগ্‌চিতে গোস্ত পাকান হইল)। [ دیگچی ফা.]।

**ডেরা**—বি. অস্থায়ী বাসা, আস্তানা, আড্ডা। [ডেরাহ্ ڈیرہ হি.]।

**ডোঙা, ডোঙ্গা**—১বি. ছোট, সরু নৌকা বিশেষ, শালতি, তালগাছের গুঁড়ি দিয়ে তৈরী ছোট নৌকা বিশেষ। ২বি. জল তোলার পাত্র। [ডোংগা ڈونگا হি.]।

## [ঢ]

**ঢিলা, ঢিলে**—১বিণ. শিথিল, আল্‌গা। ২বিণ. অলস, কুঁড়ে। ৩বি. শিথিলতা। [ঢীল ڈھیل ঢীলা ڈھیلا হি.]।

**ঢের**—বিণ. প্রচুর, বেশি, অনেক, দেদার, যথেষ্ট (আনে বটে ঢের কড়ি নিজ রোজগারে—হেম)। [ঢের ڈھیر হি.]।

**ঢেলা, ঢ্যালা**—বি. ডেলা, মাটির ছোট খণ্ড, লোষ্ট্র। [ ڈھیلا হি.]।

**ঢ্যালা**—দ্র. ঢেলা।

## [ত]

**তউরেত**—দ্র. তওরাত।

**তওবা/তোবা, তুবা, তৌবা**—১বি. পুনরায় পাপকার্য না করার সংকল্প (সত্যভাবে তওবা কর দঢ়াইয়া মন—আলাওল)। ২বি. ধর্মপথে বা সৎ পথে প্রত্যাবর্তন।

৩বি. পশ্চাত্তাপ, সন্তাপ, অনুতাপ, খেদ। [তওবহ্ توبه আ.]।

**তওয়াক্কা/তোয়াক্কা, তুয়াক্কা, তক্কা**—১বি. পরোয়া (পুলিশী জুলুমের তোয়াক্কা না করিয়া নিজেদের মনোবলের যথেষ্ট পরিচয় দিয়াছে—ওয়ালি)। ২বি. প্রত্যাশা (আলেমগণ আল্লাহ্‌র প্রতি তওয়াক্কা রাখিয়া সব কাজ করিয়া থাকেন)। [তওয়াক্কু' توقع আ.]।

**তওয়াক্কল, তাওক্কাল, তাওয়াক্‌কুল**—বি. নির্ভরতা, ভরসা, আস্থা (খোদার উপর তওয়াক্কল রাখলে নিশ্চয়ই জুটবে—ইমদাদ; আল্লার উপর তাওক্কাল না করে নিজের জোরে বড়াই করার সাজা—ওয়াসেক)। [তয়াক্‌কুল توكل আ.]।

**তওয়ারিখ, তায়ারিখ**—বি. ইতিহাস। [তওয়ারীখ্ تواريخ তারীখ-এর ব.ব. আ.]।

**তওরাত, তৌরাত, তউরেত**—বি. হযরত মুসার উপর অবতীর্ণ ধর্ম গ্রন্থ (তওরাত, ইঞ্জিল ভরি' শুনিল যার আগমনী—নজরুল)। [তওরেত্ توريت আ.]।

**তওহীদ, তৌহিদ, তৌহীদ**—বি. একেশ্বরবাদ, সমগ্র বিশ্বের স্রষ্টা ও নিয়ন্তা যে বহুজন নন, একজন— এই মত; সারে জাহানের স্রষ্টা ও প্রতিপালক এক আল্লাহ্ ব্যতীত অন্য কোন উপাস্য নেই —এই মত। [তওহীদ توحيد আ.]। **তওহীদবাদ, তৌহিদবাদ, তৌহীদবাদ**— বি. একক আল্লাহ্ ভিন্ন উপাস্য নেই-এই মতবাদ, ইসলামের মূল শিক্ষা (তৌহিদবাদ ফুটে উঠেছে সামগ্রিক জীবন ধারায়— কা. দী. মু.)। [ — আ.+বাদ]।

**তঙ্গ**—দ্র. **তংগ**।

**তংখা**—দ্র. **তনকা**।

**তংগ/তং, তঙ্গ**—১বিণ. বিরক্ত (আত্মীয় স্বজনদের মামেলায় আরো ঝামেলা জড়িয়ে সবাইকে খামকা বেফায়দা তঙ্গ করবে ?—মুজতবা)। ২বিণ. সঙ্কীর্ণ। [তঙ্ تنگ ফা.] **তংগদস্তি, তঙ্গদস্তী**—বি. অসচ্ছলতা (মুসলমানদের যে আজ তঙ্গদস্তি দূর হইতেছে না—মনসুর)। [তঙ্গ-দস্তী تنگدستی ফা.]।

**তক**—দ্র. **তক্**।

**তকছির**—দ্র. **তকসির**।

**তকদির, তক্‌দির, তকদীর**—বি. ভাগ্য, অদৃষ্ট, কপাল, নসীব (তক্‌দীর বদ্‌লেছে আজ উঠিছে তক্‌বীর তারি—নজরুল)। [তক্‌দীর تقدير আ.]।

**তক্‌ফীন**— বি. কাফন পরান। [তক্‌ফীন تكفين আ.]।

**তকবির, তকবীর**—১বি. 'আল্লাহু আকবর' এই ধ্বনি (উঠিল প্রথম তকবীর "আল্লাহু আকবর" ধ্বনি—নজরুল; ঐ আকাশেই তকবির ওঠে-মহা আজানের ধ্বনি—নজরুল)। ২বি. আল্লাহ্‌র মাহাত্ম্য ঘোষণা। ৩বি. ধ্বনি, আওয়াজ, শোর (আরফাত-ময়দান হতে তারি তক্‌বীর শোনা যায়— নজরুল) তক্‌বীর্ تكبير আ.]।

**তকব্বরি, তকাব্বরী, তাকাব্বরি, তাকাব্বরী, তাকাব্বুরি**—১বি. অহংকার, গর্ব, দেমাগ (দুই চার রোজ করি তকব্বরি তুমি—হামজা)। ২বি. অহংকারী, দাম্ভিক (এয়ছা তকব্বরি বাত— হামজা)। [তকব্বুর تکبّر আ.]।

**তকমা, তক্‌মা-তাবিজ**—দ্র. **তমগা**।

**তকমিনা**—১বি. যে কাগজে খাস-খামার জাত ফসল প্রভৃতির হিসাব রাখা হয়। ২বি. খসড়া হিসাব, আন্দায। [তখ্‌মীনাহ্ تخمینه আ.]।

**তকরার**—১বি. তর্ক, এক কথা বার বার ঝগড়ার ভাবে বলা, পুনরাবৃত্তি, বাদানুবাদ, বাক কলহ, বচসা (দুই উকিল আবার একসঙ্গে তকরার জুড়লে যুক্তি বিসর্জন দিয়ে—শওকত)। ২বি. বিচার। [তক্‌রার تکرار আ.]। **তকরারী**—১বিণ. যে তর্ক করে, ঝগড়াটে। ২বিণ. মীমাংসাধীন, বিচার সাপেক্ষ। [— + ঈ বাং]।

**তকরীর**—বি. বক্তৃতা, ভাষণ, আলোচনা। [তক্বরীর تقریر আ.]।

**তকলিদ, তকলীদ**—বি. ধর্ম বিষয়ে রক্ষণশীল. অন্ধ অনুকরণ, বিনা বিচারে বিশ্বাস ও অনুসরণ। [তক্বলীদ تقلید আ.]।

**তকলিফ, তকলীফ**—বি. কষ্ট, দুর্ভোগ (একটু তকলিফ হইল—মনসুর)। [তক্‌লীফ্ تکلیف আ.]।

**তকলীদ**—দ্র. **তকলিদ**।

**তকল্লুফ**—বি. ভদ্রতা, আনুষ্ঠানিক বিনয়, etiquette. [তকল্লুফ تکلف আ.]।

**তক্‌, তক**—অব্য. অবধি, পর্যন্ত (লালকিল্লা থেকে হুমায়ুনের সমাধি তক—ছদরুদ্দীন)। [ تک হি.]।

**তক্‌সিম**—১বি. মোগল আমলে বিভাগ বা division অর্থে প্রচলিত ছিল (মুল্লুক ফতেয়াবাদ বাঙ্গরোড়া তকসিম—বিজয়)। ২বি. ভাগ, বাঁটোয়ারা, বন্টন, অংশ [তক্বসীম্ تقسیم আ.]।

**তকসির, তকসীর, তকছির**—বি. দোষ, ত্রুটি, অপরাধ, ভুল (কাকুতিতে বলিল আমার কি তকসির— রামরাম)। [তক্বসীর تقصیر আ.]।

**তকাজা**—দ্র. **তাগাদা**।

**তকাবী**—দ্র. **তগাবি**।

**তকাব্বরী**—দ্র. **তকব্বরি**।

**তক্কা**—দ্র. **তওয়াক্কা**।

**তক্কে তক্কে, তাকে তাকে, টকে টকে, টগেটগে**—১ক্রি. বিণ. সতর্কভাবে, সাবধানে। ২বি. ক্রি. বিণ. প্রতীক্ষায়, সুযোগের জন্যে ওৎ পেতে থাকা (তক্কে তক্কে ছিলাম, আজকে হাতে হাতে ধরে ফেলেছি — মনোজ)। [তওয়াক্‌কুল توکّل আ.]।

**তক্ত**—দ্র. **তখ্‌ত**।

**তক্তপোশ, তক্তাপোশ, তক্তপোষ, তক্তাপোষ**—বি. তক্তা বা কাঠের শয্যাধার, চৌকি (তন্দ্রাবশে তক্তপোশে প্রচণ্ড পণ্ডিত চিৎ— সত্যেন্দ্র)। [তখ্‌তহ্‌পোশ تخته پوش ফা.]।

**তক্তা**—১বি. কাষ্ঠফলক, কাষ্ঠখণ্ড (আনিল অলিদ ভগ্ন পোতের তক্তা সকল কিনে—নজরুল)। ২বি. কাগজের তা (তক্তা

তক্তা কাগজ লিখে ফেলা)। [তখ্‌তহ্ تخته ফা.]।

**তক্তাপোশ, তক্তাপোষ**—দ্র. **তক্তপোশ**।

**তক্তি**—১বি. ছোট তক্তা। ২বি. ছেলে মেয়েদের লেখার কাঠের ফলক, কাঠের শ্লেট। ৩বি. চতুষ্কোণ বিশিষ্ট তক্তার আকারে প্রস্তুত এক প্রকার মিষ্টান্ন। ৪বি. ছোট ছেলে মেয়েদের একপ্রকার কাষ্ঠাভরণ [তখ্‌তী تختى ফা.]।

**তখত, তখৎ, তক্ত**— ১বি. রাজসিংহাসন (পুণ্য তখ্‌তে বসিয়া যে করে তখ্‌তের অপমান — নজরুল; পদতলে ছিল যার দিল্লীর তক্ত— সত্যেন্দ্র)। ২বি. কাষ্ঠফলক। [তখ্‌ত تخت ফা.]। **তখ্‌ততাউস্‌, তখতাউস্‌**— বি. ময়ূর সিংহাসন (নাহি বাদশাহী তখ্‌ত তাউস্‌— নজরুল; এক তিল বরাবর তখ্‌তাউস্‌ — নজরুল)। [ تخت طاؤس ফা.]। **তখ্‌তনশীন**— বিণ. সিংহাসনারূঢ়, সিংহাসনে অধিষ্ঠিত (কিন্তু বাচ্চার মত ডাকাত তখন তখ্‌ত্‌ নশীন হতে পারে—মুজতবা)। [তখ্‌ত্‌নশীন تخت نشين ফা.]। **তখ্‌ত্‌রওয়ান**—বি. বিবাহ ইত্যাদি শোভাযাত্রায় ব্যবহৃত লোকবাহী যান বিশেষ। [তখ্‌ত্‌রওয়াঁ تخت رواں ফা.]।

**তখ্‌মা**—দ্র. **তমগা**।

**ত-খরচ**—দ্র. **তহ্‌**।

**তখল্লুস, তাখাল্লুস**—বি. কবির সাহিত্যিক উপনাম, ভণিতা (কায়কোবাদ তাঁর তখল্লুস বা সাহিত্যিক ছদ্মনাম— মুর্তজা; তাখাল্লুসের ব্যবহার বৌদ্ধগানের ভণিতারই অনুকরণ—মু. শ.)। [তখল্লুস تخلّص আ.]।

**তগল্লব**—১বি. প্রতারণা, প্রবঞ্চনা, বিশ্বাস-ঘাতকতা। ২বি. তহবিল তছরুফ। ৩বি. জাল। [তগল্লুব تغلّب আ.]।

**তগাবি, তকাবি, তকাবী, তাকাবি, তাকাবী**— বি. জমির নানাবিধ উন্নতি করার জন্য সরকার পক্ষ হতে প্রজাকে দেয় ঋণ, দাদন। [তক্বাবী تقاوى আ.]।

**তগির, তগীর**—১বি. পরিবর্তন, বদল। ২বি. বরখাস্ত (এ নবাবকে তগির করিয়া অন্য এক নবাব না আনিলে এ রাজ্যের কল্যাণ নেই—রাজীব। [তগইয়ুর تغيّر আ.]।

**তঙ্কা**—দ্র. **তনকা**।

**তঙ্গ**—বি. অপ্রশস্ত, সংকীর্ণ, আঁটসাট। [ تنگ ফা.]। **তঙ্গদস্তি**— বি. দারিদ্র্য, অভাব। [ تنگ دستى ফা.]।

**তচনচ**—দ্র. **তছনছ**।

**তছনছ, তচনচ, তসনস**—সম্পূর্ণরূপে বিধ্বস্ত, বিনষ্ট, বিপর্যস্ত, নাস্তানাবুদ, চুরমার (জয় করি সব তসনস করি পায়ে পিষে—নজরুল]। [তহস্‌ تحس +নহস্‌ نحس আ.]।

**তছনীফ**—দ্র. **তস্‌নীফ**।

**তছবি, তছবিহ্‌, তছবী**—দ্র. **তসবি**।

**তছরুপ, তছরুফ, তসরুপ, তসরুফ**—১বি. ক্ষতি, নষ্ট, অপচয়। ২বি. অপব্যবহার, চুরি (একদল কেরানীকে তহবিল তসরুপের দায়ে সন্দেহ করা হইয়াছিল—রাজ্জাক)। [তসর্‌রুফ تصرّف আ.]।

**তজকিরা**—বি. বর্ণনা, উল্লেখ, আলোচনা, স্মারকলিপি, জীবনীগ্রন্থ (তজকিরা পড়িয়া কহে সভাকে বুঝিয়া— হেয়াত)। [তয্‌কিরহ্‌ تذكره আ.]।

**তজদি**—দ্র. **তজদিগ**।

**তজদিগ, তযদিক, তজদি, তস্‌দিক, তসদীক**—বি. সাক্ষ্য, প্রমাণ, সত্যাসত্য পরীক্ষা (এ ব্যাপারে আমি আপনের নিজের তসদিক চাই—মনসুর)। [তস্‌দীক্ব تصديق আ.]।

**তজবিজ, তজবীয**—১বি. বিচার (বেলাকিয়র, সাহেব ম্যাজিস্ট্রেট তাঁহাকে তজবিজ করিতে হইবে—টেকচাঁদ)। ২বি. পরীক্ষা (তিন দফা দেখা গেল ভাবসাব তজবিজ করে আসল হা-ঘরে—অবনীন্দ্র)। ৩বি. অনুসন্ধান, খোঁজ, তল্লাশ। ৪বি. অনুমোদন, approbation। ৫বি. ব্যবস্থা (মিলিটারী ডাক্তার ডেকে জোর তজবীয করতে হল—ইব্রাহিম)। [তজ্‌বীয্‌ تجويز আ.]।

**তজল্লা, তজল্লি**—দ্র. **তজল্লী**।

**তজল্লী, তজল্লি, তাজাল্লী, তজল্লা**—বি. ঔজ্জ্বল্য, আলো, জ্যোতি (নূরের তাজাল্লি যেথা যে অনন্ত জাগায় বিস্ময়—ফররুখ; নুরের তজল্লা উঠে—হামজা)। [তজল্লী تجلى আ.]।

**তঞ্জেব**—বি. অত্যন্ত সূক্ষ্ম ও সুশোভন বস্ত্র বিশেষ (পুষ্পগন্ধবাহী সমীরণ প্রাসাদের মুক্ত কক্ষের ভিতর দিয়া ফুরফর করিয়া সূক্ষ্ম তঞ্জেবের পর্দা উড়াইয়া প্রবাহিত হইয়া যাইতেছে—শিরাজী)। [তন্‌যেব تنزيب ফা.]।

**তদবির, তদ্‌বির, তদ্‌বীর, তদ্বির**—১বি. চেষ্টাচরিত্র, উপায়, ব্যবস্থা (আমি নিজেই খালাসের তদবিরে যাইতেছি—টেকচাঁদ)। ২বি. প্রতিকার। ৩বি. যোগাড়যন্ত্র, তত্ত্বাবধান। [তদ্‌বীর تدبير আ.]।

**তদারক**—১বি. তদন্ত, অনুসন্ধান (আমার প্রতি যেরূপ তদারক করিয়াছিলেন তাহাতে আমার পরকালের দফা একেবারে খাইয়া দিয়াছেন—টেকচাঁদ)। ২বি. তত্ত্বাবধান, খবরদারি (এখন থেকে তিনি ছেলে-মেয়ের চিঠিপত্রও তদারক করতে শুরু করলেন—ফজল)। তদারুক تدارك আ.]। **তদারকি**—বি. তদারক, খবরদারি (আবদুর রহমান আগুনের তদারকিতে বসল—মুজতবা)।

**তন**—বি. দেহ, শরীর, অঙ্গ (জান নেকালিয়া গেল খালি তন রৈল—হামজা)। [তন্ تن ফা.]।

**তনকা, তন্‌খা, তংখা, তঙ্কা**—১বি. মুদ্রা, টাকা (তাহার বার্ষিক খাজনা মবলগ প্রাপ্য ৭৩ তন্‌খা—গোপাল)। ২বি. বেতন (নূতন বাদশা আমানুল্লাহ্ সেপাইদের তনখা অত্যন্ত কম বলে ... ডবল করে দিলেন—মুজতবা)। [তন্‌খ্বাহ্ تنخواه ফা.]।

**তনজিহি**—বি. পবিত্র, সর্বপ্রকার অপবিত্রতা হতে ঊর্ধ্বে এমন ('তশবিহি' রূপ এই যদি তাঁর 'তন্‌জিহি' কিবা হয়—নজরুল)। [তন্‌যীহ্ تنزيه আ.]।

**তনযিম, তনযীম**—বি. সংগঠন, শৃঙ্খলা, মালা গাঁথা (তনযিম কমিটি গঠন করিতেছে—মনসুর)। [তন্‌যীম تنظيم আ.]।

*(চলবে)*